প্রায়শ্চিত্ততত্ত্বম্ ।

স্মার্ত্ত-শ্রীরঘুনন্দন-ভট্টাচার্য্য-প্রণীতম্ ।

মহামহোপাধ্যায়-শ্রীরাধামোহন-গোস্বামি-ভট্টাচার্য্য-
বিরচিতয়া টীকয়া সহিতম্ ।

ভট্টপল্লীবাস্তব্য-নানাশাস্ত্রাধ্যাপক-

পণ্ডিতপ্রবর-হৃষীকেশ-শাস্ত্রিণা

বঙ্গভাষয়ানূদিতং সম্পাদিতঞ্চ ।

দ্বিতীয় সংস্করণ ।

কলিকাতা,
৬ ভবানী দত্ত লেন, "বঙ্গবাসী-ইলেকট্রো-মেসিন"-যন্ত্রে
শ্রীনটবর চক্রবর্ত্তী দ্বারা
মুদ্রিত ও প্রকাশিত ।

সন ১৩৩৫ সাল ।

মূল্য ১৸০ সাতসিকা ।

ভূমিকা।

মহামহোপাধ্যায় রঘুনন্দনের স্মৃতিতত্ত্বগুলি বঙ্গানুবাদের সহিত প্রকাশ করিতে আরম্ভ করিয়া আমরা যথাক্রমে উদ্বাহতত্ত্ব, তিথিতত্ত্ব, শুদ্ধিতত্ত্ব এবং শ্রাদ্ধতত্ত্ব এই চারিখানি গ্রন্থ মূল, কাশীরাম বাচস্পতির টীকা এবং বঙ্গানুবাদের সহিত প্রকাশ করিয়া অদ্য প্রায়শ্চিত্ততত্ত্ব-গ্রন্থখানিও সেই রীতিতে প্রকাশ করিলাম। প্রায়শ্চিত্ততত্ত্বখানি যদিও পূর্ব্বপ্রকাশিত চারিখানি গ্রন্থের ন্যায় মূল, টীকা ও বঙ্গানুবাদের সহিত প্রকাশ করা হইয়াছে বটে, কিন্তু ইহার টীকা সম্বন্ধে একটু বিশেষ বক্তব্য এই যে, ইহাতে কাশীরাম বাচস্পতির টীকার পরিবর্ত্তে রাধামোহন গোস্বামী ভট্টাচার্য্য-কৃত টীকার সন্নিবেশ করা হইয়াছে। কারণ আমরা বহু অন্বেষণ করিয়াও কাশীরামের টীকার যোগাযোগ করিতে পারি নাই। আসিয়াটিক সোসাইটীর পুস্তকালয়ে, কলিকাতা রাজকীয় সংস্কৃত পাঠশালার পুস্তকালয়ে, নবদ্বীপ, ভাটপাড়া প্রভৃতি সমাজস্থ পণ্ডিতমণ্ডলীর পুস্তকালয়ে, পরিশেষে কাশীরামের নিবাসভূমি বিষ্ণুপুরের পণ্ডিত মহাশয়দিগের পুস্তকালয়ে তন্ন তন্ন করিয়া অনুসন্ধান করিয়া এবং এক এক করিয়া বঙ্গদেশের বর্ত্তমান প্রসিদ্ধ স্মার্ত্ত পণ্ডিতগণের নিকট জিজ্ঞাসা করিয়া, প্রায়শ্চিত্ততত্ত্বের উপর কাশীরাম বাচস্পতি-কৃত টীকার সম্পূর্ণ অস্তিত্বাভাব জ্ঞাত হইয়াই আমরা অগত্যা রাধামোহন গোস্বামি-কৃত টীকার সহিত প্রায়শ্চিত্ততত্ত্বখানি প্রকাশ করিতে বাধ্য হইয়াছি। কাশীরামের টীকায় মূল স্মার্ত্তগ্রন্থ যাদৃশ বিশদভাবে ব্যাখ্যাত হইয়াছে, গোস্বামীর টীকায় তাদৃশভাবে মূলের ব্যাখ্যা না করা হইলেও ইহাতে অনেকস্থলে দার্শনিক রীতিতে বিচার করা হইয়াছে; সুতরাং সে সকল স্থলে "বাঁশের চেয়ে কঞ্চি শক্তের ন্যায়" মূল অপেক্ষা টীকার জটিলতা অধিক পরিমাণে যেন বৃদ্ধি পাইয়াছে বলিয়া আপাততঃ বোধ হইলেও গোস্বামীর টীকা সুধী পাঠকবর্গের নিকট একেবারে অনাদরের বস্তু হইবে না; বিশেষতঃ স্থলবিশেষে উহাতে নানা প্রাচীন গ্রন্থ হইতে এত বিস্তৃতভাবে প্রমাণ উদ্ধৃত করা হইয়াছে যে, তাহা ছাত্রাবস্থায় সকলের পক্ষে জ্ঞাত হওয়াই বিশেষ প্রয়োজন। এই জন্য গোস্বামীর টীকা কি ছাত্র কি পণ্ডিত সকলেরই সমভাবেই যে আদরের বস্তু হইবে, এরূপ আশা করাও অসঙ্গত নহে; তবে

সাধারণতঃ গোস্বামীর টীকা অপেক্ষা কাশীরামের টীকার উপর ছাত্রদিগের বিশেষ একটু পক্ষপাত দৃষ্ট হয় বলিয়াই এ যাবৎ কাশীরামের টীকার সহিত মূল স্মার্ত্তগ্রন্থ প্রকাশ করিয়া আসিতেছিলাম। কিন্তু বর্ত্তমান নিবন্ধখানির উপর কাশীরামের টীকার যোগাযোগ করিতে না পারিয়াই রাধামোহনের টীকার সহিত ইহা প্রকাশ করা হইল। বাচস্পতির টীকাই হউক আর গোস্বামীর টীকাই হউক, আমাদের বঙ্গানুবাদের সহিত যে টীকার কোনও রূপ বিশেষ সম্বন্ধ নাই, ইহা বোধ হয় আমাদের অনুবাদের সহিত পূর্ব্বপ্রকাশিত নিবন্ধগুলি পাঠ করিয়া সহৃদয় পাঠক মহোদয়গণ বিশেষরূপ হৃদয়ঙ্গম করিয়াছেন। আমরা স্মার্ত্তের মূল গ্রন্থের অনুযায়ী করিয়াই অনুবাদ করিতেছি। তবে স্থলবিশেষে সেই মূলগ্রন্থের অস্ফুট ভাবগুলিকে সাধারণের হৃদয়ঙ্গম করাইবার জন্য টীকায় বিবৃত মূলের অভিপ্রেত অর্থগুলি লইয়া স্ফুটতর করিয়া ব্যক্ত করিতেছি মাত্র; সুতরাং টীকার ভেদ হইলেও অনুবাদ অংশে যে বিশেষ বৈষম্য ঘটে নাই, ইহা আমরা মুক্তকণ্ঠে বলিতে পারি। অবশেষে বক্তব্য—এই প্রায়শ্চিত্ত-তত্ত্বখানিকে সাধারণের উপকারী করিবার সর্ব্বপ্রকার চেষ্টাই করা হইয়াছে। যখন কোনও একটী দুরূহ স্থলের অনুবাদ করিবার সময় স্বয়ং দুই তিন দিন ধরিয়া চিন্তা করিয়াও সুসঙ্গত মীমাংসা করিতে পারি নাই, তখন অন্যান্য প্রসিদ্ধ পণ্ডিতের সহিত পরামর্শ করিয়া কার্য্য করিয়াছি, নিজের গৌরব-রক্ষার্থ যথোচিত নম্রতা পরিত্যাগ করি নাই। অনুবাদটীর যাহাতে সর্ব্বাঙ্গসৌষ্ঠব হয়, সেই চেষ্টাই করিয়াছি। প্রুফসংশোধন আমি নিজে ত করিয়াছি, তাহার উপর বঙ্গবাসীর শাস্ত্রপ্রকাশে অধিকৃত পণ্ডিত মহাশয়গণও আমার উপর অনুগ্রহ করিয়া এক একটী ফর্ম্মার দুই তিনবার করিয়া প্রুফ দেখিয়া দিয়াছেন। তথাপি মনুষ্যের কোনও একটী কার্য্য সম্পূর্ণ নির্ভুল হইবার আশা করা যায় না; এ বিধায় অনুবাদের এবং প্রুফ সংশোধনের অনেক স্থলেই স্খলন যে হয় নাই, একথাও আমি বলিতে পারি না। অনেক স্থলেই অনেক প্রকার ভুল ভ্রান্তি হইয়াও গিয়াছে, রহিয়াও গিয়াছে। সেই জন্য আমি বর্ত্তমান বঙ্গীয় পণ্ডিত-মণ্ডলীর নিকট করযোড়ে প্রার্থনা করিতেছি, তাঁহারা ভ্রান্তিযুক্ত স্থলগুলি দেখিয়া অপণ্ডিতসুলভ উপহাস না করিয়া, অনুগ্রহপূর্ব্বক সংশোধন করিয়া লইবেন এবং আমাদিগকেও তাহা জানাইয়া দিবেন।

পরিশেষে যে সকল পণ্ডিতগণের নিকট আমি কি অনুবাদকার্য্যে, কি

প্রুফসংশোধন কার্য্যে সাহায্য প্রাপ্ত হইয়াছি, তাঁহাদিগকে অসংখ্য ধন্যবাদ দিতেছি এবং এইরূপ ধন্যবাদ দিতে প্রবৃত্ত হইয়া মহামহোপাধ্যায় ৺চন্দ্রকান্ত তর্কালঙ্কার মহাশয়ের মৃত্যুর জন্য গভীর শোকপ্রকাশ না করিয়া থাকিতে পারিলাম না। তিনি আমার সুপরামর্শদাতাদিগের অন্যতম। এই স্মৃতি-নিবন্ধের অনুবাদ করিতে প্রবৃত্ত হইয়া অনেক সময় তাঁহার নিকট সাহায্য প্রার্থনা করিয়াছি, তিনিও অকপটভাবে সাহায্য করিয়াছেন।

এক্ষণে এই প্রায়শ্চিত্ততত্ত্ব-খানির প্রতি বঙ্গদেশীয় শ্রদ্ধাবান্ বর্ণাশ্রমী মহাশয়দিগের সাদর দৃষ্টি পড়িলে আমি আপনাকে সফলশ্রম বোধ করিব। ইতি। সন ১৩১৬ সাল।

শ্রীহৃষীকেশ শর্ম্মা,
ভাটপাড়া।

প্রকাশকের নিবেদন।

বর্ণাশ্রমী হিন্দু সম্প্রদায়ের একান্ত প্রয়োজনীয়, এই "প্রায়শ্চিত্ত তত্ত্ব" নামক স্মৃতিগ্রন্থের প্রথম সংস্করণ সন ১৩১৬ সালে প্রকাশিত হইয়াছিল। এই সংস্করণ নিঃশেষ হওয়ায়, এবার এই গ্রন্থের দ্বিতীয় সংস্করণ প্রকাশিত হইল। ইতি—

বঙ্গবাসী কার্য্যালয়,
৬, ভবানী দত্ত লেন, কলিকাতা।
২রা আশ্বিন, ১৩৩৫ সাল।

প্রকাশক।

সূচীপত্র।

সূচীপত্র সমাপ্ত।

প্রস্তাবনা।

“প্রায়শ্চিত্ততত্ত্ব” এই কথাটী শুনিলেই যাহাতে প্রায়শ্চিত্তের কথা বিস্তৃতভাবে আলোচিত হইয়াছে, এইরূপ গ্রন্থই লোকের মনে সমুদিত হয়। বস্তুতঃ তাহাই। ইহাতে নানাবিধ পাপের প্রায়শ্চিত্তের কথাই আলোচিত হইয়াছে। যে সকল কর্ম্মের দ্বারা মনুষ্যদিগের ঐহিক ও জন্মান্তরীণ পাপের ক্ষয় হয়, তাহাদের নামই প্রায়শ্চিত্ত। পাপ নানাবিধ; সুতরাং সেই পাপের ক্ষয়কারক প্রায়শ্চিত্তরূপ কর্ম্মও নানাবিধ; এই গ্রন্থে কীদৃশ ব্যক্তির কিরূপ পাপানুষ্ঠানে কিরূপ প্রায়শ্চিত্ত করিতে হইবে, তাহাই বিস্তৃতভাবে আলোচিত হইয়াছে। এক্ষণে পাপকর্ম্মের অনুষ্ঠানকারী যেমন রাজদ্বারে দণ্ডিত হয়, আর্য্যযুগে পাপকারীর উপর রাজদ্বারে সেইরূপ দণ্ডবিধান থাকিলেও, তাহার আত্মশুদ্ধির জন্য প্রায়শ্চিত্তেরও বিধান করা হইয়াছে। ঋষিগণ মূল সংহিতা গ্রন্থে প্রায়শ্চিত্তের উল্লেখ করিলেও একমাত্র যাজ্ঞবল্ক্যের সংহিতা ছাড়া অপর কোনও একখানি গ্রন্থে সুশৃঙ্খলরূপে প্রায়শ্চিত্ততত্ত্বটী বিধিবদ্ধ হয় নাই। পাপের গুরুত্ব, লঘুত্ব, এবং তদনুসারে যথাক্রমে প্রায়শ্চিত্তের বিধি ইত্যাদি ক্রমপূর্ব্ব প্রায়শ্চিত্ততত্ত্বটী মূল সংহিতাগ্রন্থে প্রায় প্রদর্শিত হয় নাই; কাজেই কেবল সংহিতা সকল হইতে criminal code বা পাপ-সংশোধক আইনের ন্যায় সুনিয়মিত প্রায়শ্চিত্ততত্ত্ব পাওয়া যাইত না বলিয়াই পরবর্ত্তী মহামহোপাধ্যায় আচার্য্যগণ মূল সংহিতা গ্রন্থ হইতে বচন প্রমাণ সংগ্রহ করিয়া পাপসংশোধক আইনের মত এক একখানি প্রায়শ্চিত্তবিষয়ক শৃঙ্খলাবদ্ধ নিবন্ধ রচনা করিয়াছেন,—যেমন শূলপাণির প্রায়শ্চিত্তবিবেক, রঘুনন্দনের প্রায়শ্চিত্ততত্ত্ব ইত্যাদি, ইত্যাদি। এই সকল গ্রন্থে পাপভেদে, বর্ণভেদে, বয়সভেদে, এবং ব্যক্তিভেদে পাপীর কিরূপ প্রায়শ্চিত্ত কর্ত্তব্য, কীদৃশ পাপকারী প্রায়শ্চিত্ত করিয়া সমাজে ব্যবহার্য্য হইবে, এবং কীদৃশ পাপকারী যথাবিহিত প্রায়শ্চিত্ত করিয়াও সমাজে ব্যবহার্য্য হইতে পারিবে না এবং পাপ কত প্রকার, ইত্যাদি বিষয়ের সুশৃঙ্খলভাবে আলোচনা করা হইয়াছে। প্রসঙ্গক্রমে গঙ্গার মাহাত্ম্য ও তীর্থযাত্রা প্রভৃতিরও আলোচনা করা হইয়াছে। এই প্রায়শ্চিত্ততত্ত্বখানি পাপশুদ্ধির জন্য একখানি

বর্ণা-
উপাদেয় গ্রন্থ। ইংরাজগণের রাজত্বের পূর্ব্ব অবধি এই প্রায়শ্চিত্ততত্ত্বই
শ্রমীদিগের একখানি একমাত্র পাপশোধক নিবন্ধ বর্ত্তমান ছিল, একথা বলিলে
বোধ হয় অত্যুক্তি হইবে না। যদিও মুসলমান রাজত্বকালে ফৌজদারী
কার্য্যসকল নির্ব্বাহ করিবার জন্য "কাজি"গণের সৃষ্টি হইয়াছিল; কিন্তু তৎকালে
সকল প্রদেশেই প্রায় প্রতাপশালী হিন্দুরাজা এবং জমিদারদিগের সর্ব্বতোমুখী
প্রভুতা বর্ত্তমান থাকায় প্রজাগণ কেবল মাত্র প্রায়শ্চিত্ত করিয়াই অনেক স্থলে
শুদ্ধিলাভ করিতে পারিত, কাজির বিচারালয়ে আর দণ্ড দিতে হইত না।
বলা বাহুল্য, এই প্রায়শ্চিত্তবিবেক, প্রায়শ্চিত্ততত্ত্ব, বা প্রায়শ্চিত্তময়ূখ ইত্যাদি
আখ্যাসহকারে যে সকল নিবন্ধ এই ভারতভূমিতে আজ কাল প্রচলিত আছে,
কেবল বর্ণাশ্রমি-সম্প্রদায়ের উপরই তাহাদের প্রভুত্ব। ভারতবাসী অন্যান্য
সম্প্রদায়ভুক্ত প্রজাগণ ইংরাজের আদালতে দণ্ডবিধির বিধানানুসারে দণ্ড
দিয়াই পাপ হইতে মুক্তিলাভ করে। পরন্তু বর্ণাশ্রমিগণের পাপ কেবল
আদালতের দণ্ডবিধানে অপনীত হয় না, দণ্ড দিবার পরও তাহাদের পক্ষে
প্রায়শ্চিত্তের অনুষ্ঠান অপরিহার্য্য। কেননা ইংরাজের চক্ষে যে সকল কার্য্য
মনুষ্যের পক্ষে পাপকর বলিয়া প্রতীত হয় নাই, বর্ণাশ্রমিগণের ধর্ম্মশাস্ত্রে
বর্ণবিশেষের পক্ষে সেই সকল কর্ম্মই আবার অতিপাতক বা মহাপাতক বলিয়া
নির্দ্দিষ্ট হইয়াছে; সুতরাং সেই সকল পাপের জন্য অতি কঠোর প্রায়শ্চিত্তও
বিহিত হইয়াছে। মনে কর, আমি একজন ব্রাহ্মণ, আমি যদি নিজের গৃহে
বসিয়া মদ খাইয়া মাতাল হইয়া ঢলাঢলি করি, এ অবস্থায় ইংরাজের দণ্ডবিধিতে
আমার ঐ কর্ম্মটী পাপ বলিয়া পরিগণিত হয় নাই, এবং তজ্জন্য আমার উপর
কোনও প্রকার দণ্ডও বিহিত হয় নাই, তবে যদি আমি মাতাল হ'য়ে রাজপথে
ঢলাঢলি করি, এরূপ স্থলে আমাকে হদ্দ সেই রাত্রে থানায় আটক থাকিতে
এবং তাহার উপর উর্দ্ধসংখ্যা পাঁচটাকা অবধি জরিমানা দণ্ড দিতে হয়,
তাহাতে ব্রাহ্মণ শূদ্র ভেদে দণ্ডের কোনও বৈলক্ষণ্যই দৃষ্ট হয় না। অন্যদিকে
ধর্ম্মপ্রবক্তা মহর্ষিগণের চোখে ব্রাহ্মণপুত্রের সুরাপান একটী মহাপাতক-
রূপে পরিলক্ষিত হইয়াছে; কাজেই তাঁহারা সুরাপায়ী ব্রাহ্মণের পক্ষে
অতিগুরু প্রায়শ্চিত্তের বিধান করিয়াছেন। সুরাপায়ী ব্রাহ্মণের মরণান্ত
প্রায়শ্চিত্ত মুখ্যকল্প। ব্রাহ্মণ সুরাপান করিলে তাহার পক্ষে এরূপ
কঠোর ব্রতাচরণ বিহিত হইয়াছে যে, সেই ব্রতাচরণ করিতে করিতে তাহার

মৃত্যু অবশ্যম্ভাবী। তাদৃশ ব্রতাচরণে অসমর্থ ব্যক্তির পক্ষে চতুর্ব্বিংশতি বার্ষিক ব্রত অনুকল্পরূপে নির্দ্দিষ্ট হইয়াছে। চব্বিশ বৎসর ধরিয়া ক্রমান্বয়ে কৃচ্ছ্র ব্রতের আচরণ, তাহার অনুকল্প কড়িদানের ব্যবস্থাও আছে। তৎকালে ব্রাহ্মণ জাতি সাধারণতঃ যেরূপ গরীব ছিল, তাহা পর্য্যালোচনা করিলে সেই পরিমাণে কড়িদানও তাঁহাদের পক্ষে সহজসাধ্য নহে। সেই কড়ির পরিমাণ ১০৮০ কাহন। এইরূপ কঠোর প্রায়শ্চিত্তের পরও সমাজে চিরকার অব্যবহার্য্যরূপে কাল কাটাইতে হয়। এজন্য আমরা বলিতেছি, ইংরাজের দণ্ডবিধি অনুসারে কেবল মাত্র দণ্ড দিয়াও বর্ণাশ্রমীদিগের পাপ হইতে মুক্তিলাভ হয় না। সকল প্রকার পাপেই স্বতন্ত্র প্রায়শ্চিত্তের অনুষ্ঠান বর্ণাশ্রমীর পক্ষে অপরিহার্য্য। প্রায়শ্চিত্ততত্ত্ব ব্যতিরেকে তাহাদের ধর্ম্মরক্ষা একেবারেই হবার যো নাই।

সমুদায় ভূমণ্ডলস্থ মনুষ্যের প্রাত্যহিক কার্য্যকলাপের প্রতি দৃষ্টিপাত করিলে দেখা যায়, মনুষ্যমাত্রেই যুগপৎ সুপ্রবৃত্তি এবং কুপ্রবৃত্তি দ্বারা পরিচালিত হইতেছে। কেবলমাত্র সৎকর্ম্মের অনুষ্ঠাতা মনুষ্য যেমন দৃষ্টিগোচর হয় না, তেমনই কেবলমাত্র অসৎ কর্ম্মের অনুষ্ঠাতা মনুষ্যও দৃষ্টিগোচর হয় না। একদিকে আমরা যেমন স্বপাকভোজী, হবিষ্যাশী, পূজাব্রতাদি নিত্যনৈমিত্তিক কর্ম্মের অনুষ্ঠানকারী মহামহোপাধ্যায় স্মার্ত্তপ্রবর পণ্ডিতকে গোপনে নীচ অন্ত্যজ স্ত্রীর সংসর্গে নিরত দেখিতে পাই, অন্যদিকে তেমনিই যথেচ্ছাচার-পরায়ণা, ভ্রূণহত্যাদি-পাপনিরতা, মহা অধর্ম্মচারিণী বারবনিতাদিগকেও ভক্তিভাবে ব্রত-নিয়মাদির অনুষ্ঠান করিতে দেখিতে পাই। কোনও একজন মনুষ্য বিচারাসনে বসিয়া নিজের অকৃত্রিম ন্যায়পরতা দেখাইয়া জগতে যেমন বিমল সুখ্যাতির ভাজন হইতেছেন, তিনিই আবার বিচারাসন হইতে নামিয়া নিজের আশ্রিতবাৎসল্যে বিমোহিত হইয়া ন্যায়ের মাথায় কুঠারাঘাত করত স্বকীয় কলঙ্কপঙ্কে জগতকে অতি প্রগাঢ়রূপে মলিন করিতেও ক্রটি করিতেছেন না। তাই বলি, স্খলন বা পাপাচরণ মনুষ্যের প্রকৃতিসিদ্ধ কর্ম্ম। এই হিসাবে পাপাচরণটী মনুষ্যের প্রাকৃত কর্ম্মের মধ্যে পরিগণিত হইলেও এবং পৃথিবীস্থ সকল জাতির মধ্যেই পাপপুণ্যকর্ম্মের গণনা থাকিলেও বর্ণাশ্রমীদিগের মধ্যে কতকগুলি এরূপ কর্ম্মকেও পাপকর্ম্ম বলিয়া নির্দ্দেশ করা হইয়াছে, যাহা অন্য-জাতীয় বা অন্য ধর্ম্মীয় মনুষ্যদিগের চক্ষে স্খলন বা অপকর্ম্ম বলিয়া একেবারেই

প্রতীত হয় নাই। যেমন প্রাতঃকালে উঠিয়া প্রাতঃকৃত্য সমাপনের পর কোনও না কোনও প্রকার উপাসনা না করিয়া ভোজন করা বর্ণাশ্রমীদিগের একটী পাপকর্ম্ম, অপরদিগের মধ্যে এ সম্বন্ধে কোনও একটা ধরাবাঁধা নিয়ম নাই। প্রাতঃকালে উঠিয়া অধৌত-আননে আকণ্ঠ চা' বিস্কুট ভক্ষণ করা অপরজাতীয় বা অপর ধর্ম্মে ধর্ম্মী মনুষ্যদিগের পাপকর্ম্মের মধ্যে পরিগণিত নয়, তথাবিধ কর্ম্মকারী ঐরূপ কর্ম্মের জন্য নিজ নিজ সমাজে বিগর্হিত বা কলঙ্কিত হয় না, কিন্তু বর্ণাশ্রমী ঐরূপ ভাবে যৎকিঞ্চিৎ দ্রব্য গলাধঃকরণ করিলেই তাহার পাতিত্য ঘটিবে, এবং উপযুক্ত প্রায়শ্চিত্ত না করিলে সে সমাজে ত ঘৃণিত থাকিবেই, তাহার উপর নিজের নিত্যনৈমিত্তিক কর্ম্মের অনুষ্ঠানের অধিকারী হইবে না। বর্ণাশ্রমী নিজের শাস্ত্রীয় বিধানানুসারে প্রত্যহ স্নান, আচমন, ত্রিসন্ধ্যা উপাসনা, পিতৃতর্পণ, দেবপূজা, এবং নির্দ্দিষ্ট দিনে পিতা মাতা প্রভৃতির শ্রাদ্ধ ইত্যাদি নিত্য নৈমিত্তিক কর্ম্ম করিতে সম্পূর্ণ বাধ্য, না করিলে তাহার পাতিত্য হয়। অধিক কি, যে কালে যে কর্ম্ম বিহিত ঠিক,সেই সময়ে সেই কর্ম্মের অনুষ্ঠান না করিলে তাহার পাপ হয়। সূর্য্যোদয়ের ঠিক দুইদণ্ড পূর্ব্বে প্রাতঃসন্ধ্যা উপাসনা না করিলে বর্ণাশ্রমী দ্বিজাতি পাপী হইবে, এই পাপ অপনোদনের জন্য সূর্য্যোদয়ের পর দশবার গায়ত্রীজপরূপ প্রায়শ্চিত্ত করিলে যথাক্রমে প্রাতঃসন্ধ্যা এবং মধ্যাহ্ন সন্ধ্যাদি নিত্যকর্ম্মের উপাসনা করিবার অধিকার হইবে। বর্ণাশ্রমী নবান্ন শ্রাদ্ধ না করিয়া নূতন চাউল মুখে দিতে পারেন না, ভ্রমবশতঃ মুখে দিলে তাহার পাপ হইবে। বর্ণাশ্রমী কোনও তীর্থ-স্থলে যদি স্নানাদিযোগ্যকালে উপস্থিত হয়, তাহা হইলে স্নান, তর্পণ এবং শ্রাদ্ধ করিয়া তবে সেস্থানে অন্ন গ্রহণ করিতে পারিবে; যদি স্নানাদির অযোগ্যকালে ঐ তীর্থে উপস্থিত হয়, তাহা হইলে ঐ দিন উপবাসী থাকিয়া পর দিন স্নান, তর্পণ এবং শ্রাদ্ধ করিয়া তবে আহার করিবে, এরূপ না করিলে সে পাপী হইবে, এবং তজ্জন্য প্রায়শ্চিত্ত করিতে হইবে। এইরূপ অনেক কর্ম্ম যাহা অন্যজাতীয় বা অন্যধর্ম্মীরা পাপ বলিয়া বোধই করে না, বর্ণাশ্রমীদিগের নিকট সেই কর্ম্মগুলি পাপজনক এবং তাহার জন্য প্রায়শ্চিত্তানুষ্ঠানও আবশ্যক। এই সকল কারণে প্রত্যেক বর্ণাশ্রমীরই এক একখানি প্রায়শ্চিত্ততত্ত্ব সংগ্রহ করিয়া রাখা কর্ত্তব্য।

আমরা পূর্ব্বেই বলিয়াছি "প্রায়শ্চিত্ত" বলিতে এমন একটী শাস্ত্রবিহিত

ব্রত, দান বা যজ্ঞাদি কর্ম্ম—যাহা কর্ত্তার শুদ্ধতা সম্পাদনপূর্ব্বক পূর্ব্বকৃত পাপের বিনাশ করে। কিন্তু পাপ কাহাকে বলে? তাহা কত প্রকার? এ সকল কথা এ পর্য্যন্ত কিছু বলা হয় নাই। মহর্ষি যাজ্ঞবল্ক্য বলিয়াছেন,—"শাস্ত্রে বিহিত কর্ম্মের অকরণ, শাস্ত্রে বিগর্হিত কর্ম্মের অনুষ্ঠান এবং ইন্দ্রিয়দিগের অসংযম—এই ত্রিবিধ ক্রিয়াই মনুষ্যের পতনের হেতু" অর্থাৎ ইহারাই পাপ কর্ম্ম। এই পাপকর্ম্ম সকল সাধারণতঃ চারিপ্রকার—(১) অতিপাতক, (২) মহাপাতক, (৩) অনুপাতক এবং (৪) উপপাতক। শাস্ত্রে এতদতিরিক্ত আরও পাঁচপ্রকার ক্রিয়া, যথা—(১) জাতিভ্রংশকর কর্ম্ম, (২) সঙ্করীকরণ, (৩) অপপাত্রীকরণ, (৪) মলাবহ কর্ম্ম, এবং (৫) প্রকীর্ণক; এই পাঁচ প্রকার কর্ম্মকেও পাপরূপে পরিগণিত করিয়া পাপকে নববিধরূপে নির্দ্দেশ করা হইয়াছে; আমরা কিন্তু এই শেষোক্ত পাঁচপ্রকার কর্ম্মকে উপরিউক্ত চারিপ্রকার কর্ম্মেরই অবান্তর ভেদবোধে তাহাদের আর এখানে স্বতন্ত্র নির্দ্দেশ করিলাম না। ইহাদের মধ্যে অতিপাতক তিনপ্রকার, যথা, (১) মাতৃগমন, (২) দুহিতৃগমন, (৩) পুত্রবধূগমন। এই অতিপাতকীদিগের মরণই একমাত্র প্রায়শ্চিত্ত। সেই মরণের প্রকার এইরূপ,—তুষানলে দগ্ধ হওয়া অথবা একটী প্রজ্বলিত লৌহপ্রতিমা আলিঙ্গন করিয়া মৃত্যুমুখে পতিত হইয়া অথবা স্বয়ং আপনার উপস্থ এবং অণ্ডকোষ কাটিয়া আপনার অঙ্গুলিতে স্থাপনপূর্ব্বক যে পর্য্যন্ত মৃত্যু না হয়, সেই পর্য্যন্ত সোজাসোজি নৈর্ঋত দিকে গমন করা, এইরূপে মরণরূপ প্রায়শ্চিত্তই মুখ্যকল্প, অশক্তের পক্ষে চতুর্ব্বিংশতি বার্ষিক ব্রতাচরণ, তাহাতে অশক্ত ব্যক্তির পক্ষে ৩৬০টী পয়স্বী ধেনু বা তন্মূল্য দান। এই অতিপাতকী নিজেই যে পতিত তাহা নহে, ইহার সংসর্গীও সমভাবেই পতিত, তাহার পক্ষেও ঐরূপ গুরুপ্রায়শ্চিত্ত বিহিত হইয়াছে। এই যে গুরুপ্রায়শ্চিত্তের কথা বলা হইল, ইহা অবশ্য জ্ঞানপূর্ব্বক অতিপাতককারীর পক্ষেই বুঝিতে হইবে, অজ্ঞানপূর্ব্বক অতিপাতককারী বা তৎসংসর্গকারীর পক্ষে অর্দ্ধ প্রায়শ্চিত্তই বিহিত হইয়াছে। মরণের ত আর অর্দ্ধ নাই, কাজেই তদনুকল্প চতুর্ব্বিংশতি বার্ষিক ব্রতের অর্দ্ধ দ্বাদশ বার্ষিক ব্রতাচরণ অথবা একশত আশীটী ১৮০ পয়স্বিনী ধেনুদান তাহার প্রায়শ্চিত্ত। (২) মহাপাতক পাঁচপ্রকার, (১) ব্রহ্মহত্যা, (২) সুরাপান, (৩) চৌর্য্য, (৪) গুরুস্ত্রীগমন এবং (৫) ঐ সকল পাপকারীর সহিত সংসর্গ। এই যে ব্রহ্মহত্যার কথা বলা হইল,

ইহার দ্বারা আততায়ী ব্রাহ্মণের বধ সাক্ষাৎ ব্রহ্মহত্যার মধ্যে পরিগণিত করা হয় নাই। বশিষ্ঠ ছয় প্রকার আততায়ীর গণনা করিয়াছেন, যথা—(১) অগ্নিদাতা, (২) বিষদাতা, (৩) শস্ত্র হস্তে লইয়া মারিতে উদ্যত, (৪) ধনাপহারী, (৫) ক্ষেত্রাপহারী, (৬) এবং দারাপহারী। বিষ্ণু এবং কাত্যায়ন সাতপ্রকার আততায়ীর গণনা করিয়াছেন, যথা,—(১) উদ্যতাসি (খাঁড়া উঠাইয়া মারিতে আগমনকারী,) (২) বিষপ্রদায়ী, (৩) অগ্নিপ্রদায়ী, (৪) অকারণ শাপ দিতে উদ্যত, (৫) অভিচার ক্রিয়া দ্বারা মারিতে প্রবৃত্ত, (৬) রাজার প্রতি বিদ্রোহী, (৭) ভার্য্যাবিক্রয়ী, এতদ্ভিন্ন যশ অপহরণ করণে উদ্যত, সুচরিত অপহরণ করণে উদ্যত, ধর্ম্ম এবং অর্থ অপহরণ করণে উদ্যত ব্যক্তিরাও আততায়ীর মধ্যে পরিগণিত। এই আততায়ী ব্রাহ্মণের বধে যে ব্রহ্মহত্যার পাপ জন্মাইবে না, একথা কাত্যায়ন বলিয়াছেন, তবে প্রায়শ্চিত্তবিবেককার বলিয়াছেন,—"আততায়ী যদি তপ, বিদ্যা, জাতি এবং কুলে উৎকৃষ্ট হয়, সেইরূপ স্থলে আততায়ীকে বধ করিবে না। তদ্ভিন্ন আততায়িবধে কোনও প্রকার পাপ হইবে না। উক্তপ্রকার আততায়ী ব্রাহ্মণকে সাক্ষাৎ বধ না করিয়া তাহার মস্তক মুণ্ডনপূর্ব্বক তাহার সর্ব্বস্বগ্রহণ এবং সেই স্থান হইতে নিষ্কাসন করাই কর্ত্তব্য। ফল, জ্ঞানপূর্ব্বক আততায়ী ব্রাহ্মণবধে সম্পূর্ণ পাপ না হইয়া অর্দ্ধেক পাপ হয়, এই নিমিত্ত আততায়ী বৃত্রাসুরের বধকারী ইন্দ্রের যে ব্রহ্মহত্যা পাপ হইয়াছিল, তাহা শাস্ত্রে উক্ত হইয়াছে। ব্রাহ্মণ জ্ঞানপূর্ব্বক ব্রাহ্মণের বধ করিলে, মরণ বা চতুর্ব্বিংশতি বার্ষিক ব্রত, ক্ষত্রিয়াদি কি জ্ঞানপূর্ব্বক কি অজ্ঞানপূর্ব্বক ব্রাহ্মণ বধ করিলে ঐ মরণ বা চতুর্ব্বিংশতি বার্ষিক ব্রতই প্রায়শ্চিত্ত। ব্রাহ্মণ অজ্ঞানপূর্ব্বক ব্রাহ্মণ বধ করিলে দ্বাদশবার্ষিক ব্রতই তাহার প্রায়শ্চিত্ত। এই দ্বাদশবার্ষিক ব্রতের নিয়ম মনু এইরূপ বলিয়াছেন,—"অজ্ঞানপূর্ব্বক ব্রাহ্মণঘাতী ব্রাহ্মণ দ্বাদশ বৎসর একটী কুঠী করিয়া বনে বাস করিবে, এবং ঐ নিহত ব্রাহ্মণের মস্তকের কঙ্কাল চিহ্নরূপে ধারণ করিয়া ভিক্ষালব্ধ অন্নভোজন করিয়া থাকিবে। কিন্তু ইচ্ছাপূর্ব্বক ব্রাহ্মণবধকারীর পক্ষে অগ্নিতে আত্মদাহন করা ভিন্ন অন্যরূপে শুদ্ধি হয় না, একথা অঙ্গিরা বলিয়াছেন। এ প্রসঙ্গে ইহাও বলা উচিত, যজ্ঞে দীক্ষিত বৈশ্য বা ক্ষত্রিয়কে হত্যা করিলেও ব্রহ্মহত্যার তুল্য পাপ হইবে। ব্রাহ্মণ জ্ঞানপূর্ব্বক পতিত ব্রাহ্মণকে বধ করিলে দ্বাদশ

বার্ষিক ব্রতের অনুষ্ঠান করিতে হইবে, এবং অজ্ঞানপূর্ব্বক ঐরূপ ব্রাহ্মণকে বধ করিলে ষড়্‌বার্ষিক ব্রতের আচরণ করিবে। সাক্ষাৎ বধকর্ত্তা ত পাপী হইবেই, তদ্ভিন্ন বধের প্রয়োজক, অনুমন্তা, অনুগ্রাহক, এবং নিমিত্তী —ইহারাও বধজন্য পাপের ভাগী হইবে। তবে তাহাদের পাপ অবশ্যই সাক্ষাৎ বধকারীর তুল্য হইবে না। "অনুগ্রাহক" বলিতে বধকারীর সহায়। যেখানে সাক্ষাৎ বধকারীর দ্বাদশবার্ষিক ব্রতরূপ প্রায়শ্চিত্ত বিহিত হইয়াছে, সেস্থলে অনুগ্রাহকের পক্ষে নববার্ষিকব্রত, প্রয়োজকের পক্ষে ষড়্‌বার্ষিকব্রত, অনুমন্তায় পক্ষে ত্রৈবার্ষিক ব্রত, এবং নিমিত্তীর পক্ষেও ঐ ত্রৈবার্ষিক ব্রত। আমরা ব্রহ্মহত্যা সম্বন্ধে অনেক বলিলাম, অনেক বলিতেও বাকী রহিল, কেবল একটী কথা বলিয়াই এ প্রবন্ধের শেষ করিব। আত্রেয়ী ব্রাহ্মণীকে বধ করিলেও সম্পূর্ণ ব্রহ্মহত্যার পাপ হইয়া থাকে। তিন প্রকার ব্রাহ্মণীকে আত্রেয়ী বলা হইয়াছে, (১) অত্রিগোত্রসম্ভূতা, (২) রজস্বলা (৩) গর্ভিণী।

এক্ষণে সুরাপানের প্রায়শ্চিত্তের কথা বলা হইতেছে। দ্বিজাতিদিগের যেমন সুরাপান মহাপাতক, শূদ্রের পক্ষে সুরাপানস্থলে ব্রাহ্মণীগমনই সেইরূপ মহাপাতক বলিয়া গণ্য হইয়াছে। এই সুরা তিন প্রকার (১) গৌড়ী, (২) মাধ্বী, এবং (৩) পৈষ্টী। ব্রাহ্মণের পক্ষে ত্রিবিধ সুরাপানই মহাপাতকের হেতু ; কিন্তু ক্ষত্রিয় বৈশ্যের পক্ষে কেবলমাত্র পৈষ্টী সুরাপানই মহাপাতকের হেতু। এই সুরাপান বিষয়ে ব্রাহ্মণী বা ব্রাহ্মণ বালক প্রভৃতির পাপের কোনও তারতম্য হয় না। ব্রাহ্মণজাতীয় ব্যক্তিমাত্রেরই সুরাপানে তুল্যরূপ মহাপাতক হয়। বুদ্ধিপূর্ব্বক এই সুরাপানে ব্রাহ্মণেরও মরণান্ত প্রায়শ্চিত্ত মুখ্য ; সুরাকে অগ্নিদ্বারা আগুনের মত উত্তপ্ত করিয়া সেই গনগনে আগুনের মত সুরাপান করত দেহ ত্যাগ করাই মুখ্য প্রায়শ্চিত্ত ; এই কথা অঙ্গিরা বলিয়াছেন। যাজ্ঞবল্ক্য—সুরাপায়ী ব্রাহ্মণকে সুরা, জল, ঘৃত, গোমূত্র এবং দুগ্ধ, ইহাদের মধ্যে যে কোনও একটী পদার্থকে গন্‌গনে আগুনের মত গরম করিয়া পান ক'রে মৃত্যুমুখে পতিত হইতে বিধান দিয়াছেন। দেবল সুরাপায়ী ব্রাহ্মণের পক্ষে রূপা, তামা বা সীসা গলাইয়া সেই দ্রব পদার্থকে গন্‌গনে আগুনের মত গরম গরম পান করত মৃত্যুমুখে পতিত হওয়াই মুখ্য প্রায়শ্চিত্তরূপে নির্দ্দেশ করিয়া-

ধেনু-ছেন। তবে ইহার অনুকল্প চতুর্ব্বিংশতিবার্ষিক ব্রত এবং তদনুকল্প দানের ব্যবস্থাও আছে। বৃহস্পতি রোগী ব্রাহ্মণের পক্ষে গৌড়ী এবং মাধ্বী সুরাপানে যথাক্রমে তপ্তকৃচ্ছ্র এবং পরাকের আচরণরূপ অল্প প্রায়শ্চিত্তের ব্যবস্থাও করিয়াছেন। ব্রাহ্মণের পক্ষে সুরাপানে পূর্ণ প্রায়শ্চিত্ত, ক্ষত্রিয়াদির পক্ষে যথাক্রমে ঐ পূর্ণ প্রায়শ্চিত্তের পাদ পাদ ন্যূন করিতে বলা হইয়াছে, এবং যে জাতীয় পুরুষের পক্ষে যে প্রায়শ্চিত্ত, সেই জাতীয় স্ত্রী, বালক এবং বৃদ্ধের পক্ষে তাহার অর্দ্ধ প্রায়শ্চিত্তও বিহিত হইয়াছে। মহাপাতকের মধ্যে যে চৌর্য্যের গণনা করা হইয়াছে, ইহা সাধারণ মূল্যে, বেগুণ চুরি নয়, কেবলমাত্র ব্রাহ্মণস্বামিক অন্যূন আশী রতি-পরিমিত সুবর্ণ চুরিই মহাপাতক; কেননা ক্ষত্রিয়াদিস্বামিক তাবৎ পরিমিত সুবর্ণাপহরণকে মহা-পাতক না বলিয়া উপপাতকের মধ্যেই গণ্য করা হইয়াছে। ব্রাহ্মণস্বামিক সুবর্ণাপহরণকারী ব্রাহ্মণাদি চারি বর্ণ রাজার নিকট গিয়া আপনার ঐ গর্হিত কর্ম্ম খ্যাপন করত বলিবে, "আপনি আমাকে যথাশাস্ত্র দণ্ডিত করুন।" এই কথা শুনিয়া রাজা একটী মূষল গ্রহণপূর্ব্বক একবার মাত্র তাহাকে আঘাত করিবেন। ঐ আঘাতে বধপ্রাপ্ত চৌর্য্যকারী পাপ হইতে বিমুক্ত হইবে, অথবা তপশ্চরণ দ্বারা ঐ পাপ হইতে শুদ্ধিলাভ করিবে। কেহ কেহ বলেন, এই যে বধরূপ দণ্ড; ইহা ক্ষত্রিয়াদির পক্ষেই, কারণ ব্রাহ্মণের বধ করা নিষিদ্ধ আছে। তাঁহাদের মতে সুবর্ণচোর ব্রাহ্মণের তপশ্চরণই প্রায়শ্চিত্ত। উপরে যে তপস্যা দ্বারা শুদ্ধ হইবার কথা বলা হইল, উহা দ্বারা ব্রহ্মহত্যাকারীর পক্ষে যেরূপ ব্রতাচরণ বিহিত হইয়াছে, সেরূপ ব্রতাচরণই বুঝিতে হইবে। শাতাতপ বলিয়াছেন,—"ব্রাহ্মণের সুবর্ণ অপহরণকারী হস্তে একটী মূষল লইয়া রাজার নিকট গিয়া নিজের বধের জন্য প্রার্থনা করিবেন, তাহার পর রাজার মুষলঘাতে তাহার প্রাণ-বিয়োগ হইলে সে শুদ্ধ হইবে, আর যদি মুষলাঘাতের পর কোনও দৈবকারণে তাহার প্রাণবিয়োগ না হয়, তাহা হইলেও সে শুদ্ধ হইবে। যদি কোনও সুবর্ণচৌর্য্যকারী নিজে রাজার কাছে দণ্ড লইতে না আসে, বলপূর্ব্বক (warant করিয়া) আনাইতে হয়, তাহা হইলে তাহার ঐ চৌর্য্যজন্য প্রায়শ্চিত্ত করিতে হইবে এবং রাজার কাছে দণ্ডও লইতে হইবে।" বধার্হ চৌর্য্যকারীর পক্ষে কাত্যায়ন ১০০ সুবর্ণ দণ্ড বিধান করিয়াছেন। বৃহস্পতি

তথাবিধ স্থলে ১০০০ কাহণ কড়ি প্রধান দণ্ড, তাহার অর্দ্ধেক মধ্যম দণ্ড, এবং তাহার অর্দ্ধেক অধম দণ্ডরূপে নির্দ্দেশ করিয়াছেন। চৌরের ধনবত্তা অনুসারেই এইরূপ উত্তম সাহস, মধ্যমসাহস ও অধম সাহস দণ্ডের ব্যবস্থা করিতে হইবে। ঐ দণ্ডের ধন রাজা নিজে গ্রহণ করিবেন না, কিন্তু উহা বরুণের উদ্দেশে উৎসর্গ করিয়া বেদবেদাঙ্গশাস্ত্রবিৎ সুচরিতসম্পন্ন ব্রাহ্মণকে দান করিবেন। এই দণ্ডাতিরিক্ত যে প্রায়শ্চিত্তরূপ ব্রতাচরণের কথা বলা হইয়াছে, উহা জ্ঞান-পূর্ব্বক সুবর্ণহারী ব্রাহ্মণের পক্ষে দ্বাদশবার্ষিক ব্রত এবং অজ্ঞানপূর্ব্বক সুবর্ণাপ-হারী ব্রাহ্মণের ষড়্‌বার্ষিক ব্রত, ক্ষত্রিয়াদির অকামকৃতস্থলেও দ্বাদশবার্ষিক ব্রত। দ্বাদশবার্ষিকব্রতে অসমর্থ ব্যক্তির পক্ষে ১৮০ দুগ্ধবতী ধেনুদানই অনুকল্প। বালক বৃদ্ধ এবং স্ত্রীদিগের পক্ষে কামকৃত কি অকামকৃত সর্ব্বস্থলেই অর্দ্ধ প্রায়শ্চিত্ত। ৮০ রতি সোণার অধিক পরিমিত সুবর্ণহরণে ক্ষত্রিয়াদির গুরুতর পাপ হয়; সুতরাং সে স্থলে মরণ ভিন্ন অপরবিধ প্রায়শ্চিত্ত দ্বারা শুদ্ধ হইবার উপায় নাই। সে মরণও—সর্ব্বাঙ্গে কেশ, শ্মশ্রু এবং লোম কামাইয়া আভ্যং ক'রে ঘৃত মাখিয়া গোময় প্রজ্বলিত অগ্নিতে আপনাকে দাহ দ্বারা কর্ত্তব্য। এক্ষণে গুরুদারগমনের প্রায়শ্চিত্তের কথা বলা হইতেছে। এস্থলে গুরু বলিতে পিতা; সুতরাং নিজের জননী ভিন্ন পিতার সমুদায় সবর্ণাপত্নী গুরুদার শব্দের অভিধেয়। স্বজননী গমনে অতিপাতক, তদ্ভিন্ন জননীর সবর্ণা সপত্নী মাত্রেই গমন করিলে মহাপাতক হয়। এই গুরুতল্পগমনরূপ মহাপাতকের মুখ্য প্রায়শ্চিত্ত অতিপাতকীর প্রসঙ্গে উক্ত মরণরূপই বুঝিতে হইবে। জ্ঞানকৃত তথাবিধ গুরুপত্নীগমনে উক্তপ্রকার মরণ অথবা তাহার অনুকল্প চতুর্ব্বিংশতি বার্ষিকব্রত, অজ্ঞানকৃত তথাবিধ পাপস্থলে দ্বাদশবার্ষিক ব্রতই প্রায়শ্চিত্ত। এই প্রায়শ্চিত্ত সকল বর্ণের পক্ষেই সমান। এই মহাপাতকীদিগেরসহিত সংসর্গ যাজন যোনিসম্বন্ধ, অধ্যয়ন, অধ্যাপন ও দীর্ঘকাল অর্থাৎ একবৎসর পর্য্যন্ত একত্রে একশয্যায় শয়ন, এক পীঠোপরি উপবেশন,একপংক্তিতে ভোজন, এবং পাকের স্থালী সংমিশ্রণ ইত্যাদিরূপে উৎপন্ন সম্বন্ধ। উপরি উল্লিখিত যে কোনও প্রকার মহাপাতকীর সহিত উপরি উক্ত সম্বন্ধের মধ্যে যে কোনও একটী সম্বন্ধকারী ব্যক্তি মহাপাতকী বলিয়াই গণ্য হইবে, তবে তাহার প্রায়শ্চিত্ত সম্পূর্ণের এক-পাদ ন্যূন। মহাপাতকীর সহিত তৃতীয় সংসর্গকারী অবধি পাপী বলিয়া গণ্য হইবে। সাক্ষাৎ বা প্রথম সংসর্গকারীর সহিত সংসর্গকারী দ্বিতীয় সংসগী

এবং দ্বিতীয় সংসর্গকারীর সহিত সংসর্গকারী তৃতীয় সংসর্গী ইহারা সকলেই পাপী বলিয়া গণ্য হইবে। তবে পাপের অবশ্য ইতর বিশেষ আছে। কেননা প্রথম সংসর্গকারীর পক্ষে সম্পূর্ণ প্রায়শ্চিত্তের পাদোন, দ্বিতীয় সংসর্গকারীর পক্ষে সম্পূর্ণ প্রায়শ্চিত্তের অর্দ্ধ, এবং তৃতীয় সংসর্গকারীর পক্ষে সম্পূর্ণ প্রায়শ্চিত্তের একপাদ। এই তৃতীয় পরম্পরা পর্য্যন্ত সংসর্গকারীর পক্ষেই শাস্ত্রে প্রায়শ্চিত্তের বিধান থাকায় এবং তদূর্দ্ধ চতুর্থ পরম্পররাসংসর্গকারীর পরে কোনও প্রকার প্রায়শ্চিত্তের বিধান না থাকায় স্পষ্টই অনুমান করা যাইতে পারে যে, তৃতীয় পরম্পরা সংসর্গকারীর উর্দ্ধে আর পাপ হয় না। পূর্ব্বজন্মে অকৃতপ্রায়শ্চিত্ত অতিপাতকী বা মহাপাতকী পরজন্মে সেই সকল ভুক্তাবশেষ নিজ নিজ পাপের চিহ্নস্বরূপ কতকগুলি মহারোগ লইয়া জন্মগ্রহণ করে; যেমন, রাজযক্ষ্মা, অর্শ, ভগন্দর, কুনখী গ্রহণী, মেহ, পাথুরী, বহুমুত্র, কুষ্ঠ ধবল, দুশ্চর্ম্ম ইত্যাদি। ইহারাও ইহ জন্মে যাবৎকাল ঐ সকল রোগসূচিত স্বকীয় পূর্ব্বজন্মকৃত পাপের প্রায়শ্চিত্ত না করে, তাবৎকাল সাক্ষাৎ পাপকারীর ন্যায় পতিত এবং সমাজে অব্যবহার্য্য থাকে, প্রায়শ্চিত্ত করিলে শুদ্ধ হয়, ব্যবহার্য্যও হয়।

(৩) মহাপাতকের সদৃশ পাপকেই অনুপাতক বলা হয়। মনু অনুপাতক সকলের এইরূপে গণনা করিয়াছেন—(১) আপনার সমুৎকর্ষ সাধনের নিমিত্ত বাক্য বা ক্রিয়া দ্বারা আপনাকে অন্যপ্রকারে প্রদর্শন—যেমন পাষণ্ডগণ কর্ত্তৃক ব্রহ্মচারী প্রভৃতির ভেক লইয়া আপনাকে ব্রহ্মচারী বলিয়া পরিচয় দেওয়া, গলায় পৈতা-ধারণপূর্ব্বক শূদ্র কর্ত্তৃক নিজকে ব্রাহ্মণ বলিয়া পরিচয় দেওয়া, (২) অন্যদিকে উৎকৃষ্ট ব্যক্তির অপকর্ষসাধনের নিমিত্ত সদাচারসম্পন্ন বিদ্বান্ ব্রাহ্মণকে শূদ্ররূপে খ্যাপন করা, (৩) রাজার প্রতি পৈশুন্য প্রদর্শন, (৪) রাজার নামে মিথ্যা করিয়া গর্হিত দোষ খ্যাপন, (৫) গুরু অর্থাৎ পিতা বা আচার্য্য প্রভৃতির নামে মিথ্যা-কলঙ্কারোপ এই সকল পাপকর্ম্ম ব্রহ্মহত্যার অনু অর্থাৎ ঠিক ব্রহ্মহত্যা হয়, তবে তৎসদৃশ। অসদভিপ্রায়ে অধীতবেদের বিস্মরণ, স্পষ্ট বাক্যে অথবা ব্যঙ্গচ্ছলে বেদের নিন্দা কৌটসাক্ষ্য, সুহৃদ্বধ (ব্রাহ্মণাতিরিক্ত মিত্রবধ), গর্হিতান্ন (অন্ত্যজ প্রভৃতির অন্ন) এবং গর্হিতাদ্য অর্থাৎ পুরীষ প্রভৃতি, ইহাদের ভক্ষণ, এই কয়টী কর্ম্ম সুরাপানের সদৃশ। নিক্ষেপ অর্থাৎ ব্রাহ্মণকর্ত্তৃক গচ্ছিত বস্তু, মনুষ্য, অশ্ব, রজত, ভূমি, হীরক এবং অপরবিধ মণি, ইহাদের অপহরণ—সুবর্ণচুরির সমান।

সপিণ্ডা স্ত্রী, পিতা মাতা প্রভৃতির সহিত সম্পর্কযুক্তা স্ত্রী, অবিবাহিত ব্রাহ্মণকন্যা, অন্ত্যজ অর্থাৎ চাণ্ডালাদির স্ত্রী এবং সখার পুত্রের স্ত্রী, এই সকল স্ত্রীতে শুক্রপাত করা গুরুতল্পগমনের সমান। বিষ্ণু বলেন,—"পিতার পিতৃব্য, মাতামহ, মাতুল এবং রাজপত্নীতে গমন গুরুতল্পগমনের সমান। এতদ্ভিন্ন পিস্তুতা ভগ্নী, মাসতুতা ভগ্নী, শ্রোত্রিয়পত্নী, ঋত্বিক্-পত্নী, মিত্র-পত্নী, ভগ্নীর সখী, সগোত্রা, নিজ হইতে উৎকৃষ্টবর্ণের স্ত্রী, কুমারী, অন্ত্যজা স্ত্রী, রজস্বলা, প্রব্রজ্যাকারিণী, এবং গচ্ছিতা স্ত্রী এই সকল গমনও অনুপাতক।" পিসী, সখী, মাসী, মাতুলানী, ভগিনী, শ্বাশুড়ী, পিতৃব্য-স্ত্রী, সখার স্ত্রী, শিষ্য স্ত্রী, আচার্য্যের ভার্য্যা, শরণাগতা, ধাত্রী এবং উত্তমবর্ণ-সম্ভূতা সাধ্বী স্ত্রী, এই সকল স্ত্রীতে গমনও অনুপাতক। এই সকল অগম্যাগমনরূপ অনুপাতক জ্ঞানকৃত হইলে মরণই মুখ্য প্রায়শ্চিত্ত, এবং অজ্ঞানকৃত হইলে দ্বাদশবার্ষিকব্রত। ক্ষত্রিয়াদির বধ বা কূটসাক্ষ্যাদিরূপ অনুপাতক জ্ঞানকৃত হইলে দ্বাদশবার্ষিকব্রত এবং অজ্ঞানকৃত হইলে ষড়্বার্ষিকব্রত। গুরুর মিথ্যা কলঙ্ক ঘোষণাস্থলে বশিষ্ঠ বলিয়াছেন যে—"উক্ত পাপকারী সচেল স্নাত হইয়া গুরুকে প্রসাদিত করিবে।" গুরু প্রসন্ন হইলেই সে ব্যক্তি ঐ পাপ হইতে মুক্ত হইবে। এই সকল অতিপাতক, মহাপাতক ও অনুপাতক ভিন্ন গোবধাদিরূপ পাপকর্ম্ম উপপাতকমধ্যে গণ্য। বর্ণাশ্রমীর পাপের অন্ত নাই। প্রাতঃকালে বাহ্যের চেষ্টা হউক বা না হউক, তথাপি একবার পায়খানায় বসিয়া আসিতে হইবে, নতুবা পাপ হইবে। ফলতঃ বর্ণাশ্রমীর পক্ষে বিধিও অনেক, নিষেধও অনেক; এই সকল বিধি না মানিলেও পাপ, নিষেধ না শুনিলেও পাপ। তবে সব পাপগুলি তুল্যরূপ নহে, উহাদের পরস্পর লঘুগুরু ভেদ আছে; সুতরাং এইরূপ সমুদয় পাপের প্রায়শ্চিত্তও একরূপ নহে, পাপের স্বরূপ অনুসারে সহজ ও কষ্টসাধ্য উভয়বিধ প্রায়শ্চিত্ত দৃষ্ট হয়। পাপী ব্যক্তি আপনি পাপ করিয়াছে, এই কথা জ্ঞাত হওয়া মাত্রেই ক্ষণমাত্র বিলম্ব না করিয়া ধর্ম্মশাস্ত্রে-অভিজ্ঞ পণ্ডিত ব্যক্তির নিকট আপনার পাপের স্বরূপ ও অনুষ্ঠানের প্রকার কীর্ত্তন করিয়া তাঁহাকে তৈলবট দানপূর্ব্বক যথাযথ প্রায়শ্চিত্তের উপদেশ গ্রহণ করিবে। তাঁহার নিকট হইতে পূজা গ্রহণপূর্ব্বক ঐ বিদ্বান্ ব্যক্তি প্রায়শ্চিত্তাচরণের পূর্ব্ব দিনের কর্ত্তব্যের সহিত প্রায়শ্চিত্তের ব্যবস্থা লিখিয়া দিবেন। ধর্ম্মশাস্ত্রে অনভিজ্ঞ ব্যক্তি যদি কোনরূপ অযথা প্রায়শ্চিত্তের ব্যবস্থা দেয়, তাহা হইলে ঐ

ব্যবস্থানুসারে কার্য্য করিয়া পাপী পাপ হইতে মুক্ত হইবে বটে, কিন্তু সেই অথবা ব্যবস্থাদাতা ঐ পাপে লিপ্ত হইবে। এক্ষণে নিম্নে কতকগুলি প্রায়শ্চিত্তের স্বরূপ উল্লেখ করিয়াই এই প্রবন্ধের উপসংহার করিব।

জ্ঞান এবং অজ্ঞানপূর্ব্বক গোহত্যাদি পাপের প্রায়শ্চিত্ত,—বিশ্বামিত্র বলিয়াছেন—"জ্ঞানপূর্ব্বক গোবধকারী দ্বিজাতির স্বকীয় পাপক্ষয়ার্থ চারিটী কৃচ্ছ্রব্রতের আচরণ কর্ত্তব্য। অজ্ঞানপূর্ব্বক গোহত্যাকারী দ্বিজাতির দুইটী কৃচ্ছ্র, এবং বালক ও বৃদ্ধের পক্ষে এক একটী কৃচ্ছ্র কর্ত্তব্য। স্ত্রী ও শূদ্রের পক্ষেও অর্দ্ধ প্রায়শ্চিত্ত। বালক বলিতে দ্বাদশবর্ষের কম বয়স্ক, বৃদ্ধ বলিতে আশী বৎসরের উপরান্ত বয়স্ক। শূদ্র বলিতে সমুদয় প্রতিলোমজাতবর্ণকেই বুঝিতে হইবে। কোনও ব্যক্তির পক্ষেই একপাদের ন্যূন প্রায়শ্চিত্ত নাই।" হারীত বলিয়াছেন,—"পাপকারী ব্রাহ্মণের বয়সের প্রতি, যে সকল প্রায়শ্চিত্ত করিতে প্রবৃত্ত হইয়াছে সেই কালের প্রতি, এবং সামর্থ্যের প্রতি লক্ষ্য রাখিয়া প্রায়শ্চিত্তের বিধান করিবে, বালক বা বৃদ্ধকে যুবা পুরুষের মত একই প্রায়শ্চিত্তের অনুষ্ঠান করিতে বলিবে না। শীতকালে যাদৃশ ব্রতের সহজে অনুষ্ঠান হয়, তাহারই উপদেশ করিবে, গ্রীষ্মকালে গ্রীষ্মকালের পক্ষে সুসাধ্য ব্রতের উপদেশ করিবে। এইরূপ প্রায়শ্চিত্তকারীর সামর্থ্য অনুসারেও প্রায়শ্চিত্তের ব্যবস্থা করিতে হইবে। দ্বিজাতিগণ স্বভাবতঃ যাদৃশ কঠোর ব্রত সাধন করিতে অভ্যস্ত, শূদ্র সেরূপ নহে। দ্বিজাতিগণের জন্য বিহিত ব্রত শূদ্রের পক্ষে যে সম্পূর্ণ দুঃসাধ্য, তাহাতে কোনও সংশয় নাই। শূদ্রকে দ্বিজাতির সমান প্রায়শ্চিত্ত করিতে বলা কখনই উচিত নয়; স্ত্রী মাত্রেই স্বভাবতঃ দুর্ব্বলা, সকল ঘরেই উহারা সমাদরে লালিত হইয়া থাকে, উহাদের জন্যও পুরুষের সমান প্রায়শ্চিত্তের বিধান করা নিতান্ত অসমঞ্জস হইয়া পড়ে।

ধর্ম্মশাস্ত্রে বিশেষরূপে অভিজ্ঞ ব্যক্তিই প্রায়শ্চিত্তোপদেশ করিবার যোগ্যপাত্র; সুতরাং অভাবপক্ষে তিনজনই হউক, দুইজনই হউক, অথবা নিতান্ত অভাবপক্ষে একজন ধর্ম্মশাস্ত্রাভিজ্ঞ যাহা ব্যবস্থা করিবে, তাহাকেই প্রকৃত ধর্ম্মানুগত বলিয়া বুঝিতে হইবে, ধর্ম্মশাস্ত্রে অনভিজ্ঞ হাজার হাজার লোক একবাক্যে তাহার বিপরীত বলিলেও তাহা গ্রাহ্য হইবে না। ধর্ম্মশাস্ত্র না বুঝিয়া যদি কেহ প্রায়শ্চিত্তের অশাস্ত্রীয় ব্যবস্থা দেয়, ঐ ব্যবস্থানুসারে কার্য্য করিয়া পাপী পবিত্র হইবে বটে, কিন্তু তাহার পাপ ঐ ব্যবস্থাদাতাতে

সংক্রামিত হইবে। একথা পূর্ব্বেই বলা হইয়াছে। ব্যবস্থাপক, অসমর্থ পাপীর নিকট তাহাকে পাপ হইতে নিবৃত্ত করিবার নিমিত্ত তৎকৃত পাপের সম্পূর্ণ প্রায়শ্চিত্ত কীর্ত্তন করিয়া পরে তাহার পক্ষে কতদূর অনুগ্রহ করা হইল, সম্পূর্ণ প্রায়শ্চিত্তের অর্দ্ধ কি পাদ প্রায়শ্চিত্তের ব্যবস্থা করা হইল, তাহা শুনাইয়া দিবে। পাদ প্রায়শ্চিত্তের কম আর অনুগ্রহ করা হইবে না।

এক দিকে যেমন ধর্ম্মশাস্ত্রে অনভিজ্ঞ হইয়া অশাস্ত্রীয় ব্যবস্থা দিলে উপদেষ্টার দোষ হয়, অন্য দিকে তেমনি ধর্ম্মশাস্ত্রে অভিজ্ঞ হইয়া যদি প্রায়শ্চিত্তজিজ্ঞাসুকে শাস্ত্রসম্মত প্রায়শ্চিত্তের ব্যবস্থা দিতে অস্বীকার করে, তা হ'লেও তথাবিধ উপদেষ্টা পাপভাগী হইবে।

প্রায়শ্চিত্ত-জিজ্ঞাসু ব্রাহ্মণজাতীয় হইলে তাহাকে ত সাক্ষাৎ উপদেশ দিবে এবং প্রায়শ্চিত্ত-জিজ্ঞাসু ক্ষত্রিয়াদিজাতীয় হইলে তাহাকে সাক্ষাৎ সম্বন্ধে উপদেশ না দিয়া একজন ব্রাহ্মণকে মধ্যবর্ত্তী রাখিয়া প্রায়শ্চিত্তের উপদেশ প্রদান করিবে।

প্রায়শ্চিত্ত সান্তপনাদি ভেদে নানাবিধ। সান্তপনের স্বরূপ যাজ্ঞবল্ক্য এইরূপ বলিয়াছেন—"কুশোদক, গোদুগ্ধ, গোদধি, গোমূত্র, গোময় এবং গব্যঘৃত এই কয়টী দ্রব্য পূর্ব্বদিন একত্র ভোজন করিয়া পরদিন উপবাস করিলে সান্তপন ব্রতের অনুষ্ঠান করা হইবে। এই সান্তপন ব্রত দিনদ্বয়সাধ্য; ইহার অনুকল্প একটী পুরাণ দান।" যম দিনত্রয়সাধ্য সান্তপনের কথাও বলিয়াছেন,—একদিন গোমূত্রাদি দ্রব্য চতুষ্টয় ভোজন, দ্বিতীয় দিনে কুশোদক মাত্র পান, তৃতীয় দিন উপবাস। বিণ্মূত্রাদি ভোজনজন্য পাপস্থলে দ্ব্যহসাধ্য সান্তপন কর্ত্তব্য; সর্ব্বপ্রকার সংসর্গজন্য পাপে পূর্ব্বোক্ত দিনত্রয়সাধ্য সান্তপন বা কৃচ্ছ্র অনুষ্ঠেয়। যথাবিধি দিনদ্বয়সাধ্য সান্তপনানুষ্ঠানের পর কপিলার স্তন হইতে ধারাপ্রবাহে নির্গত উষ্ণোষ্ণ দুগ্ধমাত্র পান করার নাম কৃচ্ছ্র। ব্রহ্মপুরাণে কৃচ্ছ্র সান্তপন নামক একটী প্রায়শ্চিত্তের স্বরূপ নির্দ্দেশ করা হইয়াছে, যথা—প্রথম দিনে সম্পূর্ণ উপবাসী, তৎপরদিনে গোমূত্রমাত্রভোজী, তৃতীয় দিনে গোময়মাত্র ভোজনকারী ও চতুর্থ দিনে গোদুগ্ধ মাত্র ভোজনকারী হইয়া এবং পঞ্চমদিনে কেবলমাত্র দধি ও ষষ্ঠদিনে কেবলমাত্র ঘৃত ভোজন, সপ্তম দিনে কেবলমাত্র কুশোদক পান করিয়া কৃচ্ছ্র সান্তপনের অনুষ্ঠান করিবে।" মনু বলিয়াছেন—"ইচ্ছাপূর্ব্বক জাতিভ্রংশকর কর্ম্মানুষ্ঠানকারীর পক্ষে এই

সপ্তাহসাধ্য কৃচ্ছ্রসান্তপনই অনুষ্ঠেয় এবং অনিচ্ছাপূর্ব্বক তথাবিধ কর্ম্মানুষ্ঠান-কারীর পক্ষে প্রাজাপত্যই কর্ত্তব্য। ইহাতে প্রাজাপত্য অপেক্ষা কৃচ্ছ্র সান্তপনের গুরুত্ব প্রতীত হইতেছে। এই সপ্তাহসাধ্য কৃচ্ছ্র সান্তপনের অনুকল্প ধেনুদ্বয় দান। যাজ্ঞবল্ক্য এইরূপ সান্তপনকে মহাসান্তপন নাম দিয়াছেন। জাবাল, প্রথম দিন উপবাসের বিধান না করিয়া শেষ দিনে উপবাসের বিধান করিয়াছেন। জাবালের মহাসান্তপন একটী স্বতন্ত্র ব্রত, এক একটী গোমূত্রাদি দ্রব্য পর পর তিন দিন পান করিবার পর পরবর্ত্তী তিন দিন উপবাস করাকে মহাসান্তপন ব্রত বলে। ইহার অনুকল্প ছয়টী ধেনুদান।

শিশুকৃচ্ছ্র—একদিন প্রাতঃকালে, একদিন সায়ংকালে, একদিন অযাচিত এবং একদিন বায়ু অর্থাৎ গরম দুগ্ধের ভাপমাত্র খাইয়া থাকাকে শিশুকৃচ্ছ্র বলে। অনুকল্প একটী পুরাণদান। (যম)

পরাক—সংযতাত্মা এবং প্রমাদশূন্য হইয়া দ্বাদশ দিন উপবাস করার নাম পরাক। ইহা সর্ব্বপাপপ্রণাশক। অনুকল্প পঞ্চ ধেনুদান। (যম)

অতিকৃচ্ছ্র—প্রাজাপত্যের মত পূর্ব্ববর্ত্তী তিন তিন দিন করিয়া যথাক্রমে প্রাতঃ, সায়ং এবং মধ্যাহ্নকালে এক এক গ্রাস মাত্র ভোজন করিয়া অন্তিম তিন দিন উপবাস করিয়া থাকার নাম অতিকৃচ্ছ্র। ইহার পূর্ণরূপে অনুষ্ঠানে অশক্তের পক্ষে যাজ্ঞবল্ক্য এক এক থাবা অন্ন ভক্ষণের বিধান করিয়াছেন। ইহাও এক প্রকার প্রাজাপত্য। তপ্তকৃচ্ছ্র হইতে কিঞ্চিৎ হীন বলিয়া ইহার অনুকল্প তিনটী ধেনুদান। (মনু)

সৌম্যকৃচ্ছ্র—এক এক দিন যথাক্রমে খোল, ভাতের মণ্ড, ঘোল, জল এবং শক্তুভক্ষণের পর একরাত্র উপবাস করার নাম সৌম্যকৃচ্ছ্র। ইহার অনুকল্প একটী ধেনুদান।

কৃচ্ছ্রাতিকৃচ্ছ্র—বশিষ্ঠ কৃচ্ছ্রাতিকৃচ্ছ্রের স্বরূপ এইরূপ বলিয়াছেন—"ইহা প্রাজাপত্যেরই তুল্য; তবে প্রাজাপত্যে নবম দিনে গ্রাসবিশেষের ভক্ষণের কথা আছে, এস্থলে নবম দিনে এক হাতের তলায় একবার যতটুকু জল উঠান যাইতে পারে, সেইটুকু মাত্র জল পান করিবে এবং ত্রিরাত্র উপবাস করিবে, এইরূপ বিধান করা হইয়াছে।" সুমন্ত কৃচ্ছ্রাতিকৃচ্ছ্রের স্বরূপ এইরূপ বলিয়াছেন,—"দ্বাদশ রাত্র অনাহার করাকে কৃচ্ছ্রাতিকৃচ্ছ্র বলে। উপরে যে দুই প্রকার কৃচ্ছ্রাতিকৃচ্ছ্রের কথা বলা হইল, ইহা অশক্তের পক্ষেই বুঝিতে হইবে। ইহার অনুকল্প পাঁচটী ধেনুদান। মুখ্য অর্থাৎ শক্তপক্ষে কৃচ্ছ্রাতিকৃচ্ছ্রের স্বরূপ এইরূপ বিহিত হইয়াছে। "ইহার অনুষ্ঠান কাল ২১ দিন; যথা,—যথাক্রমে সায়ংকালে ৭ দিন, প্রাতঃকালে ৭ দিন, এবং মধ্যাহ্নকালে ৭ দিন সংযত হইয়া শীতল জল পান করাকে কৃচ্ছ্রাতিকৃচ্ছ্র বলে। ইহা ছয় ধেনুদানের তুল্য, এবং শাস্ত্রবিশেষে মহাসান্তপন নামে অভিহিত হইয়াছে।

তপ্তকৃচ্ছ্র—মনু তপ্তকৃচ্ছ্রের এইরূপ পরিভাষা করিয়াছেন,—"ব্রাহ্মণ তপ্তকৃচ্ছ্রব্রত আচরণ করিবার সময় প্রত্যহ সমাহিত হইয়া একবারমাত্র স্নান করিবে এবং তিন দিন করিয়া যথাক্রমে উষ্ণোষ্ণ জল, দুগ্ধ, ঘৃত এবং অনিল পান করিয়া থাকিবে।" অনিল পানের তাৎপর্য্য তপ্তদুগ্ধের বাষ্প (ভাপ্) পান করা। ব্রহ্মপুরাণে ইহার পরিভাষা একটু পরিষ্কার করিয়া বলা হইয়াছে, যথা—"তপ্তকৃচ্ছ্রব্রতচারী শুদ্ধ হইয়া প্রথম তিনদিন ষট্পলপরিমিত সুতপ্ত জল পান করিবে, তাহার পর তিনদিন প্রভাতকালে তিন পল করিয়া সুতপ্ত দুগ্ধ পান করিবে। তাহার পর তিন দিন মধ্যাহ্নকালে এক পল করিয়া তপ্ত ঘৃত পান করিবে, তাহার পর তিন দিন বায়ুভক্ষণ করিবে।" যম প্রত্যবসিত নামক পাপকারীদিগের পক্ষে একটী চান্দ্রায়ণ অথবা দুইটী তপ্তকৃচ্ছ্রের বিধান করিয়াছেন। সুতরাং একটী একটী তপ্তকৃচ্ছ্র অর্দ্ধ চান্দ্রায়ণের তুল্য হওয়ায় পৌণে চারিটী ধেনুদানই ইহার অনুকল্প। তবে সাক্ষাৎ ধেনুদানস্থলে ধেনুর খণ্ড করা যাইতে পারে না বলিয়া চারিটি ধেনুই দান করিতে হইবে। যাজ্ঞবল্ক্য আর এক প্রকার তপ্তকৃচ্ছ্রের কথা বলিয়াছেন, উহা দিনচতুষ্টয়সাধ্য; যথা—এক একদিন যথাক্রমে তপ্তদুগ্ধ, তপ্তজল এবং তপ্তঘৃত পান করিবার পর একরাত্রি উপবাস করিবে, এই তপ্তকৃচ্ছ্র উপরোক্ত তপ্তকৃচ্ছ্রের তৃতীয় ভাগ স্বরূপ হওয়ায় ইহার অনুকল্প সপাদ ধেনুদান।"

এতদ্ভিন্ন বৃদ্ধকৃচ্ছ্র, বালকৃচ্ছ্র এবং পাদকৃচ্ছ্র প্রভৃতি কতকগুলি কৃচ্ছ্রের ভেদ আছে। তন্মধ্যে বৃদ্ধকৃচ্ছ্রের পরিভাষা শঙ্খ ও লিখিত এইরূপ করিয়াছেন,—"তিন দিন ধরিয়া প্রাতঃ এবং সায়ংকালে অযাচিত ভক্ষণ করা এবং তিন দিন উপবাস করা, ইহার নাম কৃচ্ছ্র অথবা প্রাজাপত্য। বৃদ্ধকৃচ্ছ্রে দুই দিন দুই দিন করিয়া ঐ রকম ব্রতের আচরণ এবং বালকৃচ্ছ্রে এক এক দিন করিয়া ঐরূপ ব্রতের আচরণ করিতে হয়। বৃদ্ধকৃচ্ছ্রের অনুকল্প দুইটী পুরাণ দান এবং বালকৃচ্ছ্রকে শিশুকৃচ্ছ্র বলা যায়। কৃচ্ছ্রার্দ্ধের অনুকল্প ২৪ পণ কড়িদান। পাদ-

কৃচ্ছ্রের অনুকল্প দ্বাদশ পণ কড়িদান। একভক্তাদি স্থলে পাদকৃচ্ছ্রের গ্রাসের
নিয়ম নাই. শিশুকৃচ্ছ্রের স্থলে গ্রাসের নিয়ম আছে। পাদকৃচ্ছ্র এবং শিশুকৃচ্ছ্রের
মধ্যে ইহাই প্রভেদ। আপস্তম্ব কৃচ্ছ্রার্দ্ধের স্বরূপপরিভাষা এইরূপ করিয়াছেন,
—“একদিন সায়ংকালে, একদিন প্রাতঃকালে ভক্ষণ, দুইদিন অযাচিত ভক্ষণ
এবং দুইদিন উপবাস করার নাম কৃচ্ছ্রার্দ্ধ। যাজ্ঞবল্ক্য পাদকৃচ্ছ্রের এইরূপ পরি-
ভাষা করিয়াছেন—“একদিন একভক্ত, একদিন নক্ত, একদিন উপবাস করিয়া
দান করাকে পাদকৃচ্ছ্র বলে।” জাবাল ব্রহ্মকৃচ্ছ্রের এইরূপ পরিভাষা করিয়া-
ছেন—“একদিন, বিশেষ করিয়া পূর্ণিমার দিন—উপবাস করিয়া থাকিয়া পরদিন
পঞ্চগব্য পানের নাম ব্রহ্মকৃচ্ছ্র।” বৃদ্ধ শাতাতপ এই পঞ্চগব্যের অন্তর্গত
দ্রব্যের পরিমাণও স্থির করিয়াছেন, যথা,—গোময়ের দ্বিগুণ গোমূত্র, চতুর্গুণ
ঘৃত, অষ্টগুণ দুগ্ধ, এবং অষ্টগুণ দধি। এই দিনদ্বয়সাধ্য ব্রহ্মকৃচ্ছ্র ব্রতের
অনুকল্প একটী পুরাণ দান। শঙ্খ অন্যবিধ ব্রহ্মকৃচ্ছ্রের এইরূপ পরিভাষা
করিয়াছেন,—“গায়ত্রী উচ্চারণপূর্ব্বক গোমূত্র, “গন্ধদ্বারা” এই মন্ত্র উচ্চারণ-
পূর্ব্বক গোময়, ‘আপ্যায়স্ব’ এই মন্ত্র উচ্চারণপূর্ব্বক দুগ্ধ, ‘দধিক্রাবণ্’ এই
মন্ত্র উচ্চারণপূর্ব্বক দধি, “তেজসি” এই মন্ত্র উচ্চারণপূর্ব্বক ঘৃত এবং
“দেবস্য ত্বা” এই মন্ত্র উচ্চারণপূর্ব্বক কুশোদক পান করিবে,” এই পঞ্চগব্যের
অর্দ্ধভাগ গোমূত্র হইবে, গোময় এবং দুগ্ধের ৩ ভাগ, দধির দুই ভাগ,
একভাগ ঘৃত ও কুশোদকের একভাগ। গোমূত্রের পরিমাণ ১ তোলা।
এই ব্রহ্মকৃচ্ছ্রব্রত উপবাসের পরদিনই কর্ত্তব্য। কুশোদক পানই ইহার
বৈশিষ্ট্য। পরাশর অন্যবিধ পরিমাণও বলিয়াছেন,—“গোমূত্রের পরিমাণ
৮ মাষা, গোময়ের ষোড়শ মাষা, দুগ্ধের দ্বাদশ মাষা, দধির দশ মাষা,
ঘৃতের পরিমাণ গোমূত্রের ন্যায়ই অর্থাৎ ৮ মাষা, কুশোদকের পরিমাণ
উহার অর্দ্ধ।” যেস্থলে কোনও মন্ত্রের কথা বিশেষ করিয়া বলা হয় নাই,
তথাবিধ স্থল সম্বন্ধে যম বলিয়াছেন—“ঐ সকল দ্রব্য প্রণব উচ্চারণপূর্ব্বক
আহরণ করিয়া, প্রণব উচ্চারণপূর্ব্বকই উঠাইয়া প্রণব উচ্চারণপূর্ব্বক আলোড়ন
করিয়া, প্রণব উচ্চারণপূর্ব্বকই পান করিবে।” এই প্রকার ব্রহ্মকৃচ্ছ্র দিনদ্বয়-
সাধ্য এবং একটী পুরাণ ইহার অনুকল্প। আর একটী প্রায়শ্চিত্ত চান্দ্রায়ণ;
ইহার ভেদ শিশুচান্দ্রায়ণ, যতিচান্দ্রায়ণ, যবমধ্য এবং পিপীলিকাকৃতি।
সাধারণতঃ চান্দ্রায়ণের নিয়ম মনু এইরূপ করিয়াছেন,—“কৃষ্ণপক্ষের প্রতিপদে

চতুর্দ্দশ গ্রাস, দ্বিতীয়ায় ত্রয়োদশ, এইরূপ ক্রমে এক এক গ্রাস হ্রাস করিয়া চতুর্দ্দশীতে এক গ্রাস মাত্র ভোজন করিবে, এবং অমাবস্যাতে উপবাস করিবে। আবার শুক্লপক্ষের প্রতিপদে এক গ্রাস ভোজন করিবে, তাহার পরবর্ত্তী প্রতি তিথিতে এক এক গ্রাস বৃদ্ধি করিয়া পূর্ণিমাতে পঞ্চদশ গ্রাস ভোজন করিবে। এই নিয়মে একটী চান্দ্রমাসের মধ্যে দুইশত পঁচিশ ২২৫ গ্রাস ভোজন করার নাম চান্দ্রায়ণ ব্রত। ভোজন মধ্যাহ্নকালেই করিবে, যেহেতু ভোজনের জন্য অন্য কালের নিয়ম করা হয় নাই; এবং চান্দ্রায়ণ ব্রতাচরণের সময় প্রতিদিন স্নানও করিতে হইবে। এই চান্দ্রায়ণের নাম পিপীলিকাকৃতি। যবমধ্য চান্দ্রায়ণেরও এইরূপই নিয়ম; বিশেষের মধ্যে এই যে, উহা শুক্ল প্রতিপদে এক গ্রাস ভোজন করিতে আরম্ভ করিয়া প্রতিতিথিতে এক এক গ্রাসের বৃদ্ধি করত পূর্ণিমার দিন পঞ্চদশ গ্রাস, তাহার পর কৃষ্ণ প্রতিপদ হইতে এক এক গ্রাস কমাইতে কমাইতে চতুর্দ্দশীতে এক গ্রাস এবং অমাবস্যাতে উপবাস। পিপীলিকার মধ্যদেশ যেরূপ ক্ষীণ, এবং দুইভাগ মোটা, প্রথমোল্লিখিত চান্দ্রায়ণের ভোজনগ্রাসের সেইরূপ নিয়ম থাকায় উহা পিপীলিকাকৃতি। দ্বিতীয় চান্দ্রায়ণের “যবমধ্য” নাম দিবার কারণ, যবের যেরূপ দুই দিক সরু, মধ্যভাগ মোটা, ইহারও গ্রাসের পরিমাণ সেইরূপে অবস্থিত বলিয়া উহাকে যবমধ্য বলা হইয়াছে। যতি চান্দ্রায়ণের পরিভাষা মনুই এই রকম বলিয়াছেন,—“সংযতাত্মা হইয়া চান্দ্রমাসের প্রতিতিথিতে মধ্যাহ্নকালে হবিষ্যান্নের আট আট গ্রাস ভোজন করার নাম যতিচান্দ্রায়ণ।” শিশুচান্দ্রায়ণের পরিভাষা মনুই এইরূপ করিয়াছেন,—“বিপ্র সমাহিত হইয়া প্রাতঃকালে চারিগ্রাস, এবং সূর্য্যাস্ত হইবার পর যে চারিগ্রাস ভোজন করে, তাহার নাম শিশুচান্দ্রায়ণ।” একটী চান্দ্রমাসের মধ্যে যে কোনও প্রকারে দুইশত চল্লিশ গ্রাস ভোজন করার নাম সর্ব্বতোমুখ চান্দ্রায়ণ, অর্থাৎ ইহাতে তিথিবিশেষে ভোজনগ্রাসের নিয়ম নাই। যতিচান্দ্রায়ণ, শিশুচান্দ্রায়ণ এবং সর্ব্বতোমুখ চান্দ্রায়ণের আরম্ভ কেহ ইচ্ছা করিয়া শুক্লপক্ষের প্রতিপদে করিতে পারে, কেহ বা কৃষ্ণপক্ষের প্রতিপদে করিতে পারে। ফল, এই পাঁচপ্রকার চান্দ্রায়ণই ৩০ দিন সাধ্য। ইহার মধ্যে গৌতম পিপীলিকাকৃতি এবং যবমধ্য চান্দ্রায়ণের অন্যপ্রকার ভেদও বলিয়াছেন, যথা—“চতুর্দ্দশীতে সংযম, পৌর্ণমাসীতে পঞ্চদশগ্রাস, তৎপরবর্ত্তী কৃষ্ণপ্রতিপদে চতুর্দ্দশগ্রাস, এইরূপ এক

একটী গ্রাস কমাইয়া কৃষ্ণচতুর্দ্দশীতে একগ্রাস, অমাবস্যায় উপবাস, তৎপরবর্ত্তী শুক্লপ্রতিপদে একগ্রাস, এইরূপ প্রতি তিথিতে এক এক গ্রাস বাড়াইতে বাড়াইতে পূর্ণিমাতে পঞ্চদশ গ্রাস, এইরূপে মিলিত হইয়া সম্পূর্ণ চান্দ্রমাসে দুই শত চল্লিশ ২৪০ গ্রাস হয়; এইরূপ গ্রাসের নিয়মই উচিত বোধ হইতেছে, কারণ যতিচান্দ্রায়ণাদিতে ২৪০ গ্রাস ভোজন করিবার বিধান করা হইয়াছে। ইহা হইল—গৌতমোক্ত পিপীলিকাকৃতি। যবমধ্য চান্দ্রায়ণের নিয়ম যথা—"কৃষ্ণ-চতুর্দ্দশীতে সংযম, অমাবস্যাতে পঞ্চদশ গ্রাস, তাহার পরবর্ত্তী শুক্লপ্রতিপদে এক গ্রাস,তাহার পর এক এক গ্রাস বাড়াইতে বাড়াইতে পূর্ণিমাতে ১৫ গ্রাস,পরবর্ত্তী কৃষ্ণপ্রতিপদে চতুর্দ্দশ গ্রাস এইরূপে প্রতিতিথিতে এক এক গ্রাস কমাইয়া কমাইয়া অমাবস্যাতে উপবাস।" জাবাল বলেন,—"যবমধ্য চান্দ্রায়ণ-ব্রতাচারী শুক্লপক্ষের প্রতিতিথিতে এক এক গ্রাস বর্দ্ধিত করিবে, এবং কৃষ্ণপক্ষের প্রতি-তিথিতে এক এক গ্রাস কমাইয়া কমাইয়া অমাবস্যাতে উপবাস করিয়া থাকিবে। এইরূপ পিপীলিকাকৃতি চান্দ্রায়ণচারী কৃষ্ণপক্ষের প্রতিপদ হইতে ক্রমশঃ এক গ্রাস করিয়া কমাইতে থাকিবে, এবং শুক্লপক্ষের প্রতিপদ হইতে এক এক গ্রাস বাড়াইতে থাকিবে, পূর্ণিমাতে ভোজন করিবে না।" ঋষিচান্দ্রায়ণ নামক আর একটী চান্দ্রায়ণ আছে, যম উহার এইরূপ নিয়ম করিয়াছেন,—"দৃঢ়ব্রত এবং সংযতাত্মা ব্যক্তি কর্ত্তৃক চান্দ্রমাসের প্রতিদিন তিন তিন গ্রাস করিয়া হবিষ্যান্ন ভোজনের নাম ঋষিচান্দ্রায়ণ। সকলপ্রকার চান্দ্রায়ণেই চতুর্দ্দশীতে উপবাস করিয়া পূর্ণিমা বা অমাবস্যাতে সংযম করিবে। চান্দ্রায়ণের অনুকল্প সাড়ে সাতটী ধেনু। তবে শিশু চান্দ্রায়ণ, যতিচান্দ্রায়ণ সর্ব্বতোমুখ চান্দ্রায়ণ এবং ঋষি চান্দ্রায়ণে গ্রাসের ক্ষয়-বৃদ্ধি এবং উপবাস না থাকায় ক্লেশ কম হয় বলিয়া পৌণে চারিটী ধেনু দানই উহাদের অনুকল্প। ফলতঃ ঋষি-চান্দ্রায়ণের বিষয় সূক্ষ্মবিচার করিতে গেলে ৫টী ধেনুদানই ইহার অনুকল্প। প্রায়শ্চিত্তের মধ্যে নক্তব্রতের অনুকল্প এক মাষক (দুই রতি) রৌপ্যদান। একাহ উপবাস তিনটী নক্তব্রতের সমান। একাহ উপবাসের অনুকল্প আটপণ। ছয় দিন উপবাস এক প্রাজাপত্যের তুল্য হেতু উহার অনুকল্প একটী ধেনুদান। "ব্রাহ্মণ বিষ্ঠা-মূত্র ত্যাগের পর অশুচি অবস্থায় চাণ্ডাল ও শ্বপচ স্পর্শ করিলে ত্রিরাত্র উপবাস করিবে, এবং অর্দ্ধোচ্ছিষ্ট অবস্থায় ঐ সকল জাতিকে স্পর্শ করিলে ষড়্রাত্র উপবাস করিবে" শাতাতপ এই কথা বলিয়াছেন। সুমন্ত বলিয়াছেন, "ব্রাহ্মণ

চাণ্ডাল, পতিত, রজঃস্বলা নারী এবং উচ্ছিষ্ট ব্যক্তিকে স্পর্শ করিয়া প্রাজাপত্য দ্বারা শুদ্ধ হইবে।" এই উভয় মুনির বচনে চাণ্ডাল ও পতিতস্পর্শে প্রাজাপত্য অথবা ছয় দিন উপবাসের বিধান থাকায় প্রাজাপত্য এবং ছয় দিন উপবাস যে তুল্য, ইহাই প্রতীত হইতেছে, এবং প্রাজাপত্যের অন্তর্গত তিন দিন উপবাসের দ্বারা নবম দিনসাধ্য ব্রতের সংকলন করা হইয়াছে। সুতরাং তিন দিনের উপবাসের স্থলমাত্রেরই সার্দ্ধপুরাণ দান অনুকল্প হইল, এবং "অজ্ঞান-পূর্ব্বক চাণ্ডালাদির অন্ন, রেতঃ, বিষ্ঠা, এবং মূত্র ভোজন করিয়া তিন দিন উপবাস করিবে", এই বচনে তিন দিন উপবাস যে প্রাজাপত্যের অর্দ্ধ, তাহাও প্রতীত হইতেছে। জ্ঞানপূর্ব্বক পাপ অপেক্ষা অজ্ঞানপূর্ব্বক পাপের অর্দ্ধপ্রায়-শ্চিত্ত নির্দ্ধারিত থাকায় তিন দিন উপবাসের অনুকল্প সার্দ্ধপুরাণ দান, দুই দিন উপবাসের অনুকল্প এক পুরাণ দান, এবং চারি দিন উপবাসের অনুকল্প দুইটী পুরাণ দান। এইরূপ যে যে প্রায়শ্চিত্তের অনুকল্পরূপে যেমন যেমন ধেনুসঙ্কলন করা হইয়াছে, তাহা মূল গ্রন্থেই ব্যক্ত করিয়া বলা হইয়াছে। আমরা আর সে সবগুলির উপন্যাস করিয়া প্রস্তাবনার কলেবর বৃদ্ধি করিলাম না। সহৃদয় পাঠকগণ মূল হইতেই তাহাদের সংগ্রহ করিয়া লইবেন।

এক্ষণে সহৃদয় পণ্ডিত মহোদয়দিগের নিকট সানুনয় প্রার্থনা এই যে, তাঁহারা আমার এই অনুবাদটী সম্পূর্ণ ভ্রান্তি প্রভৃতি দোষপূর্ণ হইলেও আপনাদের প্রকৃতিসুলভ মহত্ত্বগুণে সেই দোষগুলি সংশোধন করিয়া লইবেন, এবং আমাকেও জানাইবেন। কারণ তাঁহাদের উপদেশ অনুসারে আমি ভবিষ্যতে সেই সকল স্থল সংশোধন করিয়া লইতে পারিব। ইতি ।

শ্রীহৃষীকেশ শর্ম্মা (শাস্ত্রী)

ভাটপাড়া।

প্রায়শ্চিত্তত্ত্বম্ ।

মঙ্গলাচরণম্ ।

প্রণম্য সচ্চিদানন্দং সৃষ্টিস্থিত্যন্তকারিণম্ ।
প্রায়শ্চিত্তস্য তত্ত্বানি বক্তি শ্রীরঘুনন্দনঃ ॥ ১ ॥

তড়িদ্বীতো নীলাম্বুজরুচিররাগস্তরুতলে
লসদ্বংশীনাদামৃতনিকরবর্ষী প্রিয়সখি ।
নবীনোঽয়ং কিং মে রচয়তি হৃদীতীঙ্গিতকথা
মৃদুস্পন্দা রাধা জয়তি বকশত্রোর্হৃদি গতা ॥
স্ফুটা প্রায়শ্চিত্ততত্ত্বব্যাখ্যা মোহনশর্ম্মণা ।
ক্রিয়তেঽদ্বৈতবংশেন গোবিন্দরতিকাময়া ॥

প্রারিপ্সিতগ্রন্থসমাপ্তিহেতুতয়া মঙ্গলমাচরন্ শিষ্যশিক্ষায়ৈ তদুপনিবন্ধং তদবধানায় প্রতিজ্ঞাঞ্চাচরতি প্রণম্যেত্যাদি। 'অথ মঙ্গলস্য গ্রন্থসমাপ্তিহেতুত্বে কিং মানমিতি চেৎ।'' শিষ্টাচারানুমিতবেদ এব মানং, তথাহি মঙ্গলং -বেদবোধিতগ্রন্থসমাপ্তিহেতুতাকং গ্রন্থাদৌ শিষ্টৈরনুষ্ঠীয়মানত্বাৎ ইতি বেদানুমানম্। বেদশ্চ "গ্রন্থসমাপ্তিকামো মঙ্গলমাচরে'দিত্যাদিরূপঃ। মঙ্গলঞ্চ ঈশ্বরপ্রণামাদি। "ন চ নাস্তিকগ্রন্থস্য বিনাপি মঙ্গলং সমাপ্তেঃ, কুত্রচিৎ কৃতেঽপি মঙ্গলেঽসমাপ্তের্ব্যভিচার" ইতি বাচ্যম্। জন্মান্তরীয়মঙ্গলাদেব নাস্তিকগ্রন্থসমাপ্তেঃ, সত্যপি মঙ্গলে কুত্রচিৎ সমাপ্তিবিরহঃ কর্ম্মকর্ত্তৃসাধনবৈগুণ্যেন মঙ্গলস্যাসঙ্কলত্বাৎ। বস্তুতস্তু মঙ্গলং ন সাক্ষাৎ গ্রন্থসমাপ্তিহেতুঃ, কিন্তু

মঙ্গলাচরণ।

(জগতের) সৃষ্টি, স্থিতি, এবং প্রলয়কারী সচ্চিদানন্দদেবকে প্রণাম করিয়া—রঘুনন্দন প্রায়শ্চিত্তের তত্ত্ব সকলের অর্থাৎ লক্ষণ, স্বরূপ, অধিকারী এবং কর্ত্তব্যতাদির নিরূপণ করিতেছেন। ১।

প্রতিজ্ঞা ।

"প্রায়শ্চিত্তস্য লক্ষ্মাত্র তথা তত্ত্বপ্রসঙ্গকৌ ।
কর্ত্তৃসংস্কারকাঙ্গানাং প্রতিকর্ম্মনিবর্ত্তনম্ ॥

প্রতিবন্ধকীভূতবিঘ্নবিনাশদ্বারা । এবঞ্চ যত্র স্বতঃসিদ্ধবিঘ্নবিরহস্তত্র মঙ্গলং বিনৈব গ্রন্থসমাপ্তিঃ, যত্র চ বহুবিধা বিঘ্নাস্তত্র তথাবিধান্যেব মঙ্গলানি চ নাশানমর্থানীতি কস্মিংশ্চিন্মঙ্গলে কৃতেঽপি সমস্তবিঘ্নানাশেন কুত্রচিৎ ন সমাপ্তিরিতি। "অথৈবম্ সর্ব্বত্র বিঘ্নসংশয়েন মঙ্গলে প্রবৃত্তির্ন স্যাৎ। নৈমিত্তিকো নিমিত্তনিশ্চয়বদেবাধিকারাৎ" ইতি চেন্মৈবং, সতি বিঘ্নে তন্নাশস্যাবশ্যকতয়া, অসতি চ তস্মিন্ মঙ্গলেন পুণ্যমেব ভবিষ্যতীতি তর্কেণাপি প্রবৃত্তিসম্ভবাৎ, নিমিত্তনিশ্চয়পদেন উৎকটকোটিকসম্ভাবনয়া উপলক্ষণাৎ বিঘ্নসন্দেহেঽপি সমাপ্তিমুদ্দিশ্য প্রবৃত্তিসম্ভবাচ্চেতি দিক্। "প্রণম্য' প্রকর্ষেণ নত্বা, প্রকর্ষশ্চ ভক্তিশ্রদ্ধাতিশয়যুক্তত্বং, নমধাত্বর্থঃ স্বাপকর্ষবোধকব্যাপারঃ। সচ্চিদানন্দমিত্যত্রাবধিমত্ত্বপ্রকারকত্বং দ্বিতীয়ার্থঃ, তস্য চ ধাত্বর্থতাবচ্ছেদকক্রিয়াজন্যফলবোধেঽন্বয়ঃ ন তু দ্বিতীয়ার্থস্যাধেয়ত্বস্য বোধেঽন্বয়ঃ। তথা সতি যত্র কৃষ্ণমুদ্দিশ্য প্রণামস্তত্র যদি নিরুক্তাপকর্ষবোধো দেবদত্তস্য ভবতি, তদা তত্র দেবদত্তং প্রণমতীতি প্রয়োগাপত্তেঃ। বস্তুতস্তু স্বাপকর্ষাবধিত্বপ্রকারকবোধানুকূলব্যাপারো নমধাত্বর্থঃ, বিশিষ্টতাশ্রয়বিষয়িতা দ্বিতীয়ার্থঃ। তস্য চ তাদৃগ্বোধেঽন্বয়ঃ। সচ্চিদানন্দং ব্রহ্ম ইত্যর্থঃ। তটস্থলক্ষণং বিশেষণমাহ সৃষ্টিস্থিত্যন্তকারিণমিতি; সম্বন্ধিবিশেষানির্দ্দেশাৎ সৃষ্ট্যাদিপদং বিশ্বসৃষ্ট্যাদিপরম্; এতেন সর্ব্বোৎকৃষ্টত্বং দর্শিতম্। ক্ষিত্যাদি বিশ্বং কার্য্যত্বাৎ সকর্ত্তৃকমিত্যনুমানসিদ্ধং ব্রহ্মণো দর্শিতম্। 'প্রায়শ্চিত্তস্য তত্ত্বানি" লক্ষণস্বরূপাধিকারিবিশেষকর্ত্তব্যত্বাদীনি, সাক্ষাৎ পরম্পরয়া প্রায়শ্চিত্তবৃত্তীনি "বক্তি" বচোঽনুকূলব্যাপারবান্। ব্যাপরাঙ্গবক্তিনীবিষয়তা দ্বিতীয়ার্থঃ, তস্যাশ্চ ধাত্বর্থতাবচ্ছেদকবচনস্যান্বয়ঃ। যদ্বা "বক্তি" নিরূপয়তি নিরূপণং জ্ঞানানুকূলব্যাপারঃ। তত্র জ্ঞানে দ্বিতীয়ার্থবিষয়িতায়া অন্বয়ঃ, সচ ব্যাপারঃ শব্দ এব, এতেন প্রায়শ্চিত্তত্ত্বাত্মকাভিধেয়ানাং প্রতিপাদকত্বসম্বন্ধো গ্রন্থে লব্ধঃ। প্রয়োজনঞ্চ বিশেষানির্দ্দেশেন প্রধানতয়া মুক্তিরেব লভ্যতে। এবঞ্চ মুক্তিরূপেষ্টসাধনতাজ্ঞানাৎ প্রায়শ্চিত্তত্ত্বজ্ঞানে ইচ্ছা, ততশ্চ তৎসাধনতাজ্ঞানাৎ গ্রন্থজ্ঞানেচ্ছয়া তৎপ্রবৃত্তিরিতি সূচিতম্। "ন চ প্রায়শ্চিত্তত্ত্বজ্ঞানস্য কথং মুক্তিসাধনত্বে"তি বাচ্যং, প্রায়শ্চিত্তত্ত্বজ্ঞানস্য প্রায়শ্চিত্তানুষ্ঠানদ্বারা তদুপদেশদ্বারা চ পাপনাশকত্বয়া, পাপনাশস্য চ "জ্ঞানমুৎপদ্যতে পুংসাং ক্ষয়াৎ

প্রতিজ্ঞা ।

এই গ্রন্থে যে যে বিষয়ের আলোচনা করা হইবে, গ্রন্থকার যথাক্রমে তাহাদের নির্দ্দেশ করিতেছেন—(১) প্রায়শ্চিত্তের লক্ষণ, (২) তত্ত্বতা, (৩)

গোগ্রাসভক্ষণাৎ শুদ্ধিস্তদভাবাদশুদ্ধতা ।
প্রায়শ্চিত্তং ভবেন্নিত্যং কাম্যং নৈমিত্তিকস্তথা ॥
কাম্যাদপ্যঙ্গহানৌ স্যাৎ কিয়াংস্তত্র ফলোদয়ঃ ।
শ্রদ্ধয়া লক্ষণং পুণ্যমজ্ঞানাদপি সম্ভবেৎ ॥
প্রায়শ্চিত্তাদ্বিজানীয়াত্তাদৃক্পাপবিনাশনম্ ।
গোধূমাবয়বে যব্যাবয়বস্তত্র সাধকম্ ॥
লাঘবং গৌরবং বীক্ষ্য সকৃদাবৃত্তিতস্তথা ।
দানব্রতাদিমাত্রেণ পাপমাত্রস্য নাশ্যতা ॥
চান্দ্রায়ণাদৌ গ্রাসানাং পরিসংখ্যাব্যবস্থিতিঃ ।
প্রায়শ্চিত্তে গুরৌ ভূতে লঘুপাপস্য সংক্ষয়ঃ ॥
গঙ্গামাহাত্ম্যবিস্তারো রাত্রাবপি চ তৎক্রিয়া ।
বালাদিনা কৃতে পাপে প্রায়শ্চিত্তস্য হীনতা ॥

পাপস্য কর্ম্মণ' ইতি স্মৃত্যা বোধিতমুক্তিহেতুতত্ত্বজ্ঞানজনকত্বাৎ পরম্পরয়া মুক্তিসাধনত্বং প্রায়শ্চিত্তত্ত্বজ্ঞানস্য ইতি ॥ ১ ॥

অথ কানি প্রায়শ্চিত্তত্ত্বানি? ইত্যাকাঙ্ক্ষায়ামাহ প্রায়শ্চিত্তলক্ষ্মাত্রেত্যাদি। অত্র গ্রন্থে এতানি নিরূপ্যন্তে ইত্যর্থঃ। 'লক্ষ্ম" লক্ষণং, "কর্ত্তৃসংস্কারকং" কর্ত্তৃশুদ্ধিজনকং,

প্রসঙ্গ, (৪) প্রত্যেক কর্ম্মের অনুষ্ঠানে কর্ত্তার শুদ্ধিকারক অঙ্গ সকলের পৃথক্ পৃথক্ অনুষ্ঠাননিবৃত্তি, (৫) কৃতপ্রায়শ্চিত্তব্যক্তির গোগ্রাসভক্ষণ দ্বারাই শুদ্ধির অনুমান, আর গোগ্রাসভক্ষণ না করিলে, অশুদ্ধির বিদ্যমানতা, (৬) নিত্য, কাম্য এবং নৈমিত্তিক, এই তিন প্রকার প্রায়শ্চিত্তের নির্দ্দেশ, (৭) অঙ্গহানি হইলেও কাম্য প্রায়শ্চিত্ত হইতে কি পরিমাণে ফললাভ হইতে পারে, তাহার নিরূপণ, (৮) শ্রদ্ধার লক্ষণ, (৯) অজ্ঞানপূর্ব্বক কৃত সৎকার্য্য হইতে পুণ্যলাভের সম্ভাবনা, (১০) বিজাতীয় প্রায়শ্চিত্তদ্বারা বিজাতীয় পাপনাশ, (১১) গমের অবয়ব স্থলে যবের অবয়বের প্রতিনিধিত্ব, (১২) পাপের একবার মাত্র অনুষ্ঠান, অথবা পুনঃপুনঃ অনুষ্ঠান বশতঃ লঘুত্ব ও গুরুত্ব বিচার করিয়া, তদনুরূপ দান এবং ব্রতের আচরণ দ্বারা পাপের নিষ্কৃতির কথা, (১৩)

প্রায়শ্চিত্তে তু বক্তব্যোঽনুগ্রহদ্বয়মেব হি।
প্রায়শ্চিত্তোপদেশাদি চৌরাল্লাভবিনির্ণয়ঃ ॥
ক্রয়স্য নির্ণয়শ্চৈব তদ্ধানেঃ কালনির্ণয়ঃ।
প্রায়শ্চিত্তস্য পূর্ব্বাহকৃত্যং বাল্যভিদা তথা ॥
ধেনুমূল্যব্যবস্থা চ জ্ঞানকৃতনিরূপণম্‌।
বিপ্রাদিস্বামিভেদেন গোবধব্রতনির্ণয়ঃ ॥
একবর্ষাদিভেদেন রোধাদেশ্চ নিমিত্ততঃ।
অপালননিমিত্তেন গোবধব্রতনির্ণয়ঃ ॥
অপবাদো গোবধস্য নরস্য চ বধে তথা।
চাণ্ডালপতিতাদীনামোদনাদেশ্চ ভক্ষণে ॥
প্রায়শ্চিত্তবিধিস্তত্র ব্রতঘ্নস্য নিরূপণম্‌।

শুদ্ধিঃ কৃতপ্রায়শ্চিত্তস্যেত্যাদি। লাঘবাদিকং পাপস্য বোধ্যং, সকৃৎ সকৃৎকৃতত্বম্‌, আবৃত্তিতঃ পৌনঃপুন্যেন কৃতত্বমিতি শেষঃ। অথবা আবৃত্তিতঃ আবৃত্তিঃ যদ্বা সকৃদাবৃত্তিত ইত্যস্য দানব্রতাদিমাত্রেণ ইত্যনেনান্বয়ঃ। সকৃৎ কৃতেন কেনচিৎ ব্রতেন কস্যচিৎ পাপস্য নাশ্যতা-

---

চান্দ্রায়ণাদিতে গ্রাসভোজন যে পরিসংখ্যাপ্রাপ্ত তাহার ব্যবস্থা, (১৪) গুরু-প্রায়শ্চিত্তের দ্বারা লঘুপাপক্ষয়ের কথা, (১৫) গঙ্গার মাহাত্ম্যবর্ণন, রাত্রি-কালেও গঙ্গাস্নানাদির কর্ত্তব্যতা, (১৬) বালকাদিকর্ত্তৃক অনুষ্ঠিত পাপের প্রায়শ্চিত্তের অল্পত্ব কথন, (১৭) প্রায়শ্চিত্তের ব্যবস্থা দিবার সময় পাপীর প্রতি যে দুই প্রকার অনুগ্রহ হইতে পারে, তাহার নির্দ্দেশ, (১৮) প্রায়শ্চি-ত্তোপদেশাদি, (১৯) চৌর্য্য দ্বারা অর্জ্জিত বস্তুতে স্বত্বনিরূপণ, (২০) ক্রয়ের নির্ণয়, (২১) ক্রয়ে স্বত্বহানির সময় নির্ণয়, (২২) প্রায়শ্চিত্ত করিবার পূর্ব্বদিনের কর্ত্তব্য, (২৩) বাল্যাদি-বয়োভেদ-নিরূপণ, (২৪) ধেনুমূল্য-ব্যবস্থা, (২৫) জ্ঞানকৃত-পাপের নিরূপণ, (২৬) ব্রাহ্মণাদিস্বামিকভেদে গোবধের প্রায়শ্চিত্ত-ভেদের কথা, (২৭) নিহত গোর একবর্ষাদি বয়সভেদে প্রায়শ্চিত্তভেদের কথা, (২৮) গোরুর অবরোধাদি অপালন-নিমিত্ত মৃত্যুতে প্রায়শ্চিত্তের ব্যবস্থা, (২৯) গোবধের অপবাদের প্রায়শ্চিত্ত, (৩০) মনুষ্যবধের প্রায়শ্চিত্ত,

যবনাদেস্তথোৎপত্তিস্তদ্দাস্যাদৌ ব্রতং তথা ॥
অন্ত্যজাদেঃ স্ত্রিয়াঃ সঙ্গে ভোজনে চ প্রতিগ্রহে।
চাণ্ডালস্পৃষ্টতোয়াদৌ গোমাংসাদৌ চ ভক্ষিতে ॥
ভার্য্যায়াং মাতৃবচনে উপবীতস্য ছেদনে।
নিবধ্যন্তেঽত্র সঙ্ক্ষেপাৎ সতাং মুদমভীপ্সতা।
প্রায়শ্চিত্তবিবেকাদাবন্যজ্জ্ঞেয়ং বিচক্ষণৈঃ ॥ ২ ॥

অথ প্রায়শ্চিত্তলক্ষণম্‌। তত্র হারীতঃ,—"প্রয়তত্বাদ্বোপচিত-মশুভং নাশয়তীতি প্রায়শ্চিত্ত"মিতি। যত্তপঃপ্রভৃতি কর্ম্ম "উপচিতং'

মাহঃ কৃতেন তেন চ ততো গুরুতরপাপস্য নাশ্যতেত্যবগন্তব্যং, স্ফুটঞ্চাগ্রে। ...ংক্রিয়া গঙ্গাস্নানাদিক্রিয়া, "অনুগ্রহদ্বয়ম্‌' বালত্বাদিনিবন্ধনং শূদ্রত্বাদিনিবন্ধনঞ্চেতি দ্বয়ম্‌ ॥ ২ ॥

...ক্ষণমিতরভেদসাধকম্‌। "তত্র" প্রায়শ্চিত্তলক্ষণে, বোধকত্বং সপ্তম্যর্থঃ। অন্বয়শ্চাস্য হারীতপদার্থে হারীতবচনে। "তপতি" তাপয়তি ইতি ব্যুৎপত্ত্যা তপঃপদং শরীরায়াসজনক-

---

"গত্বৈব তীর্থং কর্ত্তব্যং শ্রাদ্ধং তৎপ্রাপ্তিহেতুকম্।
পূর্ব্বাহ্নেঽপ্যথবা প্রাতর্দ্দেশে স্যাৎ পূর্ব্বদক্ষিণে॥" "পূর্ব্বাহ্নে" সঙ্গবে, "পূর্ব্বদক্ষিণে" অগ্নিকোণে। "পিণ্ডদান"মিতি শ্রাদ্ধাসম্ভবে কেবলপিণ্ডদানমিতি ন পৌনরুক্ত্যম্। পিণ্ডপ্রতিপত্তিমাহ মৎস্য-পুরাণম্,—

"পিণ্ডাংস্তু গোঽজবিপ্রেভ্যো দদ্যাদগ্নৌ জলেঽপি বা;
তীর্থশ্রাদ্ধে সদা পিণ্ডান্ ক্ষিপেত্তীর্থে বিচক্ষণঃ॥" মহাভারতে,—

বিরোধ, এই ছয়প্রকার অর্থই কীর্ত্তিত হইয়াছে। এই অনুশাসনানুসারে 'অকাল," এই পদস্থিত নঞের অপ্রশস্তরূপই অর্থ। বচনাস্থিত "কাল" এই যে কথাটী আছে, ইহার অর্থ—শ্রাদ্ধপক্ষে প্রশস্ত অপরাহ্লাদিকাল। এই বচনে শুচি ব্যক্তির তীর্থপ্রাপ্তির পর শাস্ত্রবিহিত, প্রথমদিনেই শ্রাদ্ধের বিধান করায়, যদি কোন ব্যক্তি রাক্ষসীবেলায় তীর্থে গমন নিবন্ধন সেইদিন শ্রাদ্ধ করিতে না পারে, তাহার পক্ষে পরদিনে শ্রাদ্ধ শাস্ত্রবিরুদ্ধ হইবে 'না। কেননা, রাক্ষসী বিহিত কাল নয়; কারণ, তীর্থশ্রাদ্ধ যে, রাক্ষসী বেলায় বিহিত হয় নাই, তদ্বিষয়ে হলায়ুধধৃত একটী বচন দৃষ্ট হয়; যথা,—"পূর্ব্বাহ্নেই হউক, প্রাতঃকালেই হউক, তীর্থে গমন করিয়াই তীর্থপ্রাপ্তিনিমিত্ত শ্রাদ্ধ পূর্ব্বদক্ষিণে করিবে।" বচনে যে "পূর্ব্বাহ্ন" পদটী আছে, তাহার অর্থ—সঙ্গব, এবং 'পূর্ব্বদক্ষিণে' শব্দের অর্থ—অগ্নিকোণে। বচনের প্রথমার্দ্ধে "তীর্থশ্রাদ্ধ" এইরূপ বলিয়া, আবার যে "পিণ্ডদান" এই কথাটীর ব্যবহার করা হইয়াছে, তাহাতে জানান হইয়াছে যে, যদি রীতিমত শ্রাদ্ধকরা অসম্ভব হয়, তাহা হইলে কেবলমাত্র পিণ্ডদানও করিবে। অতএব এই 'পিণ্ডদান" কথার দ্বারা শ্রাদ্ধ শব্দের পুনরুক্তি করা হয় নাই। শ্রাদ্ধ করিয়াই হৌক আর কেবলমাত্র পিণ্ডদান করিয়াই হৌক, পরে ঐ পিণ্ডের কিরূপ ব্যবহার করিতে হইবে, সে সম্বন্ধে মৎস্যপুরাণে এইরূপ বলা হইয়াছে, যথা—"পিণ্ড সকল গো, অজ,

"যো লুব্ধঃ পিশুনঃ ক্রূরো নাস্তিকো বিষয়াত্মকঃ।
সর্ব্বতীর্থেষ্বপি স্নাতঃ পাপো মলিন এব সঃ॥" তথা,—
"বিষয়েষ্বতিসংরাগো মানসো মল উচ্যতে।
তেষ্বেব হি বিরাগোঽস্য নৈর্ম্মল্যং সমুদাহৃতম্॥
পিণ্ডদানং তপঃ শৌচং তীর্থসেবা শ্রুতন্তথা।
সর্ব্বাণ্যেতান্যতীর্থানি যদি ভাবো ন নির্ম্মলঃ॥" "ভাবঃ" সাত্ত্বিক-রাজস-তামসান্যতমো মনোবৃত্তিঃ, স চ "নির্ম্মলঃ"সাত্ত্বিক ইত্যর্থঃ। "এতানি" তীর্থকৃতান্যপি অতীর্থান্যতীর্থকৃতানি। তথা,—
"প্রতিগ্রহাদপাবৃত্তঃ সন্তুষ্টো যেন কেনচিৎ।
অহঙ্কারবিমুক্তশ্চ স তীর্থফলমশ্নুতে॥"
অকল্ককো নিরারম্ভো লঘ্বাহারো জিতেন্দ্রিয়ঃ।

পিশুনঃ সূচকঃ। পাপঃ পাপযুক্তঃ। অতএব মলিনঃ রাগদ্বেষাদিযুক্তঃ। শ্রুতং বেদাধ্যয়নম্।

অথবা ব্রাহ্মণদিগকে প্রদান করিবে (খাওয়াইবে,) কিম্বা জলে বা অগ্নিতে নিক্ষেপ করিবে। বিচক্ষণ ব্যক্তি তীর্থশ্রাদ্ধের পিণ্ড তীর্থেই নিক্ষেপ করিবে।" মহাভারতে বলা হইয়াছে—"যে ব্যক্তি লুব্ধ, পিশুন, ক্রূর, নাস্তিক, বিষয়াসক্ত, এবং পাপযুক্ত, সে ব্যক্তি সকল তীর্থে স্নান করিবার পরও যেমন মলিন, তেমনি মলিনই রহিয়া যায়।" ঐ মহাভারতে আরও বলা হইয়াছে "বিষয় অর্থাৎ ভোগ্যবস্তুর উপর নিরতিশয় স্পৃহাকেই মানস মল বলা হয়। এবং ঐ সকল বিষয়ে তথাবিধ ইচ্ছাভাবই মনের নির্ম্মলতা। পিণ্ডদান, তপঃ, শৌচ (শুদ্ধি) তীর্থসেবা, বেদাধ্যয়ন, এই সমুদয় কার্য্য তীর্থে অনুষ্ঠিত হইলেও তীর্থে না করার সমান হয়, যদি মনের নির্ম্মলভাব না থাকে।" 'ভাব" শব্দের অর্থ, যদিও সাত্ত্বিক, রাজস এবং তামস, ইহাদের মধ্যে যে কোন একটি মনোবৃত্তিবিশেষ, তাহ'লেও এস্থলে "ভাব" কথাটিকে "নির্ম্মল" এই বিশেষণযুক্ত করাতে, "সাত্ত্বিক" ভাবরূপ অর্থেরই গ্রহণ করিতে হইবে। বচনে যে, "অতীর্থানি" কথাটি আছে, তাহার অর্থ—তীর্থে করা হইলেও তীর্থে না করার সমান। যে ব্যক্তি প্রতিগ্রহ হইতে পরাঙ্মুখ, যৎকিঞ্চিৎ

বিমুক্তঃ সর্ব্বসঙ্গৈর্যঃ স তীর্থফলমশ্নুতে॥" "অকল্ককো" দম্ভরহিতঃ। "নিরারম্ভো" হর্থার্জ্জনব্যাপাররহিতঃ। "সঙ্গো" হত্রা-বিহিতফলাসক্তিঃ।

"অনুপোষ্য ত্রিরাত্রাণি তীর্থান্যনভিগম্য চ।
অদত্ত্বা কাঞ্চনং গাশ্চ দরিদ্রো নাম জায়তে॥
অগ্নিষ্টোমাদিভির্যজ্ঞৈরিষ্ট্বা বিপুলদক্ষিণৈঃ।
ন তৎফলমবাপ্নোতি তীর্থাভিগমনেন যৎ॥
তীর্থে ন প্রতিগৃহ্লীয়াৎ পুণ্যেষ্বায়তনেষ্বপি।
নিমিত্তেষু চ সর্ব্বেষু অপ্রমত্তো ভবেন্নরঃ॥" নিমিত্তেষু সংক্রান্ত্যাদিষু। তথা,—
"স্বকার্য্যে পিতৃকার্য্যেহপি দেবতাভ্যর্চ্চনেহপি বা।

অতীর্থকৃতানি অজনিততীর্থকৃতফলানি। অহঙ্কারঃ দেহাদ্যভিমানঃ গর্ব্বো বা। স তীর্থ-

অর্থাগমেই সন্তুষ্ট, এবং অহঙ্কারশূন্য, তাদৃশ ব্যক্তিই তীর্থের ফল প্রাপ্ত হয়। "যাঁহারা অকল্কক, নিরালম্ব, লঘু আহারকারী, জিতেন্দ্রিয়, এবং সর্ব্বপ্রকার সঙ্গ হইতে বিমুক্ত, তাঁহারাই তীর্থের ফল প্রাপ্ত হয়।" বচনে যে "অকল্কক" শব্দ আছে তাহার অর্থ—দম্ভরহিত। "নিরালম্ব" পদের অর্থ—যাহারা তীর্থে যাইয়া কোনরূপ ব্যবসা-বাণিজ্যাদিদ্বারা অর্থ উপার্জ্জনে আসক্ত হয় না। "সঙ্গ" শব্দের অর্থ—শাস্ত্রবিরুদ্ধ কার্য্যে আসক্তি। "যে মনুষ্য জীবনের মধ্যে ত্রিরাত্র উপবাস না করিয়াছে, এবং তীর্থগমন করে নাই, এবং সুবর্ণ ও গো প্রদানও করে নাই, সে নিশ্চয়ই পর জন্মে দরিদ্র হইয়া উৎপন্ন হয়।" "প্রচুর দক্ষিণার সহিত অগ্নিষ্টোমাদি যজ্ঞের অনুষ্ঠান করিয়া মনুষ্য যে ফল প্রাপ্ত না হয়, তীর্থগমনদ্বারা সে ফলও প্রাপ্ত হয়।" "সংক্রান্ত্যাদি দানের নিমিত্ত কাল উপস্থিত হইলে মনুষ্য, তীর্থে এবং প্রসিদ্ধ পুণ্য স্থানে, প্রতিগ্রহ করিবে না; এ সম্বন্ধে খুব সাবধান হইয়া থাকিবে।" আরও বলা হইয়াছে, —যে পর্য্যন্ত মনুষ্য উক্তরূপে প্রতিগৃহীত ধন নিজের কার্য্যের জন্যই হউক,

বিফলং তস্য তত্তীর্থং যাবত্তদ্ধনমশ্নুতে॥" শঙ্খঃ,—
"তীর্থং প্রাপ্যানুষঙ্গেণ স্নানং তীর্থে সমাচরন্।
স্নানজং ফলমাপ্নোতি তীর্থযাত্রাফলং ন তু॥" তথা,—
"যস্য পাদৌ চ হস্তৌ চ মনশ্চৈব সুসংযতম্।
বিদ্যা তপশ্চ কীর্ত্তিশ্চ স তীর্থফলমশ্নুতে॥
নৃণাং পাপকৃতাং তীর্থে ভবেৎ পাপস্য সঙ্ক্ষয়ঃ।
যথোক্তফলদং তীর্থং ভবেৎ শুদ্ধাত্মনাং নৃণাম্॥" "হস্ত-সংযমো" হত্র নিন্দিতপ্রতিগ্রহাদিনিবৃত্তিঃ। "পাদসংযম"স্তু অগম্য-দেশগমননিবৃত্তিঃ। "মনঃসংযমঃ" কামক্রোধাদিনিবৃত্তিঃ। "বিদ্যা" তত্তত্তীর্থফলবোধকসচ্ছাস্ত্রবেদাদ্যধিগমরূপা। "তপ" আমিষাদি-নিবৃত্তিঃ। "কীর্ত্তি" র্ধর্ম্মার্থতীর্থগমনেন ধার্ম্মিকত্বাদিনা প্রসিদ্ধিঃ।

ফলমশ্নুতে ইতি তীর্থফলং যথোক্তং প্রাপ্নোতীত্যর্থঃ। স্বকার্য্যে স্বার্থস্নানাদৌ; তথাচ স্বকার্য্যাদিকমুদ্দিশ্য যৎ তীর্থং তীর্থবাসাদি তদ্বিফলমিত্যন্বয়ঃ। বিফলং যথোক্তফলা...হিতম্।

পিতৃকার্য্যের জন্যই হউক, অথবা দেবতা পূজার জন্যই হউক, ব্যয় করিবে, তাহার ঐ তীর্থগমন সম্পূর্ণ নিষ্ফল হইবে। শঙ্খ বলিয়াছেন,—"যদি কোন ব্যক্তি অন্যপ্রসঙ্গে গমন করিয়া কোন তীর্থ প্রাপ্ত হয়, এবং ঐ তীর্থে স্নান করে, তাহা হইলে সে কেবলমাত্র স্নানের ফলই প্রাপ্ত হইবে, তীর্থযাত্রার ফল আর প্রাপ্ত হইবে না।" "যাহার হস্তদ্বয়, চরণদ্বয় এবং মন সুসংযত এবং বিদ্যা, তপস্যা, কীর্ত্তি বিদ্যমান, সেই ব্যক্তিই তীর্থের ফল প্রাপ্ত হয়। পাপকারী মনুষ্যগণ তীর্থে গমন করিলে কেবল পাপেরই ক্ষয় হয় মাত্র; তীর্থ, পবিত্র মনুষ্যদিগকেই শাস্ত্রবিহিত ফল প্রদান করে।" উক্ত বচনে যে হস্তসংযমের কথা আছে তাহার অর্থ,—ধনাদির প্রতিগ্রহাদি হইতে নিবৃত্তি। পাদসংযমের অর্থ নিষিদ্ধ দেশাদি গমন হইতে নিবৃত্তি। মনঃসংযমের অর্থ—কাম ক্রোধাদি হইতে নিবৃত্তি। "বিদ্যা" শব্দের অর্থ 'যে সকল শাস্ত্রে তীর্থবিশেষের ফল উল্লিখিত হইয়াছে, সেই সকল শাস্ত্রে জ্ঞান।' তপস্যা শব্দের অর্থ—আমিষাদি ভোজন হইতে নিবৃত্তি। এবং "কীর্ত্তি" শব্দের

"তীর্থফলং"সমাগিতি শেষঃ। "এতচ্চ হস্তসংযমাদি" তীর্থযাত্রাঙ্গং,
মহাভারতে তীর্থযাত্রামুপক্রম্যাভিধানাৎ, তীর্থস্নানাদিকর্ম্মাঙ্গঞ্চ শব্দেন
যাত্রাপ্রকরণমন্তরেণৈব "স তীর্থফলমশ্নুতে" ইতি সামান্যাভি-
ধানাৎ" ইতি কল্পতরুঃ। অতএব পৈঠীনসিঃ,—

"ষোড়শাংশং স লভতে যঃ পরান্নেন গচ্ছতি।
অর্দ্ধং তীর্থফলং তস্য যঃ প্রসঙ্গেন গচ্ছতি॥" 'পরান্নেন"

বেতনাদিনা, "প্রসঙ্গেন" উদ্দেশ্যান্তরপ্রসঙ্গেন। তথা,—

"প্রতিকৃতিং কুশময়ীং তীর্থবারিণি মজ্জয়েৎ।

তদ্ধনঃ প্রতিগ্রহধনম্। এতচ্চ ভোজনীয়াভাবে তন্মাত্রগ্রহণাতিরিক্তস্থলপরম্। স্নাপয়েৎ"

ধার্ম্মিকরূপে প্রসিদ্ধি।
অর্থ—কোন ব্যক্তির ধর্ম্মার্থ নানাতীর্থে গমন জন্য
বচনে যদিও কেবলমাত্র "তীর্থ" এই পদটী ব্যবহৃত হইয়াছে, তথাপি উহার
অর্থ—"সম্পূর্ণ তীর্থফল" এইরূপই বুঝিতে হইবে। এই যে হস্তসংযমাদির
কথা বলা হইল, ইহা তীর্থযাত্রার একটী অঙ্গস্বরূপ; অর্থাৎ তীর্থযাত্রাকারীর
অবশ্যই কর্ত্তব্য। কেননা, মহাভারতে তীর্থযাত্রার প্রসঙ্গেই ঐ কথা বলা
হইয়াছে। শুধু যে, উহারা তীর্থযাত্রার অঙ্গ, তাহা নহে; কারণ, শব্দ তীর্থ-
যাত্রাপ্রকরণ না তুলিয়াও সাধারণ ভাবে "সে ব্যক্তি তীর্থের ফল প্রাপ্ত হয়"
এইরূপ মাত্র বলিয়াছেন। সুতরাং কেবলমাত্র হস্তাদিসংযমেরও ঐরূপ ফল
হয়, ইহাও বুঝিতে হইবে। কল্পতরু নামক গ্রন্থে উক্তরূপ তাৎপর্য্যার্থ
ব্যাখ্যাত হইয়াছে। এই জন্যই পৈঠীনসি বলিয়াছেন, "যদি কোন ব্যক্তি
পরের অন্ন গ্রহণ করিয়া তীর্থে গমন করে, তাহা হইলে সে ঐ তীর্থের
যথোক্ত ফলের ষোড়শাংশমাত্র প্রাপ্ত হয়। এবং যদি কোন ব্যক্তি প্রসঙ্গ-
ক্রমে কোন তীর্থে গমন করে, তাহা হইলে সে ঐ তীর্থের যথোক্ত ফলের
অর্দ্ধ মাত্র প্রাপ্ত হয়।" বচনে যে, "পরান্ন" কথাটী আছে, তাহার অর্থ—
পরের কাছে বেতনাদি লইয়া, এবং "প্রসঙ্গ" শব্দের অর্থ—অপর উদ্দেশে
যাইতে যাইতে ঘটনাক্রমে কোন তীর্থে গমন করা।' এবঞ্চ, 'যদি কোন
ব্যক্তি অপর কোন ব্যক্তির উদ্দেশ করিয়া, তাহার কুশময়ী প্রতিকৃতি

মজ্জয়েত্তু যমুদ্দিশ্য অষ্টভাগং লভেত সঃ॥" "প্রতিকৃতিঃ"
প্রতিনিধিঃ, অত্র দর্ভবটুঃ। শান্তিদীপিকায়াম্,—

"সপ্তভির্নবভির্ব্বাপি সার্দ্ধদ্বিতয়বেষ্টিতম্।
প্রণবেন চ মন্ত্রেণ দ্বিজঃ কুর্য্যাৎ কুশদ্বিজম্॥"

"নবভি"রিত্যত্র "পঞ্চভি"রিতি কর্ম্মোপদেশিন্যাং পাঠঃ।
রত্নাকরে গৃহ্যপরিশিষ্টম্,—

"ঊর্দ্ধকেশো ভবেদ্ ব্রহ্মা লম্বকেশস্তু বিষ্টরঃ।
দক্ষিণাবর্ত্তকো ব্রহ্মা বামাবর্ত্তস্তু বিষ্টরঃ॥" "কেশো"হত্রাগ্রম্।

তন্মজ্জনে মন্ত্রঃ,—

"কুশোঽসি কুশপুত্রোঽসি ব্রহ্মণা নির্ম্মিতঃ পুরা।
ত্বয়ি স্নাতে স চ স্নাতো যস্যার্থে গ্রন্থিবন্ধনম্॥" স্কান্দে,—

তীর্থজলে নিমজ্জিত করে, তাহা হইলে যাহার উদ্দেশে ঐ প্রতিকৃতি নিমজ্জিত করিবে, সে ব্যক্তি স্বয়ং তীর্থে আসিয়া যে ফল লাভ করিত, বাড়ী বসিয়াই সে ফলের আট ভাগের এক ভাগ লাভ করিবে। "প্রতিকৃতি" শব্দের অর্থ—প্রতিনিধি, এস্থলে দর্ভময় বটু; এরূপ অর্থেরই বোধ করিতে হইবে শান্তিদীপিকা নামক গ্রন্থে ঐ দর্ভবটু নির্ম্মাণের এইরূপ প্রকার বলা হইয়াছে,—"সাতগাছি বা ন'গাছি কুশকে আড়াই পাকে বেষ্টন করিয়া ব্রাহ্মণ 'ওঁ' এই মন্ত্র উচ্চারণপূর্ব্বক দর্ভময় ব্রাহ্মণ নির্ম্মাণ করিবে।' কর্ম্মোপদেশিনী নামক গ্রন্থে উক্ত বচনস্থিত "নবভিঃ' ইহার পরিবর্ত্তে "পঞ্চভিঃ" এইরূপ পাঠ উদ্ধৃত হইয়াছে। রত্নাকর নামক গ্রন্থে গৃহ্যপরিশিষ্টের এইরূপ একটী বচন উদ্ধৃত হইয়াছে,—"কুশ-ব্রাহ্মণ এবং বিষ্টর এই দুয়ের একই উপকরণ, তবে ঊর্দ্ধকেশ স্থলে উহা ব্রাহ্মণ বলিয়া গৃহীত হয়, এবং লম্বকেশ স্থলে উহাকে বিষ্টর বলা হয়। আরও একটী বিশেষত্ব এই যে, ব্রাহ্মণের আবেষ্টন দক্ষিণাবর্ত্তে হইবে, এবং বিষ্টরের আবেষ্টন বামাবর্ত্তে হইবে।" বচনে যে "কেশ" শব্দটী আছে তাহার অর্থ—কুশের অগ্রভাগ। ঐ কুশময় পুত্তলিকাকে জলে ডুবাইবার মন্ত্র যথা—"তুমি কুশময় পুত্তলিকারূপে

"স্নাপয়েৎ স্নিগ্ধমিত্রাদীন্ জ্ঞাতীংস্তীর্থে নরোত্তমঃ।
অন্যথাপহরন্তেতে বলাত্তীর্থভবং ফলম্॥" বিষ্ণুঃ,—
"স্বয়মুদ্দিশ্য কর্ত্তব্যং স্বার্থং তীর্থং নরোত্তমৈঃ।
অকর্তৄণাং হরন্তেতে তীর্থং পূর্ব্বঞ্চ যৎকৃতম্॥" নরোত্তমৈঃ স্বয়ং স্বার্থমাত্মীয়ার্থমুদ্দিশ্য তীর্থং কর্ত্তব্যম্, "এতে" আত্মীয়াঃ। মদনপারিজাতে মার্কণ্ডেয়পুরাণম্,—
"মাতরং পিতরং জায়াং ভ্রাতরং সুহৃদং গুরুম্।
যমুদ্দিশ্য নিমজ্জেত অষ্টভাগং লভেত সঃ॥" অত্রিসংহিতা-যামপ্যেতৎ। "নিমজ্জেত" স্বয়মিতি শেষঃ। মৎস্যপুরাণে",—

কুশপ্রতিনিধিরূপেণ। স্বয়ং প্রবৃত্তস্তরা স্বয়মেব বা কুর্য্যাদিত্যাহ স্বয়মুদ্দিশ্যেতি।

পূর্ব্বে ব্রহ্মা কর্ত্তৃক নির্ম্মিত হইয়াছ। তুমি স্নান করিলে পর যাহার উদ্দেশে এই গ্রন্থি বন্ধন করা হইয়াছিল সেই ব্যক্তিরও তীর্থস্নানের ফল হইবে।" স্কন্দপুরাণে বলা হইয়াছে "মনুষ্য শ্রেষ্ঠ প্রিয় মিত্রাদিকে এবং জ্ঞাতিদিগকেও তীর্থে স্নান করাইবে। অর্থাৎ তাহাদের উদ্দেশে ঐরূপ কুশময় পুত্তলিকা তীর্থজলে ডুবাইবে; অন্যথা; তাহারা বলপূর্ব্বক তীর্থফল অপহরণ করিয়া থাকে।" বিষ্ণু বলিয়াছেন—"নরশ্রেষ্ঠগণ নিজের জন্য এবং আত্মীয় লোক-দিগের উদ্দেশে তীর্থে কর্ত্তব্য কর্ম্মের অনুষ্ঠান করিবে। যাহারা ওরূপ না করে, তাহাদিগের আত্মীয়গণ কেবল বর্ত্তমান তীর্থের বলিয়া নয়, ঐ সকল ব্যক্তি পূর্ব্বে যে সকল তীর্থে গমন করিয়াছিল, সেই সকল তীর্থের ফলও বল-পূর্ব্বক অপহরণ করিবে।" বচনে যে, "স্বয়মুদ্দিশ্য কর্ত্তব্যং স্বার্থং তীর্থং" এইরূপ বাক্য আছে, ইহার অর্থ—শ্রেষ্ঠ মনুষ্যগণ যেমন আপনার নিমিত্ত তীর্থ করিবে, আত্মীয়গণের হিত উদ্দেশ করিয়াও সেইরূপ ভাবেই তীর্থ করিবে, তাহারা কখনই কেবলমাত্র নিজের স্বার্থ সাধনের জন্য তীর্থ করিবে না। বচনস্থিত "এতে" শব্দের অর্থ—আত্মীয়গণ। মদনপারিজাত নামক গ্রন্থে মার্কণ্ডেয় পুরাণ হইতে এইরূপ একটি বচন উদ্ধৃত হইয়াছে—"মাতা, পিতা, জায়া, ভ্রাতা, সুহৃৎ এবং গুরু, ইহাদের মধ্যে যাহাকে উদ্দেশ করিয়া

"ঐশ্বর্য্যলাভমাহাত্ম্যাদ্গচ্ছেদ্যানেন যো নরঃ।
নিষ্ফলং তস্য তত্তীর্থং তস্মাদ্ যানং বিবর্জ্জয়েৎ॥" গঙ্গাবাক্যা-বল্যাম্,—
"সংবৎসরং দ্বিমাসোনং পুনস্তীর্থং ব্রজেদ্যদি।
মুণ্ডনঞ্চোপবাসঞ্চ ততো যত্নেন কারয়েৎ॥"
এতেন দশমাসাভ্যন্তরে পুনস্তীর্থগমনে মুণ্ডনোপবাসৌ কার্য্যা-বিতি সূচিতম্। এবং তীর্থপ্রাপ্তিনিমিত্তকশ্রাদ্ধমপি আকাঙ্ক্ষায়া-স্তৌল্যাৎ। তদুক্তম্ ভট্টপাদৈঃ,—
"কাকেভ্যো রক্ষ্যতামন্নমিতি বালোপদেশতঃ।
উপঘাতপ্রধানত্বাৎ কিং শ্বাদিভ্যো ন রক্ষ্যতে॥" স্কান্দে,—

আত্মীয়ার্থমিতি আত্মীয়ানাং জ্ঞাত্যাদীনাম্ অর্থং ফলমিত্যর্থঃ। ঐশ্বর্য্যেতি এতেনা-সামর্থ্যে যানগমনে ন দোষঃ। সংবৎসরং দ্বিমাসোনমিতি সার্বদিত্যাধ্যাহার্য্যমিতি। ন

তীর্থে স্নান করিবে, সে ব্যক্তি ঐ স্নানের আট ভাগের একভাগ ফললাভ করিবে"। অত্রিসংহিতাতেও এই বচনটি দৃষ্ট হয়। বচনে যে, "নিমজ্জেত" এই ক্রিয়াপদটি আছে, ইহার কর্ত্তা "স্বয়ং" নিজে তীর্থযাত্রী, এইরূপ বুঝিতে হইবে। মৎস্যপুরাণে বলা হইয়াছে, "যে মনুষ্য নিজের ঐশ্বর্য্যমদে মত্ত হইয়া কোন প্রকার যানে আরোহণপূর্ব্বক কোন তীর্থে গমন করে, তাহার ঐ তীর্থগমন সম্পূর্ণ নিষ্ফল হয়, অতএব যানারোহণপূর্ব্বক কখনই তীর্থে গমন করিবে না।" গঙ্গাবাক্যাবলী নামক গ্রন্থে এইরূপ একটী বচন উদ্ধৃত হইয়াছে, "যদি কোন ব্যক্তি এক বৎসর পূর্ণ হইতে কেবলমাত্র দুই মাস বাকী আছে, এইরূপ সময়ে কোন একটী তীর্থে পুনর্ব্বার গমন করে, তাহা হইলে সে যত্নপূর্ব্বক পুনর্ব্বার মস্তকমুণ্ডন ও উপবাসও করিবে।" ইহার দ্বারা সূচিত করা হইয়াছে, দশ মাসের মধ্যে একটী তীর্থে পুনর্ব্বার গমন করিলে, মুণ্ডন এবং উপবাস করিতে হইবে না, তীর্থপ্রাপ্তিনিমিত্তক শ্রাদ্ধ সম্বন্ধেও এইরূপ সিদ্ধান্তই বুঝিতে হইবে। কেননা, মুণ্ডন এবং উপবাসের ন্যায় শ্রাদ্ধ সম্বন্ধে কি করা কর্ত্তব্য এইরূপ আশঙ্কা যখন সমভাবেই হইয়া থাকে, তখন

"মুণ্ডনঞ্চোপবাসশ্চ সর্ব্বতীর্থেম্বয়ং বিধিঃ।
বর্জ্জয়িত্বা গয়াং গঙ্গাং বিশালাং বিরজাং তথা॥"

"তীর্থোপবাসশ্চ ফলবিশেষার্থঃ। তদর্থমভিগম্য ব্রতোপবাস-নিয়মযুক্তস্ত্রাহমবগাহমানঃ ত্রিরাত্রমুষিত্বা সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে, স্বস্তিমাংশ্চ ভবতীতি দেবলবচনা"দিতি কল্পতরুঃ। যত্তু,—

'গঙ্গায়াং ভাস্করক্ষেত্রে মাতাপিত্রোর্ম্মৃতে গুরৌ।
আধানে সোমপানে চ বপনং সপ্তসু স্মৃতম্॥" ইতি স্মৃতি-সমুচ্চয়লিখিতবচনম্,—"ভাস্করক্ষেত্রে" প্রয়াগে। অত্র পূর্ব্ববচনং সামান্যতো গাঙ্গায়াং নিষেধকম্, পরবচনন্তু প্রয়াগাবচ্ছিন্নগঙ্গায়াং

কাদিভ্যো নেতি নঞ্দ্বয়েন কাকপদস্য দধ্যুপঘাতকলক্ষণাবশ্যকীতি সূচিতম্॥ সর্ব্ব-তীর্থেম্বয়ং বিধিরিতি। এতেন মুণ্ডনোপবাসয়োর্যাগাদীতরতীর্থকরণাঙ্গত্বমুক্তমিতি।

ঐ শ্রাদ্ধবিষয়ে সিদ্ধান্তও একরূপই হওয়া উচিত। মীমাংসা গ্রন্থে ভট্টও একথা বলিয়াছেন; যথা—'যদি কোন বালককে বলা যায়, দেখ, যেন এই অন্ন কাকে ভক্ষণ না করে, তাহা হইলে ঐ বালক কি কেবল কাক হইতেই ঐ অন্ন রক্ষা করিবে? কুক্কুরাদি যদি ঐ অন্ন খাইতে আসে, তাহা হইলে তাহাদের হইতেও কি ঐ অন্ন রক্ষা করিবে না? 'কাক হইতে অন্ন রক্ষা কর" ইহার তাৎপর্য্য ঐ বালক অবশ্যই এইরূপই বুঝিবে যে, এ স্থলে অন্নরক্ষাই প্রধান কর্ত্তব্য। কাক উপলক্ষ মাত্র। যে অন্ন দুষ্ট করিতে আসিবে তাহা হইতেই ঐ অন্ন রক্ষা করাই বক্তার প্রধান উদ্দেশ্য। সেইরূপ এস্থলে, যদিও কেবলমাত্র বচনে মুণ্ডন এবং উপবাসের কথাই বলা হইয়াছে, তাহা হইলেও ঐ দুইটী উপলক্ষণ মাত্র। উহা দ্বারা তীর্থপ্রাপ্তিনিমিত্তক সমুদয় কার্য্যেরই যে সূচনা করা হইয়াছে, ইহা বুঝিতে হইবে। স্কন্দপুরাণে বলা হইয়াছে "গঙ্গা, গয়া, বিশালা এবং বিরজা এই কয়টী তীর্থ ছাড়া আর সকল তীর্থেই মুণ্ডন এবং উপবাস অবশ্য কর্ত্তব্য।" তীর্থে যে উপবাসের কথা বলা হইয়াছে; তাহাও ফলবিশেষের প্রাপ্তির নিমিত্ত মাত্র। কারণ, আমরা "তীর্থে গমন করিয়া ব্রত ও উপবাস এবং নিয়মযুক্ত হইয়া যে ব্যক্তি

বিধায়কমিতি ন বিরোধঃ। সপ্তমত্বন্তু গঙ্গাত্বভাস্করক্ষেত্রত্বভেদাৎ। অত্র "সর্ব্বতীর্থ"পদং পুরাণভারতাদিপ্রসিদ্ধদেশবিশেষতীর্থপরং, শিষ্টপরিগ্রহাৎ প্রয়াগেঽকরণে দোষোঽপি। তথাচ,—

"গঙ্গায়াং ভাস্করক্ষেত্রে মুণ্ডনং যো ন কারয়েৎ।

মাতাপিত্রোরিতি মাতাপিত্রোর্ম্মৃতয়োরিত্যর্থঃ। অত্র চাশৌচচরমদিনে মুণ্ডনং বোধ্যম্। আধানে অগ্ন্যাধানে, ভাস্করক্ষেত্রাবচ্ছিন্নগঙ্গাত্ব-ভাস্করক্ষেত্রত্বভেদাদিতি; তথাচাত্র গঙ্গাপদং ভাস্করক্ষেত্রাবচ্ছিন্নগঙ্গাপরং, তথাচ প্রয়াগে গঙ্গায়াং ক্ষেত্রে চ মুণ্ডনমাবশ্যকমিতি ভাবঃ। তীর্থস্নানেন তীর্থস্নানাদৌ। অত্র তীর্থে। ইত্থঞ্চ পাপনাশকস্যাবশ্যকর্ত্তব্যতয়া প্রায়শ্চিত্তবৎ

ত্রিরাত্র অবগাহন করে, এবং ত্রিরাত্রই তীর্থে বাস করে, সে সমুদয় পাপ হইতে বিমুক্ত হয়, এবং সর্ব্বপ্রকার মঙ্গল প্রাপ্ত হয়" দেবলের এইরূপ একটী বচন দেখিতে পাই। কল্পতরু নামক গ্রন্থে ঐ কথা বলা হইয়াছে। তবে যে, আমরা স্মৃতিসমুচ্চয় নামক গ্রন্থে উদ্ধৃত এইরূপও একটী বচন দেখিতে পাই,—"গঙ্গায়, ভাস্করক্ষেত্রে, পিতা-মাতার মৃত্যুতে, গুরুর মৃত্যুতে, অগ্ন্যাধানগ্রহণে, এবং সোমপানে—এই সাতটী অবসরে মস্তকমুণ্ডন অবশ্য কর্ত্তব্য।" এই বচনস্থিত "ভাস্করক্ষেত্রের" অর্থ—প্রয়াগ। এক্ষণে দেখ, পূর্ব্ব বচনে গঙ্গায় মুণ্ডনের নিষেধ করায়, এবং এই বচনে গঙ্গায় মুণ্ডনের বিধান করায় উভয় বচনের পরস্পর বিরোধ উপস্থিত হইল। বাস্তবিক দেখিতে হইলে, এই বিরোধ কোন কার্য্যের নহে। কেননা, পূর্ব্বোক্ত স্কন্দপুরাণের বচনে সামান্যতঃ গঙ্গা মাত্রতেই কেশমুণ্ডন-নিষেধ হইয়াছে। আর পর বচনে যে, গঙ্গায় কেশমুণ্ডনের বিধান করা হইয়াছে, উহা প্রয়াগক্ষেত্রাবস্থিত গঙ্গা সম্বন্ধেই বুঝিতে হইবে। অর্থাৎ কেবল গঙ্গাতে কেশ মুণ্ডন করিবে না, কিন্তু প্রয়াগস্থিত গঙ্গায় কেশমুণ্ডন করিবে, এইরূপ মীমাংসা করিলে আর কোনরূপ বিরোধ থাকে না। যদি বল, তা'হইলে বচনে যে সাতটি অবসরের উল্লেখ করা হইয়াছে, "প্রয়াগস্থিত গঙ্গা" এইরূপ বলিলে ত উহার সংখ্যা সাত হয় না, ছয় হইয়া পড়ে। ইহার উত্তর এই যে, বচনে সাতটী বিভিন্ন ধর্ম্মযুক্ত পদার্থ লইয়াই সপ্ত সংখ্যার নির্দ্দেশ করা হইয়াছে। কেন না, মুণ্ডন কার্য্যটি গয়াবস্থিত গঙ্গায় একমাত্র করা হইলেও, গয়া এবং গঙ্গা

স কোটিকুলসংযুক্তস্যাকল্পং রৌরবে বসেৎ ॥" অত্র গঙ্গা-প্রয়াগয়োর্ব্বৈশিষ্ট্যং স্ফুটম্। প্রয়াগে স্ত্রীণামপি মুণ্ডনং, ন তু বক্ষ্যমাণবচনাভ্যাং কেশানাং দ্ব্যঙ্গুলচ্ছেদমাত্রম্ ;—

"কেশমূলান্যুপাশ্রিত্য সর্ব্বপাপানি দেহিনাম্।

তিষ্ঠন্তি তীর্থস্নানেন তস্মাত্তান্যত্র বাপয়েৎ ॥" ইতি বচনাৎ।

অত্র "কারয়েৎ", "বাপয়েৎ" ইতিশ্রবণাৎ, বপনং কারয়িষ্যে ইতি প্রয়োগঃ। মুণ্ডনে ফলমপি। তথাচ প্রয়াগমধিকৃত্য,—

কিছু এক পদার্থ নয়, "গঙ্গাত্ব" এবং "ভাস্করক্ষেত্রত্ব" এই দুইটী ধর্ম্ম এক নহে প্রকৃত পক্ষে সাতটী অবসরের গ্রহণ বচনের অভিপ্রেত নহে। পূর্ব্বোক্ত স্কন্দপুরাণের বচনে যে, "সর্ব্বতীর্থ" কথাটি আছে, তাহা দ্বারা পুরাণ ও মহা-ভারতাদিতে প্রসিদ্ধ দেশবিশেষকে তীর্থ বলিয়া গ্রহণ করিতে হইবে; কারণ, শিষ্টপরম্পরা ঐরূপ ভাবেই তীর্থ শব্দের অর্থ গ্রহণ করিয়াছেন। প্রত্যুত প্রয়াগে মুণ্ডন না করিলে যে, পাপ হয় তদ্বিষয়ক প্রমাণ স্বরূপ একটী বচন যথা—"গঙ্গাতে, ভাস্করক্ষেত্রে, যে মুণ্ডন না করিবে, সে কোটিকুল সংযুক্ত হইয়া আকল্প রৌরব নরকে বাস করিবে।" এই বচনে প্রয়াগাবস্থিত গঙ্গায় এবং প্রয়াগক্ষেত্রে যে স্বতন্ত্রভাবে মুণ্ডন করিতে হইবে, তাহা স্পষ্টই প্রতীয়মান হইতেছে। অতএব তুমি যে, বচনে সপ্ত সংখ্যার নির্দ্দেশ অসঙ্গত বলিতে-ছিলে, তাহা আর হইল না। প্রয়াগে স্ত্রীদিগেরও যে সর্ব্বমুণ্ডন করিতে হইবে, ঐ বক্ষ্যমাণ দুইটী বচন অনুসারে কেবলমাত্র দ্বি-অঙ্গুল পরিমিত কেশ-চ্ছেদের যে বিধান আছে, কেবল তাহা করিলে চলিবে না, যে এ বিষয়ও আমরা একটী বচন দেখিতে পাই—"মনুষ্যদিগের তীর্থস্নান করিলেও কেশের মূলদেশ অধিকার করিয়া সমুদয় পাপ অবস্থান করে। অতএব এই প্রয়াগক্ষেত্রে কেশমূলও মুণ্ডন করিবে।" পূর্ব্বোক্ত বচনে—"মুণ্ডনং কারয়েৎ" এবং এই বচনে "বাপয়েৎ" এই দুইটি ক্রিয়াপদের প্রয়োগ দেখিয়া, সঙ্কল্পবাক্যে "বপনং কারয়িষ্যে" এইরূপ প্রয়োগই করিতে হইবে। প্রয়াগের প্রকরণেও কেশ-মুণ্ডনের বিশেষ ফললাভের কথা বলা হইয়াছে। যথা—"যতসংখ্যক ছিন্ন কেশ গঙ্গাজলে পতিত হয়, তত-সহস্র বর্ষ মনুষ্য স্বর্গলোকে বাস করে। যে

"কেশানাং যাবতী সংখ্যা চ্ছিন্নানাং জাহ্নবীজলে।

তাবদ্বর্ষসহস্রাণি স্বর্গলোকে মহীয়তে ॥

যাবন্তি নখলোমানি বায়ুনা প্রেরিতানি বৈ।

পতন্তি জাহ্নবীতোয়ে নরাণাং পুণ্যকর্ম্মণাম্।

তাবদ্বর্ষসহস্রাণি স্বর্গলোকে মহীয়তে ॥" সর্ব্বতীর্থেষ্বিত্যত্র কর্ম্মধারয়ঃ। ন চ প্রয়াগমধিকৃত্য মৎস্যপুরাণম্,—

"এবং কুরুষ্ব কৌন্তেয় সর্ব্বতীর্থাভিষেচনম্।

যাবজ্জীবকৃতং পাপং তৎক্ষণাদেব নশ্যতি ॥" ইত্যত্র সপ্তম্যন্তান্যপদার্থবহুব্রীহিদর্শনাত্তদ্বদত্রাপি তথেতি বাচ্যং লক্ষণা-

---

তীর্থে কেশবপনস্য নিত্যত্বাৎ শিখামুণ্ডনমপি কর্ত্তব্যম্। অন্যথা তন্মূলমাশ্রিত্য পাপসংস্থানা-পত্তেরিতি বোধ্যম্। সপ্তম্যন্তান্যপদার্থেতি সর্ব্বাণি তীর্থানি যত্রেতি বহুব্রীহিণা সর্ব্বতীর্থ-শব্দস্য প্রয়াগপরত্ববদত্রাপি তথা সমাসেন প্রয়াগপরত্বমিতি লক্ষণাপ্রসঙ্গাদিতি, বহুব্রীহৌ অন্যপদার্থস্য বোধ্যতয়া তীর্থপদং লক্ষণয়া সর্ব্বতীর্থাশ্রয়পরং, সর্ব্বপদং তাৎপর্য্যগ্রাহকম্;

সকল পুণ্যবান্ মনুষ্যদিগের বিচ্ছিন্ন নখ ও লোম সকল বায়ু দ্বারা উড্ডীন হইয়া যত পরিমাণে প্রয়াগস্থিত গঙ্গাজলে পতিত হয় তাহারা তাবৎ পরিমিত সহস্রবর্ষ স্বর্গলোকে পূজা প্রাপ্ত হয়।" পূর্ব্বোক্ত স্কন্দপুরাণে যে "সর্ব্বতীর্থেষু" পদটী আছে, উহা কর্ম্মধারয় সমাসনিষ্পন্ন; অর্থাৎ গয়া গঙ্গা প্রভৃতি বর্জ্জন করিয়া সমুদয় তীর্থেই মুণ্ডন আবশ্যক। কেহ আশঙ্কা করিয়াছিল যে, প্রয়াগের প্রকরণে মৎস্যপুরাণের এইরূপ একটী বচন দেখা যায়,—"হে কৌন্তেয়! এইরূপে সর্ব্বতীর্থে, অর্থাৎ প্রয়াগে স্নান কর, তাহা হইলে তোমার যাবজ্জীবন-কৃত পাপ ক্ষণমাত্রেই বিনষ্ট হইবে।" এস্থলে "সমুদয় তীর্থ যাহাতে" এইরূপ সপ্তম্যন্ত অন্যপদার্থ বহুব্রীহি সমাস দ্বারা "সর্ব্বতীর্থ" পদটি যেমন সিদ্ধ করা হইয়াছে, স্কন্দপুরাণের বচনস্থিত "সর্ব্বতীর্থ" পদটীকে সেই প্রকার সপ্তম্যন্তান্যপদার্থ বহুব্রীহি সমাসনিষ্পন্ন বলি না কেন? ইহার উত্তরে স্মার্ত্ত বলিতেছেন—"ন চ বাচ্যম্" এরূপ আশঙ্কা করিতে পার না। কারণ, স্কন্দ-পুরাণের বচনস্থিত "সর্ব্বতীর্থ" পদটীকে সপ্তম্যন্তান্যপদার্থ বহুব্রীহি সমাসনিষ্পন্ন

প্রসঙ্গাৎ ; মৎস্যপুরাণবচনেঽন্যথানুপপত্ত্যা তথা কল্প্যতে ; বহুবচনানর্থক্যাপত্তেশ্চ । ন চ "গ্রহং সম্মাষ্টী"তিবদুদ্দেশ্যগতত্বেন

ইত্যস্য প্রসঙ্গাদিত্যর্থঃ। বহুবচনানর্থক্যাপত্তেরিতি সর্ব্বতীর্থেষিত্যত্রেত্যাদি । গ্রহং সংমাষ্টী'তি। অথ গ্রহসম্মার্জ্জনন্যায়ো যথা জ্যোতিষ্টোমে "কুশপবিত্রেণ গ্রহং সম্মাষ্টী'তি" শ্রূয়তে, অত্র সংশয়ঃ গ্রহৈর্জুহোতি ইতি বাক্যপ্রাপ্তানাং দশগ্রহাণাং মার্জ্জনং কিংবা গ্রহমিত্যেকবচনস্বরসাদেকস্যৈব গ্রহস্য মার্জ্জনমিতি ; অথ পশুনা যজেতেত্যত্র শ্রুতিগ্রহমিত্যেকবচনশ্রুতি বলাদুদ্দেশ্যগতাপি বলাদুপাদেয়পশুগতা একত্বসংখ্যা বিবক্ষিতা তথৈব গ্রহমিত্যেকবচনশ্রুতি বলাদুদ্দেশ্যগতাপি সংখ্যা বিবক্ষণীয়া। অবিশেষাদিত্যেকস্যৈব গ্রহস্য মার্জ্জনমিতি পূর্ব্বপক্ষে সিদ্ধান্তয়তি পশোর্যাগসম্বন্ধস্য রাগপ্রাপ্তত্বেনানয়া শ্রুত্যা যাগোপসর্জ্জনত্বেন বিধেয়ত্বা যাবদ্গুণং প্রধানস্যাবৃত্ত্যভাবাৎ কথং বহুভিঃ কিমুত পশুনেত্যবচ্ছেদাকাঙ্ক্ষায়ামেকবচনোপন্যাসবদবচ্ছেদকত্বেনৈকত্বসংখ্যা বিবক্ষিতা, গ্রহাণান্তু বাক্যান্তরেণ যাগসম্বন্ধাবগমাৎ তদনুবাদেন তত্র সম্মার্জ্জনস্য শ্রুত্যা বিধানাৎ, মার্জ্জনং প্রতি গ্রহস্য প্রাধান্যাবগমাৎ যাবৎপ্রধানং গুণস্য সম্মার্জ্জনস্যাবর্ত্তনীয়ত্বাৎ সর্ব্বেষামেব গ্রহাণাং সংস্কারস্যাকাঙ্ক্ষিতত্বেন বিনিগমনাবিরহাচ্চ, সর্ব্বেষামেব গ্রহাণাং মার্জ্জনপ্রাপ্তৌ গ্রহগতৈকত্বস্য ন বিবক্ষেতি

বলিলে, উহার মুখ্যার্থ পরিত্যাগ করিয়া লাক্ষণিক অর্থের গ্রহণ করিতে হয়, অর্থাৎ "সর্ব্বতীর্থেষু" ইহার "সমুদয় তীর্থে" এইরূপ অর্থ গ্রহণ না করিয়া, "সকল তীর্থ আছে যাহাতে" এইরূপ কোন স্থানবিশেষরূপ অর্থেরই গ্রহণ করিতে হয়। তবে যে, মৎস্যপুরাণের বচনস্থিত "সর্ব্বতীর্থ" পদটীকে সপ্তম্যন্তান্যপদার্থ বহুব্রীহি সমাসনিষ্পন্ন করা হইয়াছে, ঐ স্থলে গত্যন্তর না থাকাতেই ঐরূপ করা হইয়াছে। কারণ, ঐ স্থলে "সর্ব্বতীর্থ" পদটী প্রয়াগের বাচকরূপে বক্তা কর্ত্তৃক প্রযুক্ত হওয়ায়, ঐরূপ বহুব্রীহি সমাস দ্বারা উহার সাধন না করিলে—আর কোন প্রকারে সিদ্ধ করিলে, উহা দ্বারা ঐরূপ অর্থের বোধ হইতেই পারে না। আর একটী কথা, স্কন্দপুরাণের বচনস্থিত "সর্ব্বতীর্থ" এই পদটীকে যদি সপ্তম্যন্তান্যপদার্থ বহুব্রীহি সমাসনিষ্পন্ন করিয়া, কোন স্থানবিশেষরূপ অর্থের বোধ করান হইত, তা হইলে উহাতে বহুবচনের প্রয়োগ কখনই সঙ্গত হইত না। কেহ বলিয়াছিল, বহুবচনে ক্ষতি কি? যেমন "গ্রহং সংমাষ্টি" যজ্ঞীয় পাত্র মার্জ্জন করিবে, এস্থলে গ্রহ পদটী একবচনান্ত থাকিলেও উহা পূর্ব্বোদ্দেশ্যের বোধক হওয়ায়, উহাতে একবচন অবিবক্ষিত অর্থাৎ উহা বহু-

বহুত্বসংখ্যায়া "অবিবক্ষিতত্ব"মিতি বাচ্যং, প্রমাণান্তরাপ্রাপ্তত্বেনাস্যোদ্দেশ্যত্বাভাবাৎ। কিন্তু "পশুনা যজেত" ইত্যত্র পশ্বেকত্ববৎ বহুত্বস্য

সর্ব্বত্রোদ্দেশ্যগতসংখ্যা ন বিবক্ষ্যতে, উদ্দেশ্যত্বঞ্চ সংকিঞ্চিদ্বিধাতুং সিদ্ধস্য নির্দ্দেশ্যত্বমবিধেয়ত্বমিতি যাবৎ। এবঞ্চ সর্ব্বতীর্থস্য সিদ্ধত্বেনাবিধেয়ত্বাত্তদ্গতবহুত্বসংখ্যা ন বিবক্ষ্যতে ইতি চেন্ন, তীর্থস্য সিদ্ধত্বেন তৎসম্বন্ধস্য মুণ্ডনোপবাসয়োর্ব্বচনান্তরাদপ্রাপ্তত্বেন

বচনের বোধক; সেইরূপ এস্থলেও "সর্ব্বতীর্থ" পদটী বহুবচনান্ত প্রযুক্ত হইলেও উহার বহুত্ব সংখ্যা এখানে বিবক্ষিত নয়, একত্বই বিবক্ষিত। ইহার তাৎপর্য্য এই—পূর্ব্বে "গ্রহৈর্জুহোতি" দশটী যজ্ঞীয় পাত্র দ্বারা হবন করিবে এইরূপ একটী বাক্য প্রযুক্ত হইয়াছে ; তাহার পরেই বলা হইয়াছে "জ্যোতিষ্টোমে কুশপবিত্রেণ গ্রহং সংমাষ্টি" অর্থাৎ জ্যোতিষ্টোম যজ্ঞে কুশনির্ম্মিত পবিত্র দ্বারা যজ্ঞীয় পাত্র সম্মার্জ্জন করিবে। কাজে কাজেই সংশয় হইতে পারে যে, এই স্থলে যে, সম্মার্জ্জনের কথা বলা হইয়াছে, উহা দ্বারা কি পূর্ব্বোদ্দিষ্ট দশটী পাত্রেরই সম্মার্জ্জন করিতে হইবে এইরূপ অর্থের বোধ করিতে হইবে? অথবা "গ্রহং সংমাষ্টি" এই পরবর্ত্তী বাক্যে "গ্রহ" এই পদটী একবচনান্ত প্রযুক্ত হওয়ায় একটী মাত্র যজ্ঞপাত্রেরই সম্মার্জ্জন করিতে হইবে? এইরূপ আশঙ্কা করিয়া সিদ্ধান্ত করা হইয়াছে যে, "গ্রহং সংমাষ্টি" "যজ্ঞীয় পাত্রের সম্মার্জ্জনা করিবে" এইরূপ বাক্যের দ্বারা সম্মার্জ্জনের প্রতি যজ্ঞপাত্রের প্রাধান্য অবগত হওয়া যাইতেছে ; সুতরাং ঐ বিধানানুসারেই যজ্ঞপাত্র মাত্রেরই সম্মার্জ্জন প্রাপ্ত হওয়ায়, দশটী যজ্ঞপাত্রেরই সম্মার্জ্জন কর্ত্তব্য হইতেছে বলিয়া "গ্রহং সংমাষ্টি" এই বাক্যে গ্রহ পদটী একবচনান্ত থাকিলেও যেমন উহাতে একবচন বিবক্ষিত হয় নাই, সেইরূপ "সর্ব্বতীর্থেষু" এই পদটী বহুবচনান্ত প্রযুক্ত হইলেও এস্থলে বহুবচন বিবক্ষিত নহে। এইরূপই যদি আশঙ্কা হয় তবে—এরূপ কথা, বলিতে পার না। কেননা, পূর্ব্বোদ্দিষ্ট প্রমাণান্তর দ্বারা গ্রহের বহুত্ব সংখ্যা প্রাপ্ত হইয়াছিল বলিয়া, যেমন "গ্রহং সংমাষ্টি" এস্থলে গ্রহ—এই উদ্দেশ্যগত একবচনের অবিবক্ষিতত্ব সিদ্ধ হইতেছে, সেইরূপ স্কন্দপুরাণের বচনের বিধানের পূর্ব্বে অন্য কোন প্রমাণ দ্বারা তীর্থে মুণ্ডন বা উপবাসের প্রাপ্তি না হওয়ায়, "সর্ব্বতীর্থ" এই পদটীকে উদ্দেশ্যরূপে নির্দ্দেশ করিতে পার

বিধেয়ত্বমিতি গয়াদিবিশেষনিষেধানুপপত্তেশ্চ। ন চ "যজ্ঞিয়া বৈ মাষা" ইতিবদত্যন্তনিষেধার্থমিতি বাচ্যম্, তত্র "মৌদ্গশ্চরুর্ভবতী-

বিধেয়তা, তদ্ঘটকতয়া সর্ব্বতীর্থস্যাপি বিধেয়ত্বাদনুপাদেয়ত্বেন তদ্গতসংখ্যাপি বিবক্ষিতেতি যুক্তমিত্যাহ প্রমাণান্তরাপ্রাপ্তত্বেনেতি। পশ্বেকত্ববদিতি পশ্বেকত্ববোধকৈকবচনস্যেবেত্যর্থঃ। বিধেয়ত্বমিতীতি বিধেয়গতসংখ্যাবোধকমিত্যর্থঃ। সর্ব্বতীর্থস্য প্রয়াগমাত্রপরত্বে দোষান্তরমাহ গয়াদীতি, গয়াদৌ মুণ্ডনাদেরপ্রসক্ত্যা নিষেধানুপপত্তেরিত্যর্থঃ। অত্যন্তনিষেধার্থমিতীতি প্রধানফলবিরোধিতয়া যাদৃচ্ছিকনিষেধার্থং গয়াদিনিষেধবচনমিত্যর্থঃ। যাদৃচ্ছিকনিষেধপরত্বে গয়াদিতীর্থবিশেষোপাদানবৈয়র্থ্যাৎ "ন বৃথা বিকচো ভবেদি"ত্যনেন প্রয়াগাদীতরত্র সামান্যত এব নিষেধাৎ যাদৃক্ নিষেধস্য চ "অলৌকিকে লৌকিকং নাস্তী"তি ন্যায়েন তীর্থসেবাঙ্গতানুপপত্তেশ্চেত্যভিপ্রেত্য সমাধানমাহ তত্রেত্যাদিঃ। অত্র "অযজ্ঞিয়া মাষা" ইত্যত্র; অত্র তু প্রাগুক্তস্কান্দবচনে ইত্যুক্তে সর্ব্বতীর্থপদস্য প্রয়াগমাত্রপরতয়া ইতরাকারকবিধিকল্পকত্বে কুতো নিষেধঃ, "প্রসক্তং হি প্রতিষিধ্যতে" ইতি ন্যায়েন কথং গয়াদৌ মুণ্ডননিষেধঃ সংগচ্ছতে ইত্যর্থঃ। পর্য্যুদাস এবেতি অন্যথা উপজীব্যস্য সামান্যশাস্ত্রস্য

না। প্রত্যুত উহাকে একটী বিধেয় পদ বলিতে হইবে। যেমন "পশুনা যজেত" পশু দ্বারাই যাগ করিবে—এই বাক্যস্থিত "পশু" পদটী বিধেয় হওয়ায়, একটী পশু দ্বারাই যাগ করিবে, এইরূপ অর্থেরই বোধ হইতেছে, সেইরূপ এস্থলেও "সর্ব্বতীর্থেই মুণ্ডন এবং উপবাস করিবে" এই বাক্যান্তর্গত সমুদয় পদগুলি বিধেয়; সুতরাং "সর্ব্বতীর্থেষু" এই বহুবচনের অবিবক্ষা বলিতে পার না। আরও দেখ, "সর্ব্বতীর্থেষু" ইহার স্বারসিক অর্থ গ্রহণ না করিয়া, যদি কেবলমাত্র লাক্ষণিক অর্থ দ্বারা স্থানবিশেষেরই গ্রহণ করা হইত তাহা হইলে ঐ বচনে গয়াদিতে যে মুণ্ডনের নিষেধ করা হইয়াছে, ঐ নিষেধও অসঙ্গত হইয়া পড়িত। কারণ, পূর্ব্বে কোন প্রমাণ দ্বারা গয়াদিতে মুণ্ডন ও উপবাসের প্রাপ্তি না হওয়ায়, শুধু শুধু ঐরূপ নিষেধ যে অসঙ্গত হইত, তাহা বলাই বাহুল্য। যদি বল, "অযজ্ঞিয়া বৈ মাষাঃ" মাষকড়াই কখনও যজ্ঞে ব্যবহার করিবে না—এই বাক্যদ্বারা যেমন মাষকড়ায়ের যজ্ঞে ব্যবহার একেবারে নিষিদ্ধ হইয়াছে, সেইরূপ স্কন্দপুরাণের বচনে গয়াদিতে মুণ্ডন নিষেধ দ্বারা গয়াদিতে যে কখনই মুণ্ডন করিবে না, এইরূপ অর্থেরই প্রতীতি হইতেছে। একথাও বলিতে পার না। কারণ, "অযজ্ঞিয়া বৈ মাষাঃ"

ত্যুপদেশেঽপি প্রতিনিধিনা মাষপ্রাপ্তের্যুক্তো নিষেধঃ। অত্র "প্রয়াগে মুণ্ডনং কুর্য্যা"দিত্যুক্তে. গয়াদৌ প্রসক্ত্যভাবাৎ কুতো নিষেধঃ? সর্ব্বতীর্থপদস্য তীর্থমাত্রপরত্বে, গয়াদৌ প্রসক্ত্যা নিষেধঃ সুপপন্নঃ। সামান্যশাস্ত্রপ্রাপ্ত্যুপজীবিত্বাৎ পর্য্যুদাস এবেতি তত্ত্বম্। ন চ,—

"গঙ্গায়াং ভাস্করক্ষেত্রে পিত্রোশ্চ মরণং বিনা।

বাধাপত্তেঃ। এবঞ্চ গয়াদীতরতীর্থে মুণ্ডনং কুর্য্যাদিতি বিধিরেক এব কল্প্যতে লাঘবাৎ। ন চ প্রসজ্যপ্রতিষেধপরত্বেঽপি গয়াদৌ মুণ্ডনং সামান্যশাস্ত্রপ্রাপ্তং বর্জ্জয়িত্বা গয়ামিত্যাদিবিশেষশাস্ত্রপ্রাপ্তো মুণ্ডনাভাব ইতি তয়োরবিরোধায় বিকল্পাশ্রয়ণমিতি বাচ্যং, গৌরবাৎ। বৃথা ছিনত্তীতি এতচ্চ কেশরক্ষণনিয়মপরম্, অন্যথা আদিপুরাণে "শ্মশ্রুলোমনখানাঞ্চ যস্ত্যাজ্যং তজ্জহাত্যপি"ত্যনেনাশৌচান্তদিনে সর্ব্বেষাং কেশকর্ত্তনবিধানানুপপত্তেঃ। ষৎ ত্যাজ্যম্ ইত্যনেন

এই বাক্যে মাষকড়াইয়ের যজ্ঞে ব্যবহারের নিষেধকে তোমার মতানুযায়ী অত্যন্ত নিষেধরূপে নির্দ্দেশ করিতে পার না। কারণ, পূর্ব্বে "মৌদ্গশ্চরুর্ভবতি" অর্থাৎ যজ্ঞে মুগের ডালের চরু করিতে হইবে—এই বিধান দ্বারা প্রধানতঃ যজ্ঞে মুগের ডালের চরু বিহিত হইলেও মুগের প্রতিনিধিস্বরূপ মাষকড়াইও প্রাপ্ত হইয়াছিল বলিয়া, মাষকড়ায়ের নিষেধ যেরূপ যুক্তিযুক্ত হইয়াছে, তোমার মতানুসারে চলিলেও এস্থলে কিন্তু সেরূপ হইতেছে না, কারণ, "সর্ব্বতীর্থ" এই পদের লক্ষণাদ্বারা স্থানবিশেষরূপ অর্থ গ্রহণ করিলে, কেবলমাত্র স্থানবিশেষে মুণ্ডন এবং উপবাস করিবে, এইরূপ অর্থেরই প্রতীতি হওয়ায়, গয়াদিতে মুণ্ডন ও উপবাসের কোনক্রমে প্রসক্তি না হওয়াতে, উহাতে মুণ্ডনাদির নিষেধ কিরূপে সঙ্গত হইতে পারে? তবে আমার মতানুসারে কিন্তু 'সর্ব্বতীর্থ" এই পদটীকে কর্ম্মধারয় সমাসনিষ্পন্ন করিলে উহার অর্থ "তীর্থমাত্র" এইরূপই হয়; সুতরাং তীর্থ মাত্রেই মুণ্ডন এবং উপবাস করিবে এই বিধান দ্বারা গয়াদিতেও মুণ্ডন এবং উপবাসপ্রাপ্তি হওয়াতে, ঐ সকল স্থানে মুণ্ডন এবং উপবাসের নিষেধ সঙ্গত হইয়া পড়ে। এই যে গয়াদিতে মুণ্ডনাদির নিষেধ করা হইয়াছে, এই নিষেধকে পর্য্যুদাসই বলিতে হইবে;

বৃথা চ্ছিনত্তি যঃ কেশাংস্তমাহুর্ব্রহ্মঘাতকম্ ॥ ইতি কালিকা-পুরাণবাক্যাদন্যত্র নিষেধ," ইতি বাচ্যং, পূর্ব্বোক্তস্মৃতিসমুচ্চয়-বচনেনাস্যোপলক্ষণত্বাৎ। বিষ্ণুনাপি,—

"প্রয়াগে তীর্থযাত্রায়াং পিতৃমাতৃবিয়োগতঃ।

যং সদা ত্যজ্যতে ইত্যস্য বোধনাৎ। এবঞ্চ "কেশশ্মশ্রু ধারয়তামগ্র্যা ভবতি সন্ততি"রিতি দানধর্ম্মোক্তনিয়মস্য কৃতত্বে "মুণ্ডয়েৎ সর্ব্বগাত্রাণি কক্ষোপস্থশিখাবর্জ্জি"তি মিতাক্ষরোক্ত-বচনে মুণ্ডনীয়ত্বেন প্রাপ্তশিখাদীতরকেশানামপি ন ত্যাজ্যতা, পিতৃমাতৃমরণাদৌ তু কৃতে নিয়মেঽপি কেশমুণ্ডনম্। "অথ ন সমাবৃত্তা বপেয়ুরন্যত্র বিহারাদিত্যেকে। তথাপি ব্রাহ্মণ এব রিক্তোঽনপিহিতস্তস্মৈস্তদপিধানং যচ্ছিখেতি কেচিদাচার্য্যা মন্যন্তে"ইত্যাপ-স্তম্ববচনেন বিহারাৎ দর্শপৌর্ণমাসাঙ্গকযাগবিশেষবৎ অন্যত্র সমাবৃত্ত্য গৃহস্থা ন বপেযুঃ। অত্র প্রমাণং যথাশীতি। "ব্রাহ্মণঃ মন্ত্রেতরবেদভাগঃ। এব গৃহস্থঃ অনপিহিত আবরণ-শূন্যঃ সন্ রিক্তস্তুচ্ছো ভবতি তস্য যচ্ছিখা কেশাস্তদেবাপিধানমিত্যর্থকেন গৃহস্থানাং বিহারাদন্যত্র সর্ব্বদা শিরোমুণ্ডননিষেধ ইতি চেদিত্যস্যাপি নিয়মপরত্বাৎ, অন্যথা ক্ষৌর-বিধায়কবচনানাম্ অসঙ্গত্যাপত্তেরিতি। কেশান্ শিখাদ্যতিরিক্তকেশান্, অন্যত্র প্রয়াগাদ্যতি-রিক্ততীর্থে। অস্যোপলক্ষণত্বাৎ অস্য বচনস্য সর্ব্বতীর্থবোধকত্বাৎ, তথাচ গঙ্গাপদং ভাস্কর-ক্ষেত্রাদ্যনবচ্ছিন্নগঙ্গাদীতরতীর্থপরং, মরণপদং পিতৃমাতৃমরণাধানসোমপানাদিকালবিশেষ-

---

যেহেতু পূর্ব্বোক্ত স্কন্দপুরাণের বচনের পূর্ব্বার্দ্ধ দ্বারা সামান্যতঃ তীর্থমাত্রেই মুণ্ডনাদির প্রাপ্তি হওয়াতে গয়াদিতে মুণ্ডনাদি করিবে না, এই নিষেধ দ্বারা গয়াদি ভিন্ন তীর্থ স্থানে যে, মুণ্ডনাদি করিবে; এইরূপ অর্থেরই প্রতীতি হইতেছে। কেহ বলিয়াছিল "গঙ্গায় প্রয়াগে এবং পিতা মাতার মরণ ভিন্ন অন্য সময়ে যে ব্যক্তি কেশ মুণ্ডন করে, তাহাকে ব্রহ্মঘাতক বলিয়া নির্দ্দেশ করা হইয়াছে। কালিকা পুরাণের এই বচন দ্বারা অপর তীর্থেও ত কেশ-মুণ্ডনের নিষেধ বুঝা যাইতেছে? তবে তুমি গয়াদিতে কেশমুণ্ডনের নিষেধকে পর্য্যুদাস বলিতেছ কিরূপে? একথাও বলিতে পার না। কারণ, পূর্ব্বোক্ত স্মৃতিসারে উদ্ধৃত বচনের বিধান দ্বারা কালিকাপুরাণের বচনে যে মাত্র প্রয়াগে কেশমুণ্ডনের কথা বলা হইয়াছে, ইহাই বুঝিতে হইবে। বিষ্ণুও "প্রয়াগে, তীর্থযাত্রায় ও পিতৃমাতৃবিয়োগে কেশের মুণ্ডন করিবে। শুধু শুধু কখনই

কচানাং বপনং কুর্য্যাদ্ বৃথা ন বিকচো ভবেৎ ॥" ইত্যত্র তীর্থযাত্রায়ামিত্যধিকমুক্তম্। ততশ্চ প্রয়াগেঽবশ্যমুণ্ডনমন্যতীর্থেষু গয়াগঙ্গাবিশালাবিরজেতরেষু মুণ্ডনে উপবাসবৎ ফলাধিক্যম্ ॥ ১৯ ॥

পরম্ তত্র স্মৃতিসমুচ্চয়বচনং তাৎপর্য্যগ্রাহকমিতি ভাবঃ। কচানামিতি নিয়মেন রক্ষিতামা-সনীত্যাদি। বিকচঃ শিখাদ্যতিরিক্তকেশাভাববান্ নিয়ম ইতি পূরণম্। ন চ বিকচঃ কেশসামান্যাভাববান্ বিশেষানুপদেশাৎ, ততশ্চ পিতৃমাতৃমরণাদৌ শিখাদেরপি মুণ্ডন-সনীতি বাচ্যম্। "সদোপবীতিনা ভাব্যং সদা বদ্ধশিখেন-তু ॥" ইত্যত্র সদাপদশ্রবণাৎ। "বিশিখো ব্যুপবীতিশ্চ যৎ করোতি ন তৎ কৃতম্। ইতি নিন্দার্থবাদাচ্চ। কচসামান্য-বাচককচাদিপদানাং 'সামান্যং হি বিশেষেণ বাধ্যতে" ইতি ন্যায়েন শিখাদিভিন্নকচ-বিশেষপরত্বাৎ 'মুণ্ডয়েৎ সর্ব্বগাত্রাণীতি" বচনাচ্চ যত্র চ সশিখবপনমিতি বিশেষেণ শ্রুতিঃ, তত্রৈব সদা বদ্ধশিখেন ত্বিত্যাদিবচনানাং সঙ্কোচঃ 'বৃথা চ্ছিনত্তি" ইত্যাদে-র্নিয়মস্থলপরত্বেঽধোপপত্তৌ সদা বদ্ধশিখেন ইত্যাদিবচনসঙ্কোচকত্বে মানাভাবাৎ। ইত্যধিকমুক্তমিত্যনেন উপলক্ষণত্বাবশ্যকত্বমুক্তম্। অবশ্যমুণ্ডনমিতি "গঙ্গায়াং ভাস্কর-ক্ষেত্রে মুণ্ডনং যো ন কারয়েৎ।" ইতি প্রাগুক্তবচনাৎ। উপবাসবৎ উপবাস ইব ফলাধিক্যমিতি নত্বাবশ্যকমিতি শেষঃ। নিন্দাশ্রবণাভাবাৎ। অথ মুণ্ডনং যো ন কারয়েদি'তি বচনস্য তীর্থান্তরোপলক্ষণত্বং "কেশমূলান্যুপাশ্রিতা" ইতি বচনাদিতি চেৎ পাপক্ষয়ার্থিনা তীর্থান্তরকরণে মুণ্ডনং নিত্যমঙ্গং, ফলান্তরকামনয়া তীর্থান্তরকরণে মুণ্ডনমনিত্যমঙ্গম্। অতএব তত্র ফলাধিক্যমিত্যুক্তম্। প্রয়াগে তু মুণ্ডনস্যাঙ্গত্বং 'মুণ্ডনং যো ন কারয়ে"দিত্যুক্ত-বচনাৎ প্রধানতয়া নিত্যত্বমপীতি তত্র গ্রন্থতাৎপর্য্যাদিতি ॥ ১৯ ॥

কেশমুণ্ডন করিবে না।" এই বচন দ্বারা প্রয়াগ ও পিতৃমাতৃমরণ ভিন্ন তীর্থযাত্রারূপ একটী অধিক স্থলেও কেশমুণ্ডনের বিধান করিয়াছেন। ইহাতেই বুঝা যাইতেছে যে, কালিকাপুরাণের বচনে প্রয়াগ শব্দের স্পষ্ট উল্লেখ থাকিলেও উহার দ্বারা অন্য তীর্থেরও উপলক্ষণ করা হইয়াছে। যদি তাহাই হইল, তাহা হইলে শাস্ত্রের সিদ্ধান্ত এইরূপ দাঁড়াইতেছে যে, প্রয়াগে মুণ্ডন অবশ্য কর্ত্তব্য এবং গয়া, গঙ্গা, বিশালা এবং বিরজা ভিন্ন তীর্থে মুণ্ডন করিলে উপবাসের মত অধিক ফল প্রাপ্ত হওয়া যায়। ১৯।

অথ গঙ্গামরণস্নানাদি-ফলানি।

কূর্ম্মপুরাণে,—

"গঙ্গায়াং জ্ঞানতো মৃত্বা মুক্তিমাপ্নোতি মানবঃ।
অজ্ঞানাদ্ ব্রহ্মলোকঞ্চ যাতি নাস্ত্যত্র সংশয়ঃ॥" তথা,—
"গঙ্গায়াঞ্চ জলে মোক্ষো বারাণস্যাং জলে স্থলে।

গঙ্গায়ামিতি গঙ্গায়াং মৃত্বা জ্ঞানতস্তদানীমুৎপন্নপরমতত্ত্বজ্ঞানাৎ মুক্তিমাপ্নোতীত্যন্বয়ঃ। "তমেব বিদিত্বা অতিমৃত্যুমেতি নান্যঃ পন্থা বিদ্যতেঽয়নায়ে"তি শ্রুতেঃ, তত্র তমেব বিদিত্বা ইত্যস্য তং বিদিত্বৈবেত্যর্থঃ। অয়নায় মোক্ষায় ইতি যাবৎ। ইদঞ্চ নিষ্কামমোক্ষকাময়োর্ম্মরণে বোধ্যং, সকামানান্ত্বাহ অজ্ঞানাদিতি। জ্ঞানানুৎপাদাৎ জ্ঞানানুৎপাদস্থল ইতি যাবৎ, জ্ঞানোৎপাদস্থলে মরণানন্তরক্ষণে জ্ঞানোৎপত্ত্যা তেন চ সকলাদৃষ্টনাশাৎ ব্রহ্মলোকগমনপ্রসক্ত্যা ন তত্র জ্ঞানস্য প্রতিবন্ধকতেতি, জ্ঞানাভাবস্য ব্রহ্মলোকগমনে হেতুত্বাভাবেনাজ্ঞানাদিতি যথাশ্রুতাসঙ্গতেঃ। অদৃষ্টমাত্রস্য ভোগনাশ্যতামতে তু তত্ত্বজ্ঞানেন কায়ব্যূহেন ঝটিতি ভোগাদৃষ্টনাশস্বীকারেণ মুক্তিরিতি, তন্মতে কায়ব্যূহদশায়াং ব্রহ্মলোকপ্রাপ্তিবারণায় জ্ঞানস্য হেতুত্বস্বীকারে অজ্ঞানাদিতি যথাশ্রুতমেব সাধু। ব্রহ্মলোকঞ্চেতি তত্র গতানাং ন পুনরাবৃত্তিঃ। "ব্রহ্মণা সহ তে সর্ব্বে সম্প্রাপ্তে প্রতিসঞ্চরে। পরস্যান্তে কৃতাত্মানঃ প্রবিশন্তি পরং পদমি"তি শ্রুতেঃ। প্রতিসঞ্চরে প্রলয়ে। বস্তুতস্তু "গঙ্গায়াং জ্ঞানত" ইত্যত্র জ্ঞানপদং গঙ্গাত্বজ্ঞানপরং, তত্র পঞ্চমী ল্যব্‌লোপে, তেন ইয়ং গঙ্গেতি জ্ঞানমাসাদ্য গঙ্গায়াং মৃত্বা মুক্তিমাপ্নোতি ইতি সমুদিতার্থঃ। অজ্ঞানাৎ ইয়ং গঙ্গেতি জ্ঞানস্যাভাবমাসাদ্য গঙ্গায়াং মৃত্বা ব্রহ্মলোকং যাতীত্যপরোঽর্থঃ। গঙ্গায়াঞ্চেতি ষষ্ঠ্যর্থে সপ্তমী, তেন গঙ্গায়া জলে উদ্ধৃতেঽপি জলে ইত্যর্থঃ। অন্যথা ভাগীরথ্যাত্যবচ্ছিন্নজলপ্রবাহস্য গঙ্গাপদার্থত্বেন জলে ইত্যস্য বৈয়র্থ্যাপত্তেঃ। যদ্বা গঙ্গায়াং গঙ্গাতটে জলে চ মরণে মোক্ষ ইত্যর্থঃ। তেনার্দ্ধোদকার্দ্ধতটয়োর্লাভঃ। অতএব

গঙ্গামরণ-স্নানাদির ফল।

একণে গঙ্গার প্রসঙ্গে গঙ্গাতে মৃত্যু এবং স্নানাদির ফল বলা হইতেছে। কূর্ম্মপুরাণে বলা হইয়াছে, "মনুষ্য জ্ঞানপূর্ব্বক গঙ্গাতে মরিয়া মুক্তি প্রাপ্ত হয় এবং অজ্ঞানে গঙ্গাতে মৃত্যু হইলে, ব্রহ্মলোকে গমন করে; এ বিষয়ে কোন সন্দেহ নাই। এবঞ্চ, গঙ্গার জলে মৃত্যুতে মোক্ষ হয়। বারাণসীতে জলে

অন্তরীক্ষে চ গঙ্গায়াং গঙ্গাসাগরসঙ্গমে॥" "চকারাৎ" স্থলেঽপি। স্মৃতিঃ,—

"শুক্লপক্ষে দিবা ভূমৌ গঙ্গায়ামুত্তরায়ণে।
ধন্যা দেহং বিমুঞ্চন্তি হৃদয়স্থে জনার্দ্দনে॥" আগ্নেয়ে,—
"অর্দ্ধোদকে তু জাহ্নব্যাং ম্রিয়তেঽনশনেন যঃ।

চকারগঙ্গতিঃ। বারাণস্যাং জলে ইতি মণিকর্ণিকায়াং গঙ্গায়াঃ প্রাক্তনেন লাভাৎ স্থলে বারাণস্যান্তর্গতপঞ্চক্রোশভূমৌ। অথ রামতাপন্যাং শ্রীরামাৎ শ্রীশিবপ্রার্থনা;—মণিকর্ণিকায়াং ক্ষেত্রে বা গঙ্গায়াং বা তটে পুনঃ। ম্রিয়ন্তে দেহি তজ্জন্তোর্মুক্তির্নাতো বরান্তরমি"তি। ততঃ শ্রীরামবরদানং—'ক্ষেত্রেঽত্র তব দেবেশ যত্র কুত্রাপি বা মৃতাঃ। কৃমিকীটাদয়োঽপ্যাশু মুক্তাঃ সন্তু ন চান্যথেতি। অত্র তটস্য ক্ষেত্রপদেনৈব প্রাপ্তেঃ পুনরুপাদানাৎ তত্রাপি গঙ্গায়ামন্তর্জ্জলাচারায়, অতএব রামার্চ্চনচন্দ্রিকায়ামর্দ্ধোদকনিবাসিনো মুক্তিরুক্তা। বস্তুতস্তু ক্ষেত্রপদং পুরপরং,-তটন্তু তদতিরিক্তমিতি তদুপাদানমিতি। তত্র গঙ্গায়ং কেবলজলেঽপি মুক্তিঃ কথমন্যথা কৃমিকীটাদীনামপি তত্র মরণে মোক্ষঃ স্যাৎ। ন চ তেষাং ন নির্ব্বাণং কিন্তু সালোক্যাদিকমিতি বোধ্যং, তত্রাবিশেষেণ তেষামুপাদানাৎ; ন চ কীটাদীনামপি মহতামেবার্দ্ধোদকনিবাসিতয়া মরণ এব মুক্তিরিতি বাচ্যং, গঙ্গায়াং তথা মরণে মুক্তেঃ সিদ্ধত্বেন তত্র বরপ্রার্থনানুপপত্তেরিতি দিক্। অন্তরীক্ষে চেতি গঙ্গায়া ইত্যাদি। তত্রাপি অর্দ্ধোদকতানিরাসায় গঙ্গায়ামিত্যুক্তম্। শুক্লপক্ষ ইতি, শুক্লপক্ষে দিবা ভূমৌ উত্তরায়ণে চ ধন্যা যোগিনঃ দেহং বিমুঞ্চন্তীত্যেকঃ, গঙ্গায়ামিত্যেকঃ হৃদয়স্থে জনার্দ্দনে ইত্যেকঃ। সর্ব্বসমবধানে যে দেহং বিমুঞ্চন্তি তে ধন্যাঃ ইতি কিমুত বক্তব্যমিতি পর্য্যবসিতার্থঃ। ন চ "দিবা চ শুক্লপক্ষশ্চ উত্তরায়ণমেব চ। মুমূর্ষূণাং প্রশস্তানি বিপরীতন্তু গর্হিতমি"তি রামানুজভাষ্যধৃতবচনেন রাত্র্যাদিমৃতস্য গর্হিতত্বাৎ কথং মোক্ষ এবমিতি বাচ্যং, গঙ্গা-

---

এবং ক্ষেত্রে উভয় স্থানেই মৃত্যু মুক্তিকারণ। গঙ্গাসাগরসঙ্গমে গঙ্গার জলে এবং অন্তরীক্ষেও মৃত্যু হইলে মুক্তি প্রাপ্ত হয়।" ঐ বচনে "অন্তরীক্ষ" এই পদের পর যে "চ"কার আছে [অন্তরীক্ষেও] ঐ "চ"কার দ্বারা স্থলেরও সমুচ্চয় করা হইয়াছে; অর্থাৎ গঙ্গাসাগরের ক্ষেত্রে মৃত্যুকেও মুক্তির কারণ বুঝিতে হইবে। স্মৃতিতে বলা হইয়াছে "ধন্য অর্থাৎ যোগী ব্যক্তিরাই উত্তরায়ণের শুক্লপক্ষে দিবাভাগে শ্রীশ্রীনারায়ণকে হৃদয়ে চিন্তা করত গঙ্গাতীরে দেহ পরিত্যাগ করেন।" আগ্নেয়পুরাণে বলা হইয়াছে "যে ব্যক্তি গঙ্গায় অর্দ্ধোদকে

স যাতি ন পুনর্জ্জন্ম ব্রহ্মসাযুজ্যমেতি চ॥" "অর্দ্ধোদকং" চরণান্নাভিপর্য্যন্তম্। স্কান্দে,—

"গঙ্গায়াং ত্যজতঃ প্রাণান্ কথয়ামি বরাননে।
কর্ণে তৎ পরমং ব্রহ্ম দদামি মামকং পদম্॥"

প্রাগুক্তকূর্ম্মপুরাণবচনাৎ গঙ্গাত্বজ্ঞানে মুক্তিঃ, তদজ্ঞানে ব্রহ্মলোকগমনমিতি। ব্রহ্মাণ্ডে,—

"স্নানন্তু ভক্ত্যা গঙ্গায়াং কর্ত্তুকামস্য গচ্ছতঃ।
পদে পদেঽশ্বমেধস্য ফলং মর্ত্ত্যস্য জায়তে॥" ব্রহ্মাণ্ডাগ্নেয়য়োঃ—
"দৃষ্টা তু হরতে পাপং স্পৃষ্টা তু ত্রিদিবং নয়েৎ।

মরণহরিস্মরণাতিরিক্তস্থলপরতয়া তদ্বচনোপপত্তেঃ॥ অর্দ্ধোদকে স্থিতি অত্র ব্রহ্মসাযুজ্যমিতিশ্রবণাৎ গঙ্গাজলমাত্রে মরণে সালোক্যাদিমুক্তিঃ অথবা অর্দ্ধোদকে গঙ্গাত্বজ্ঞানাপেক্ষাপি নাস্তীতি বিশেষঃ। অত্র জ্ঞানপদানুক্তেঃ তুকারঃ কেবলগঙ্গাব্যবচ্ছেদার্থঃ। অনশনেনেতি রোগাদ্যুপলক্ষণং, কূর্ম্মপুরাণাদৌ মরণমাত্রস্যোক্তত্বাৎ, অথবা অনশনেনেতি ন মরণহেতুপরং

অনশন করিয়া (১) মৃত হয়, সে পুনর্ব্বার জন্ম প্রাপ্ত হয় না; অধিক কি, ব্রহ্মের সহিত সাযুজ্য প্রাপ্ত হয়।" বচনে যে "অর্দ্ধোদক" শব্দটী আছে, তাহার অর্থ—চরণ হইতে নাভি পর্য্যন্ত জলে মগ্ন থাকা। স্কন্দপুরাণে এইরূপ একটী বচন আছে "হে বরাননে! গঙ্গায় প্রাণত্যাগকারীর কর্ণে আমি সেই পরম ব্রহ্ম মন্ত্র প্রদান করি এবং তাহাকে আমার পদও প্রদান করি।" পূর্ব্বোক্ত কূর্ম্মপুরাণের বচন হইতে জানা যাইতেছে যে, গঙ্গায় জ্ঞানপূর্ব্বক মৃত্যুতে মুক্তি হইবে, ইহার তাৎপর্য্য "আমি এই গঙ্গায় মরিতেছি" এইরূপ জ্ঞান থাকিলেই মুক্তি হইবে; এইরূপ জ্ঞান না থাকিলে কেবল ব্রহ্মলোক প্রাপ্তিই হইবে। ব্রহ্মাণ্ডপুরাণে বলা হইয়াছে "যে মনুষ্য ভক্তিপূর্ব্বক গঙ্গায় স্নান করিতে ইচ্ছুক হইয়া বাটী হইতে যাত্রা করে, তাহার প্রতিপদক্ষেপেই অশ্বমেধ যজ্ঞের ফললাভ হয়।" ব্রহ্মাণ্ড এবং আগ্নেয় পুরাণে এই বচনটী

---

(১) বচনস্থিত "অনশন" শব্দদ্বারা মৃত্যুর প্রতি বৈধ কারণ মাত্রেরই উপলক্ষণ করা হইয়াছে।

প্রসঙ্গেনাপি যা গঙ্গা মোক্ষদা হ্যবগাহিতা॥" ব্রহ্মাণ্ডে,—
"অনেকজন্মসম্ভূতং পাপং পুংসাং প্রণশ্যতি।
স্নানমাত্রেণ গঙ্গায়াং সদ্যঃ স্যাৎ পুণ্যভাজনম্॥
অন্যস্থানে কৃতং পাপং গঙ্গাতীরে বিনশ্যতি।
গঙ্গাতীরে কৃতং পাপং গঙ্গাস্নানাৎ প্রণশ্যতি॥" ব্রহ্মপুরাণে,—
"শুক্লপ্রতিপদারভ্য দিনানি দশসংখ্যয়া।
পাতালে সন্নিধানন্তু করোতি স্বয়মেব হি॥
শুক্লৈকাদশকাদহ্ন আরভ্য দশমানি চ।
পঞ্চম্যন্তানি সা স্বর্গে ভবেৎ সন্নিহিতা সদা॥
ষষ্ঠ্যাদৌ কৃষ্ণপক্ষে তু ভূমৌ সন্নিহিতা ভবেৎ

কিন্তু কর্ত্তৃবিশেষণং, তচ্চ বৈধগঙ্গামরণে অঙ্গম্। এতদপ্যুপলক্ষণং রোগাদেরিতি। প্রসঙ্গেনাপি যথোক্তযাত্রাং বিনাপি কর্ম্মান্তরোদ্দেশগমনেনাপীতি বা। স্নানমাত্রেণেতি অত্র মাত্রপদশ্রবণাৎ বিধিং বিনা স্নানে পুণ্যং, সবিধিস্নানে মোক্ষ ইতি 'মোক্ষদা হ্যবগাহিতে" ত্যনেন ন বিরোধঃ। তত্র মোক্ষদাত্বং চিত্তশুদ্ধিজনকদ্বারা জ্ঞানোৎপাদেন।

দৃষ্ট হয়;—"এই গঙ্গা দৃষ্ট হইয়া পাপ হরণ করেন এবং ইহার জল স্পর্শকারীকে স্বর্গে লইয়া যান; এবং প্রসঙ্গক্রমে অর্থাৎ যথাবিধি যাত্রাদি না করিয়া, যদি কোন ব্যক্তি গঙ্গায় আসিয়া স্নান করে, এই গঙ্গা তাহাকে মোক্ষ প্রদান করেন।" ব্রহ্মাণ্ডপুরাণে বলা হইয়াছে, "গঙ্গাস্নান মাত্রেই, অর্থাৎ কোন রকম শাস্ত্রবিধি অনুসারে স্নান না করিয়া কেবল মাত্র গঙ্গায় ডুব দিলেই মনুষ্যদিগের অনেক জন্মসঞ্চিত পাপ প্রনষ্ট হয়; এবং সে সদ্য সদ্যই পুণ্যের ভাজন হইয়া থাকে। অপর স্থানে যে সকল পাপ করা হয়, গঙ্গাতীরে বাস করিলে সে সকল পাপ নষ্ট হয়, এবং গঙ্গাতীরে যে সকল পাপ করা হয়, তাহা গঙ্গাস্নানেতেই প্রনষ্ট হয়।" ব্রহ্মপুরাণে বলা হইয়াছে "এই গঙ্গা শুক্লপ্রতিপদাদি হইতে দশদিন পর্য্যন্ত পুণ্য প্রদান করিবার নিমিত্ত স্বয়ং পাতালে অবস্থান করেন; এবং শুক্লা একাদশী হইতে কৃষ্ণপঞ্চমী পর্য্যন্ত দশদিন স্বর্গেতে সর্ব্বদা সন্নিহিতা হয়েন; এবং কৃষ্ণপক্ষীয়া ষষ্ঠী হইতে অমাবস্যা পর্য্যন্ত দশ

যাবৎ পুণ্যমমাবস্যাং দিনানি দশ নিত্যশঃ ॥” গঙ্গেতি শেষঃ। তেনাত্রাধিকং ফলমিত্যর্থঃ। ভবিষ্যে,—

“দ্বাদশ্যাং শ্রবণর্ক্ষে তু অষ্টম্যাং পুষ্যযোগতঃ।
আর্দ্রায়াঞ্চ চতুর্দ্দশ্যাং গঙ্গাস্নানং সুদুর্লভম্ ॥ তথা,—
কৃষ্ণাষ্টম্যাং সহস্রস্তু শতং স্যাৎ সর্ব্বপর্ব্বসু।
অমাবস্যাং শতগুণং সহস্রন্তু দিনক্ষয়ে ॥” “শতগুণং” পর্ব্বত্বেন পূর্ব্বমুক্তং, শতশতগুণযুতমিত্যর্থঃ। অন্যথা পর্ব্বত্বেন শতগুণপ্রাপ্তে “অমাবস্যামি”তি বৈয়র্থ্যং স্যাৎ। তথা,—

অত্র যোগাদেঃ সহকারিত্বং বোধ্যম্ ; গঙ্গাতীরে তদ্বাসেনেত্যর্থঃ। স্নাতস্য স্নাতুঃ, সদা ইতি বিধিনিরপেক্ষত্বং সূচয়তি। অপূর্ব্বত্বং মোক্ষসাধনত্বম্। পুণ্যেতি পুণ্যং দাতুমিত্যর্থঃ।

দিন মনুষ্যদিগকে পুণ্য প্রদান করিবার নিমিত্ত সর্ব্বদা মর্ত্ত্যলোকে বাস করেন।” ইহাতে জানা যাইতেছে যে, অপর সকল তিথি অপেক্ষা এই কয়টী তিথিতে গঙ্গাস্নানাদি দ্বারা অধিক ফল লাভ হয়। ভবিষ্যপুরাণে বলা হইয়াছে “শ্রবণাযুক্ত দ্বাদশীতে পুষ্যা নক্ষত্রযুক্ত অষ্টমীতে এবং আর্দ্রানক্ষত্রযুক্ত চতুর্দ্দশীতে গঙ্গাস্নান অত্যন্ত দুর্লভ অর্থাৎ সকলের ভাগ্যেই ঘটিয়া উঠে না, এবং কৃষ্ণাষ্টমীতে গঙ্গাস্নানে সহস্রগুণ ফললাভ হয়, সমুদয় পর্ব্বদিবসে গঙ্গাস্নানে শতগুণ ফল হয়, অমাবস্যাতে গঙ্গাস্নানে শতগুণ ফল হয় এবং ত্র্যহস্পর্শে গঙ্গাস্নানে সহস্রগুণ ফল হয়।” এই যে অমাবস্যাতে শতগুণ ফল বলা হইয়াছে, ইহার অর্থ—শতশতগুণ ; এইরূপই বুঝিতে হইবে। কারণ, পূর্ব্বেই ত পর্ব্ব দিবসমাত্রে গঙ্গাস্নানে শতগুণ ফলের কথা বলা হইয়াছে, অমাবস্যা একটী পর্ব্বদিবসের মধ্যে গণ্য হওয়ায় ঐ উক্তি দ্বারাই উহাতে শতগুণ ফলের লাভ হইয়াছিল ; সুতরাং আবার অমাবস্যাতে শতগুণ ফলের বিধান করা ব্যর্থ হইয়া পড়ে। এবঞ্চ, “যে ব্যক্তি কার্ত্তিক মাসের নবমীতে গঙ্গাস্নান করে, তাহার সম্বৎসর গঙ্গাস্নানের ফল লাভ হয়। যে ব্যক্তি মন্বন্তরাদি এবং যোগাদিতে গঙ্গাস্নান করে, তাহার অবিচ্ছিন্ন তিনমাসের গঙ্গাস্নানের ফললাভ হয় ; এবং যে মনুষ্য এক মাস ধরিয়া নিরন্তর গঙ্গাস্নান করে,

“সংবৎসরফলং তস্য নবম্যাং কার্ত্তিকে তথা।
মন্বাদৌ চ যুগাদৌ চ মাসত্রয়ফলং লভেৎ ॥
নৈরন্তর্য্যেণ গঙ্গায়াং মাসং যঃ স্নাতি মানবঃ।
স শক্রলোকেষু চিরং কালং স্থিত্বা সগোত্রজৈঃ।
ততো ব্রহ্মপুরে তিষ্ঠেৎ কল্পকোটিশতাযুতম্ ॥” তথা,—
ষণ্মাসং স্নাতি গঙ্গায়াং নৈরন্তর্য্যেণ যো নরঃ।
সর্ব্বপাপবিনির্ম্মুক্তঃ সমস্তকুলসংযুতঃ ॥
সমস্তভোগসংযুক্তো বিষ্ণুলোকে মহীয়তে।
পরার্দ্ধদ্বিতয়ং যাবদ্ নাত্র কার্য্যা বিচারণা ॥
ষণ্মাসমেকতস্তপরং সকৃদেবোত্তরায়ণে।
এতদেব ভবেৎ পুণ্যং বিষুবে চ তথৈব চ ॥’ ব্রহ্মাণ্ডে,—
“সংক্রান্তিষু ব্যতীপাতে গ্রহণে চন্দ্রসূর্য্যয়োঃ।
পুষ্যে স্নাত্বা তু গঙ্গায়াং কুলকোটীঃ সমুদ্ধরেৎ ॥” ব্যতীপাতমাহ বৃহন্মনুঃ,—

মন্বাদৌ মন্বন্তরাদৌ। শক্রলোক ইত্যাদিকং সকামপরং, তেষাং ক্রমমুক্তের্ব্বক্তত্বাৎ। কল্পকোটিশতাযুতমিতি ব্রহ্মস্থিতিপর্য্যন্তমিত্যর্থঃ। ব্রহ্মলোকগতানাং ব্রহ্মণা সহ মুক্তে-

সে আপনার গোত্রজদিগের সহিত বহুকাল ইন্দ্রলোকে বাস করিয়া কোটিশত অযুত কল্প ব্রহ্মপুরে অবস্থান করে।” এবঞ্চ “যে মনুষ্য ছয়মাস ধরিয়া নিরন্তর গঙ্গাস্নান করে, সে সমুদয় পাপ হইতে মুক্ত হইয়া সমস্ত কুল এবং সমুদয় ভোগের সহিত দুই পরার্দ্ধ কাল পর্য্যন্ত বিষ্ণুলোকে বাস করে, এ বিষয়ে কোন তর্ক করা যুক্তিযুক্ত নয়। ছয়মাস ধরিয়া ক্রমান্বয়ে স্নান করিলে যে পুণ্য লাভ হয়, উত্তরায়ণের মধ্যে একবারমাত্র স্নান করিলেই সেই পুণ্য লাভ হয় এবং বিষুবেতে স্নান করিলেও সেই পুণ্য লাভ হয়।” ব্রহ্মাণ্ডপুরাণে বলা হইয়াছে “যে ব্যক্তি সংক্রান্তিদিবসে, ব্যতীপাতে, চন্দ্রসূর্য্যের গ্রহণে এবং পুষ্যানক্ষত্রে গঙ্গাস্নান করে, সে কোটী কুলকে উদ্ধার করে।” বৃহন্মনু নামক গ্রন্থে

"শ্রবণাশ্বিধনিষ্ঠার্দ্রা নাগদৈবতমস্তকে ।
যদ্যমা রবিবারেণ ব্যতীপাতঃ স উচ্যতে ॥" "নাগদৈবত"মশ্লেষা ।
"মস্তকং" মৃগশিরঃ । গঙ্গামৃতগ্রন্থে ভবিষ্যপুরাণম্,—
চতুর্দ্দশ্যাং যদা যোগো ব্যতীপাতেন চার্দ্রয়া ।
তদা পুণ্যতমঃ কালো দেবানামপি দুর্লভঃ ॥
তদা যঃ স্নাতি গঙ্গায়াং ভক্ত্যা তৎফলমাপ্নুয়াৎ ।
যত্র তত্র বিপন্নো হি গঙ্গামরণজন্তু সঃ ॥
"ব্যতীপাতেন চন্দ্রমা" ইতি গঙ্গাবাক্যাবল্যুক্তপাঠোঽনন্বিতত্বাদ্ধেয়ঃ ॥ ১৮ ॥

রক্তত্বাৎ। নৈরন্তর্য্যেণ প্রতিদিনং, পরার্দ্ধদ্বিতয়মিতি তদনন্তরং মুক্তিরিতি বোধ্যম্। "যদ্গত্বা ন নিবর্ত্তন্তে তদ্ধাম পরমং মম।" ইতি ভগবদ্বচনাৎ। ব্যতীপাতেনেতি সপ্তবিংশতিযোগান্তর্গতব্যতীপাতযোগেনেত্যর্থঃ। তৎফলমাহ যত্র তত্রেতি। অনন্বিতত্বাদিতি নক্ষত্র এব চন্দ্রস্থিতিরিতি ভাবঃ। এবং যোগ ইত্যস্যাপ্যন্বয়াপত্তেরিতি। অত্র কেচিৎ যোগ ইত্যস্য যুক্ত ইত্যর্থঃ। চন্দ্রমঃপদং চন্দ্রদেবতাত্বেন মৃগশিরানক্ষত্রপরমিতি ন কশ্চিৎ দোষ ইতি প্রাহুঃ ॥ ১৮ ॥

ব্যতীপাতের এইরূপ লক্ষণ করা হইয়াছে—"যদি রবিবারে অমাবস্যা শ্রবণা, অশ্বিনী, ধনিষ্ঠা, আর্দ্রা, অশ্লেষা এবং মৃগশিরা নক্ষত্রের সহিত যুক্ত হয়, সেই যোগের নামই ব্যতীপাতযোগ।" গঙ্গামৃত নামক গ্রন্থে ভবিষ্য পুরাণ হইতে এইরূপ একটী বচন উদ্ধৃত হইয়াছে, "যেদিন চতুর্দ্দশীতে ব্যতীপাত এবং আর্দ্রা নক্ষত্রের যোগ হয়, উহাই দেবতাদিগেরও দুর্লভ অতি পুণ্যতম কাল বলিয়া গণ্য হয়। ঐ সময় যে ব্যক্তি ভক্তিপূর্ব্বক গঙ্গাস্নান করে সে যে কোন স্থানে মৃত্যু প্রাপ্ত হউক না কেন, মরিবামাত্র গঙ্গামরণজন্য ফল প্রাপ্ত হয়।" এই ব্যতীপাত শব্দের অর্থ—জ্যোতিষ শাস্ত্রোক্ত সপ্তবিংশতি যোগের অন্যতম, বৃহস্পতির পারিভাষিক ব্যতীপাত নহে। উক্ত বচনস্থিত—"ব্যতীপাতেন চার্দ্রয়া" ইহার স্থলে "ব্যতীপাতেন চন্দ্রমা" এইরূপ পাঠ গঙ্গাবাক্যাবলীতে উক্ত হইয়াছে, কিন্তু ঐ পাঠটীতে পূর্ব্বাপরসম্বন্ধ না থাকায় উহাকে হেয় বলিতে হইবে। ১৮

তথা,—
"আত্মনো জন্মনক্ষত্রে জাহ্নবীগাঙ্গতে দিনে ।
নরঃ স্নাত্বা তু গঙ্গায়াং কুলকোটীঃ সমুদ্ধরেৎ ॥" নক্ষত্রবেধে মার্কণ্ডেয়পুরাণং,—
"তন্নক্ষত্রমহোরাত্রং যস্মিন্নস্তং গতো রবিঃ ।
যস্মিন্নুদেতি সবিতা তন্নক্ষত্রং দিনং স্মৃতম্ ॥" পূর্ব্বার্দ্ধমুপবাস-নক্তৈকভক্তেষু ।
"তত্রৈবোপবসেদৃক্ষে যন্নিশীথাদধো ভবেৎ ।
উপবাসে যদৃক্ষং স্যাত্তদ্ধি নক্তৈকভক্তয়োঃ ॥" ইতি স্কন্দপুরাণাৎ ।

জাহ্নবী গাং গত ইতি গাং পৃথিবীমিত্যলুক্ সমাসঃ, গত ইত্যধিকরণদিনে, তেন

এবঞ্চ, "আপনার জন্মনক্ষত্রে, গঙ্গার পৃথিবীতে আগমনের দিনে, মনুষ্য গঙ্গাস্নান করিয়া কোটী কুলকে উদ্ধার করে।" যৎকালে নক্ষত্র পূর্ব্বাপর দুই দিনব্যাপী হইবে, তখন নক্ষত্রবিহিত কার্য্য কোন্ দিন করিবে, এইরূপ সংশয়ে মার্কণ্ডেয়পুরাণের এইরূপ একটী বচন দৃষ্ট হয়;—"যে নক্ষত্রখণ্ডে অবস্থিত হইয়া সূর্য্য অস্ত গমন করেন, সেই নক্ষত্রখণ্ডকে সেই দিন অহোরাত্রব্যাপী বলিয়া বুঝিতে হইবে, এবং যে নক্ষত্রখণ্ডে সূর্য্য উদিত হন, সেই নক্ষত্রখণ্ডকে কেবল দিনমাত্রব্যাপী বলিয়া বুঝিতে হইবে।" এই বচনের পূর্ব্বার্দ্ধটী উপবাস, নক্তব্রত এবং একভক্ত ব্রতেতেই গ্রাহ্য, অর্থাৎ যে সকল কার্য্য অহোরাত্রসাধ্য সেই সকল কার্য্য যে দিবসে নক্ষত্রের ঐরূপ খণ্ড প্রাপ্ত হইবে, সেই দিবসেই করিবে। এ বিষয়ে প্রমাণস্বরূপ স্কন্দপুরাণের একটী বচন যথা—"যে নক্ষত্রখণ্ড নিশীথ কালের পূর্ব্বকাল অবধি স্থায়ী হইবে, সেই নক্ষত্রখণ্ডেই নক্ষত্রবিহিত উপবাস করিবে। এবং উপবাসের উপযোগী নক্ষত্রখণ্ডই নক্ত ও একভক্ত ব্রতে গ্রাহ্য।" কেবল স্কন্দপুরাণে নয়, এ বিষয়ে প্রমাণস্বরূপ বিষ্ণুধর্ম্মোত্তরেরও একটী বচন দৃষ্ট হয়, যথা—হে রাম! যে নক্ষত্রখণ্ডে সূর্য্য অস্ত গমন করেন, অথবা নিশীথকালে যাহাতে চন্দ্রের যোগ হয়, এইরূপ নক্ষত্রখণ্ডযুক্ত দিবসেই

"উপোষিতব্যং নক্ষত্রং যেনাস্তং যাতি ভাস্করঃ ।
যত্র বা যুজ্যতে রাম নিশীথে শশিনা সহ ॥" ইতি বিষ্ণুধর্ম্মোত্তরাচ্চ । "যস্মিন্নুদেতীতি তু পরিশেষাৎ স্নানাদাবিতি । গঙ্গামর্ত্ত্যাবতরণদিনমাহ আদিত্যপুরাণম্,—

"বৈশাখে শুক্লপক্ষে তু তৃতীয়ায়াং জনার্দ্দনঃ ।
যবানুৎপাদয়ামাস যুগঞ্চারব্ধবান্ কৃতম্ ॥
ব্রহ্মলোকাৎ ত্রিপথগাং পৃথিব্যামবতারয়ৎ ।
তস্যাং কার্য্যো যবৈর্হোমো যবৈর্ব্বিষ্ণুং সমর্চ্চয়েৎ ॥
যবান্ দদ্যাদ্ দ্বিজাতিভ্যঃ প্রযতঃ প্রাশয়েদ্ যবান্ ॥
পূজয়েচ্ছঙ্করং গঙ্গাং কৈলাসঞ্চ হিমালয়ম্ ।
ভগীরথঞ্চ নৃপতিং সাগরাণাং সুখাবহম্ ॥" "সাগরাণাং" সগরবংশপ্রভবাণাম্ ।

"স্নানং দানং তপঃ শ্রাদ্ধং জপহোমাদিকঞ্চ যৎ ।

গঙ্গায়াঃ পৃথিব্যাগমাধিকরণদিনে অক্ষয়তৃতীয়ায়ামিতি পর্য্যবসিতম্ । কর্ম্মফলমাত্রস্য

নক্ষত্রবিহিত উপবাস করিবে।" যদি এইরূপ হইল যে, পূর্ব্বোক্ত মার্কণ্ডেয়পুরাণের বচনের পূর্ব্বার্দ্ধটী অহোরাত্রসাধ্য উপবাসাদিবিষয়কই হইল; তাহা হইলে উহার পরার্দ্ধটীকে কাজে কাজেই, তদবশিষ্ট নক্ষত্রবিহিত স্নানাদিবিষয়ক বলিতে হইবে।

গঙ্গার মর্ত্ত্যাবতরণ ।

প্রসঙ্গক্রমে এস্থলে গঙ্গার মর্ত্ত্যাবতরণের কথা বলা হইতেছে। এ বিষয়ে আদিপুরাণে এইরূপ বর্ণিত হইয়াছে—"ভগবান্ নারায়ণ বৈশাখ মাসের শুক্লপক্ষীয় তৃতীয়া তিথিতে যবের সৃষ্টি করিয়াছিলেন, সত্যযুগের আরম্ভ করিয়াছিলেন এবং ব্রহ্মলোক হইতে গঙ্গাকে পৃথিবীতে অবতারিত করিয়াছিলেন। ঐ তৃতীয়া তিথিতে যবের দ্বারা হোম করিবে, যবের দ্বারা বিষ্ণুপূজা করিবে, ব্রাহ্মণদিগকে যবদান করিবে এবং প্রযত হইয়া যব ভোজন করিবে। শঙ্কর, গঙ্গা, কৈলাস, হিমালয় এবং সাগরদিগের সুখোৎপাদনকারী ভগীরথ

শ্রদ্ধয়া ক্রিয়তে তত্র তদানন্ত্যায় কল্প্যতে ॥" ব্রাহ্মে,—

"বৈশাখে শুক্লসপ্তম্যাং জাহ্নবী জহ্নুনা পুরা ।
ক্রোধাৎ পীতা পুনস্ত্যক্তা কর্ণরন্ধ্রাৎ সুদারুণাৎ ॥
তাং তত্র পূজয়েদ্দেবীং গঙ্গাং গগনমেখলাম্ ॥" শঙ্খঃ,—
"বৈশাখে শুক্লপক্ষে তু তৃতীয়ায়াং তথৈব চ ।
গঙ্গাতোয়ে নরঃ স্নাত্বা মুচ্যতে সর্ব্বকিল্বিষৈঃ ॥" নন্দাস্নানফলমাহ ভবিষ্যে,—

"সপ্তজন্মসু যদ্ভুক্তং পতিতান্নঞ্চ তৈঃ সহ ।
সংসর্গশ্চ কৃতঃ পঞ্চ পাতকানি মহান্তি চ ॥
তথানির্ব্বচনীয়ানি পাপানি ক্ষয়তামিয়ুঃ ।

ক্ষয়িত্বাদাহ কল্পভোগায়েতি। অথ নন্দাস্নানমিতি। তৈঃ পতিতৈঃ পতিতান্নভোজনপতিতসংসর্গাভ্যাং তজ্জনিতপাপানি লক্ষ্যন্তে। অনির্ব্বচনীয়ানি অতিপাতকস্মে

নৃপতিকে পূজা করিবে।" বচনে যে "সাগর" পদটী আছে উহার অর্থ—সগরবংশে উৎপন্ন ব্যক্তিসকল। ঐ তিথিতে স্নান, দান, তপস্যাচরণ, শ্রাদ্ধ, জপ, হোম ইহাদের মধ্যে যে কোন কার্য্য শ্রদ্ধাপূর্ব্বক করা হয়, তাহা অনন্ত ফলের কারণ হয়।" ব্রহ্মপুরাণে বলা হইয়াছে, 'পূর্ব্বকালে বৈশাখ মাসের শুক্লপক্ষীয় সপ্তমী তিথিতে, জহ্নুমুনি ক্রোধ করিয়া গঙ্গাকে পান করিয়াছিলেন এবং পুনর্ব্বার নিজের কুটিল কর্ণরন্ধ্র হইতে নিষ্কাসিত করিয়াছিলেন, এই জন্য সেই সপ্তমীর দিন গগনাবলম্বিনী দেবী গঙ্গাকে পূজা করিবে।" শঙ্খ বলিয়াছেন "বৈশাখের শুক্লপক্ষীয় তৃতীয়াতে যে ব্যক্তি গঙ্গাজলে স্নান করে, সে সকল পাপ হইতে বিমুক্ত হয়।"

নন্দাস্নান ।

প্রসঙ্গক্রমে নন্দাস্নানের কথা বলা হইতেছে। এ সম্বন্ধে ভবিষ্যপুরাণে এইরূপ বলা হইয়াছে, যথা—"যদি কোন মনুষ্য সাত জন্ম ধরিয়া পতিতদিগের সহিত একত্রে পতিতান্ন ভোজন করিয়া থাকে, পতিতদিগের সহিত সংসর্গ করিয়া থাকে, আরও অনির্ব্বচনীয় পাপ সকল করিয়া থাকে, নন্দাস্নানে তাহার

রজস্বলায়াঃ স্পৃষ্টান্নভোজনেনাপি যদ্ভবেৎ ॥
সততাসত্যভাষেণ স্বর্ণস্য হরণেন চ ।
মণেশ্চাপি চ রত্নস্য সামান্যসকলস্য চ ॥
বস্তুনশ্চাপি হরণে বধে সখ্যুর্দ্বিজাতয়ঃ ॥
মিত্রহিংসা-বিপ্রহিংসা-মাতৃহিংসাদিভিশ্চ যৎ ।
জনিতানি মহান্তীহ রৌরবাদীনি যানি চ ॥
তেষ্বনবরতং বিপ্রাস্তাড়নঞ্চ নিবারয়েৎ ।
যমস্য কিঙ্করাণাং বৈ পাপমাজন্ম যৎ কৃতম্ ॥
বাল্যযৌবনবার্দ্ধক্যদশাপাপক্ষয়ো ভবেৎ ।
ব্রহ্মপুরে বসেৎ দৃষ্ট্বা হংসঞ্চ পরমন্ততঃ ॥
ধেনূনাং কপিলানাঞ্চ লক্ষং দত্ত্বা দ্বিজন্মনে ।
চতুর্ব্বেদাধীতকায় যৎ ফলং লভতে নরঃ ॥
শ্রীমন্নারায়ণস্যেহ বসতে দক্ষিণে ভুজে ।

নির্দ্দেষ্টুমশক্যানি। দ্বিজাতয় ইতি বিপ্রা ইতি চ সম্বোধনম্। যমকিঙ্করতাড়ননিবারণং অনুকূলপাপনাশদ্বারেতি। দৃষ্ট্বা হংসমিত্যত্র ক্ত্বাপ্রত্যয়েন মুখং ব্যাদায় স্বপিতীত্যাদিবৎ সমানকালীনত্বং বোধ্যতে, পরমহংসানাং তত্র বাসাৎ; সঙ্কল্পবাক্যে পরমহংস-

---

ঐ সমুদয় পাপ ক্ষয় প্রাপ্ত হয়। রজঃস্বলা কর্ত্তৃক স্পৃষ্ট অন্নভোজনের দ্বারা যে নরক উৎপন্ন হয়, সর্ব্বদা মিথ্যা বাক্য সম্ভাষণে, সুবর্ণ হরণে, মণি, রত্ন ও সাধারণ সমুদয় বস্তুর অপহরণে, বন্ধুবধে, মিত্রহিংসায়, ব্রহ্মহত্যায়, মাতৃহত্যা প্রভৃতি কর্ম্ম দ্বারা যে সকল অতিঘোর রৌরবাদি নরকের উৎপত্তি হয় এবং তাহাতে অনবরত যমকিঙ্করদিগের যে তাড়না হইতে থাকে, হে বিপ্রগণ! নন্দাস্নান তাহাও নিবারণ করে। আজন্ম ধরিয়া যে পাপ করা হয়, বাল্য, যৌবন, বার্দ্ধক্যদশায়ও যে সকল পাপ করা হয়, নন্দাস্নানকারী ব্যক্তির সে সমুদয় পাপও ক্ষয় প্রাপ্ত হয়। সে ব্যক্তি মরণানন্তর পরমব্রহ্মের সাক্ষাৎ করিয়া ব্রহ্মপুরে বাস করিতে থাকে। চতুর্ব্বেদ অধ্যয়নকারী ব্রাহ্মণকে একলক্ষ সংখ্যা কপিলা দান করিলে যে পুণ্য হয়, নন্দাস্নানকারী মনুষ্য সেইরূপ পুণ্য

মর্ত্ত্যলোকে ততো জন্ম ততো গুণাশ্রয়ো ভবেৎ ॥
ভুঙ্ক্তে সর্ব্বসুখং ভোগং যশশ্চাপ্নোতি মানবঃ ।
নন্দাস্নানেন গঙ্গায়াং নাত্র কার্য্যা বিচারণা ॥

